তদবধি সাতদিন পর্য্যন্ত বাহুযোদ্ধা, বিচিত্রযোদ্ধা, নট ও বৈতালিকগণ মহাত্মা যুধিষ্ঠিরের সেবা করিল ॥৭॥

যুধিষ্ঠির সেইভাবে দেবতাপূজা ও ব্রাহ্মণসৎকার করিয়া ভ্রাতাদের সহিত মিলিত হইয়া, ইন্দ্র যেমন স্বর্গে আনন্দ অনুভব করেন, সেইরূপ সেই মনোহর সভায় আনন্দ অনুভব করিতেন ॥৮॥

---

(৭) ..ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্।

(৯) শ্লোকাৎ পরমিমে শ্লোকাঃ পুস্তকবিশেষে অধিকা দৃশ্যন্তে—

অসিতো দেবলঃ সত্যঃ সর্পমালী মহাশিরাঃ। অর্ব্বাবসুঃ সুমিত্রশ্চ মৈত্রেয়ঃ শুনকো বলিঃ ॥১॥

কথযন্তঃ কথাঃ পুণ্যা ধর্ম্মজ্ঞাঃ শুচযোঽমলাঃ।
তথৈব ক্ষত্রিযশ্রেষ্ঠা ধর্ম্মরাজমুপাসতে ॥১০॥

ভারতকৌমুদী

কথযন্ত ইতি। শুচযঃ পবিত্রাঃ, অমলা নিষ্পাপাঃ। উপাসতে সেবন্তে স্ম ॥১০॥

ভারতভাবদীপঃ

ভুক্তেঃ ॥৪—৫॥ দৈবতানি দ্বারাদিষু স্থানেষু পিতামহাদীনি। "দ্বারে পিতামহং বিন্দ্যা"-

---

নানাদেশ হইতে আগত ঋষিগণ ও রাজগণ পাণ্ডবগণের সহিত সেই সভায় অবস্থান করিতেন ॥৯॥

ধর্ম্মজ্ঞ, পবিত্র ও নিষ্পাপ প্রধান প্রধান ক্ষত্রিয় পুণ্য উপাখ্যান বলিতে থাকিয়া যুধিষ্ঠিরের উপাসনা করিতেন ॥১০॥

বকো দাল্ভ্যঃ স্থূলশিরাঃ কৃষ্ণদ্বৈপাযনঃ শুকঃ। সুমন্তুর্জৈমিনিঃ পৈলো ব্যাসশিষ্যাস্তথা বযম্ ॥২॥
তিত্তিরির্যাজ্ঞবল্ক্যশ্চ সসুতো লোমহর্ষণঃ। অপ্সুহোম্যশ্চ ধৌম্যশ্চ অণীমাণ্ডব্যকৌশিকৌ ॥৩॥
দামোষ্ণীষস্ত্রৈবলিশ্চ পর্ণাদো ঘবজানুকঃ। মৌঞ্জাযনো বাযুভক্ষঃ পারাশর্য্যশ্চ সারিকঃ ॥৪॥
বলীবাকঃ সিনীবাকঃ সত্যপালঃ কৃতশ্রমঃ। জাতূকর্ণঃ শিখাবাংশ্চ আলম্বঃ পারিজাতকঃ ॥৫॥
পর্ব্বতশ্চ মহাভাগো মার্কণ্ডেযো মহামুনিঃ। পবিত্রপাণিঃ সাবর্ণো ভালুকির্গালবস্তথা ॥৬॥
জঙ্ঘাবন্ধুশ্চ রৈভ্যশ্চ কোপবেগস্তথা ভৃগুঃ। হরিবভ্রুশ্চ কৌণ্ডিন্যো বভ্রুমালী সনাতনঃ ॥৭॥
কাক্ষীবানৌশিজশ্চৈব নাচিকেতোঽথ গৌতমঃ। পৈঙ্গো বরাহঃ শুনকঃ শাণ্ডিল্যশ্চ মহাতপাঃ ॥
কুক্কুরো বেণুজঙ্ঘোঽথ কালাপঃ কঠ এব চ। মুনযো ধর্ম্মবিদ্বাংসো ধৃতাত্মানো জিতেন্দ্রিযাঃ ॥৯॥
এতে চান্যে চ বহবো বেদবেদান্তপারগাঃ। উপাসতে মহাত্মানং সভাযামৃষিসত্তমাঃ ॥১০॥

(১০) শ্লোকাৎ পরশ্লোকে শ্লোকান্তরাণ্যধিকাঃ পরিলক্ষ্যন্তে—

শ্রীমান্ মহাত্মা ধর্ম্মাত্মা মুঞ্জকেতুর্বিবর্দ্ধনঃ। সংগ্রামজিদ্দুর্ম্মুখশ্চ উগ্রসেনশ্চ বীর্য্যবান্ ॥১॥
কক্ষসেনঃ ক্ষিতিপতিঃ ক্ষেমকশ্চাপরাজিতঃ। কাম্বোজরাজঃ কমঠঃ কম্পনশ্চ মহাবলঃ ॥২॥
সততং কম্পযামাস যবনানেক এব যঃ। বলপৌরুষসম্পন্নান্ কৃতাস্ত্রানমিতৌজসঃ। যথা-সুরান্ কালকেযান্ দেবো বজ্রধরস্তথা ॥৩॥ জটাসুরো মদ্রকাণাঞ্চ রাজা কুন্তিঃ পুলিন্দশ্চ কিরাতরাজঃ। তথাঙ্গবঙ্গৌ সহ পুণ্ড্রকেণ পাণ্ড্যোড্ররাজৌ চ সহান্ধ্রকেণ ॥৪॥
অঙ্গো বঙ্গঃ সুমিত্রশ্চ শৈব্যশ্চামিত্রকর্ষণঃ। কিরাতরাজঃ সুমনা যবনাধিপতিস্তথা ॥৫॥
চাণূরো দেবরাতশ্চ ভোজো ভীমরথশ্চ যঃ। শ্রুতাযুধশ্চ কালিঙ্গো জযসেনশ্চ মাগধঃ ॥৬॥
সুকর্ম্মা চেকিতানশ্চ পুরুশ্চামিত্রকর্ষণঃ। কেতুমান্ বসুদানশ্চ বৈদেহোঽথ কৃতক্ষণঃ ॥৭॥
সুধর্ম্মা চানিরুদ্ধশ্চ শ্রুতাযুশ্চ মহাবলঃ। অনূপরাজো দুর্দ্ধর্ষঃ ক্রমজিচ্চ সুদর্শনঃ ॥৮॥
শিশুপালঃ সহসুতঃ করূষাধিপতিস্তথা। বৃষ্ণীনাশ্চৈব দুর্দ্ধর্ষাঃ কুমারা দেবরূপিণঃ ॥৯॥
আহুকো বিপৃথুশ্চৈব গদঃ সারণ এব চ। অক্রূরঃ কৃতবর্ম্মা চ সত্যকশ্চ শিনেঃ সুতঃ ॥১০॥
ভীষ্মকোঽথাকৃতিশ্চৈব দ্যুমৎসেনশ্চ বীর্য্যবান্। কৈকেযাশ্চ মহেষ্বাসা যজ্ঞসেনশ্চ সৌমকিঃ ॥১১॥
এতে চান্যে চ বহবঃ ক্ষত্রিযা মুখ্যসম্মতাঃ। উপাসতে সভাযাং স্ম কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥১২॥

অর্জ্জুনং যে চ সংশ্রিত্য রাজপুত্রা মহাবলাঃ।
অশিক্ষন্ত ধনুর্ব্বেদং রৌরবাজিনবাসসঃ ॥১১॥
তত্রৈব শিক্ষিতা রাজন্! কুমারা বৃষ্ণিনন্দনাঃ।
রৌক্মিণেয়শ্চ শাম্বশ্চ যুযুধানশ্চ সাত্যকিঃ ॥১২॥
সুধর্ম্মা চানিরুদ্ধশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ।
এতে চান্যে চ বহবো রাজানঃ পৃথিবীপতে! ॥১৩॥ (যুগ্মকম্)
ধনঞ্জয়সখা চাত্র নিত্যমাস্তে স্ম তুম্বুরুঃ।
চিত্রসেনঃ সহামাত্যো গন্ধর্ব্বাপ্সরসস্তথা ॥১৪॥
গীতবাদিত্রকুশলাঃ সম্যকৃতালবিশারদাঃ।
প্রমাণেঽথ লয়স্থানে কিন্নরাঃ কৃতনিশ্চয়াঃ ॥১৫॥
সঞ্চোদিতাস্তুম্বুরুণা গন্ধর্ব্বসহিতাস্তদা।
গায়ন্তি দিব্যতানৈস্তে যথান্যায়ং মনস্বিনঃ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অর্জ্জুনমিতি। রৌরবাজিনবাসসো মৃগচর্ম্মবসনাঃ। তে চ ধর্ম্মরাজমুপাসতে স্মেতি সম্বন্ধঃ ॥১১॥

তত্রেতি। এতে চ বৃষ্ণিনন্দনাঃ কুমারাঃ, অন্যে চ বহবো রাজানো রাজকুমারাঃ, তত্রৈব অর্জ্জুনসমীপ এব শিক্ষিতাঃ। অতস্তেঽপি ধর্ম্মরাজমুপাসতে স্মেতি ভাবঃ ॥১২—১৩॥

ধনেতি। ধনঞ্জয়ঃ সখা যস্য সঃ। অত্র সভায়াম্। তথা আসতে স্ম ॥১৪॥

গীতেতি। তালঃ কালক্রিয়ামানম্। প্রমাণং স্বরস্য দীর্ঘতা হ্রস্বতা চ। লয়ো গীতবাদ্যাদীনাং সাম্যম্। তুম্বুরুণা সঞ্চোদিতা গাতুং প্রণোদিতাঃ সন্তঃ, তে কিন্নরাঃ ॥১৫—১৬॥

মৃগচর্ম্মপরিধায়ী বলবান্ যে সকল রাজপুত্র অর্জ্জুনের নিকট ধনুর্ব্বেদ শিক্ষা করিতেন, তাঁহারাও যুধিষ্ঠিরের সেবা করিতেন ॥১১॥

মহারাজ! রুক্মিণীর পুত্র, শাম্ব, যুযুধান, সাত্যকি, সুধর্ম্মা, অনিরুদ্ধ ও শৈব্য—এই কয় জন বৃষ্ণিবংশীয় কুমার এবং অন্য বহুতর রাজকুমার অর্জ্জুনের নিকট ধনুর্ব্বেদ শিক্ষা করিতেন, আর [illegible] যুধিষ্ঠিরের সেবা করিতেন ॥১২—১৩॥

অর্জ্জুনের সখা তুম্বুরু, [illegible] সহিত চিত্রসেন গন্ধর্ব্ব [illegible] সর্ব্বদা সেই সভায় থাকিতেন ॥১৪॥

[illegible] এবং [illegible]

[illegible]

পাণ্ডুপুত্রান্নৃষীংশ্চৈব রময়ন্ত উপাসতে।
তস্যাং সভায়ামাসীনাঃ সুব্রতাঃ সত্যসঙ্গরাঃ।
দিবীব দেবং ব্রহ্মাণং যুধিষ্ঠিরমুপাসতে ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি
সভাক্রিয়ায়াং সভাপ্রবেশো নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

পঞ্চমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

অথ তত্রোপবিষ্টেষু পাণ্ডবেষু মহাত্মসু।
মহৎসু চোপবিষ্টেষু গন্ধর্ব্বেষু চ ভারত! ॥১॥
বেদোপনিষদাং বেত্তা ঋষিঃ সুরগণার্চ্চিতঃ।
ইতিহাসপুরাণজ্ঞঃ পুরাকল্পবিশেষবিৎ ॥২॥

ভারতকৌমুদী

পাণ্ডুপুত্রানিতি। চকারাৎ রাজাদীংশ্চ। সত্যসঙ্গরা যথার্থাঙ্গীকারাঃ। ষট্‌পদং পদ্যম্ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সভাপর্ব্বণি সভাক্রিয়ায়াং চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অথেতি। মহৎসু মহাজনেষু ঋষিরাজাদিষু। পুরাকল্পানাম্ অতীতকল্পানাং বিশেষান্

ভারতভাবদীপঃ

দিতি গৃহ্যাৎ ॥৬॥ মল্লা বাহুযোধিনঃ, ঝল্লা লকুটযোধিনঃ ॥৭—১০॥ রৌরবাজিনবাসসো মৃগচর্ম্মপরিধানাঃ ॥১১—১৩॥ (পাঠান্তরে) সপ্তবিংশতিশ্চিত্রসেনাদ্যা গন্ধর্ব্বগণাঃ ॥১৪॥ সাম্যং তালবিশেষঃ, শম্পেত্যপি পাঠঃ। শম্পা দক্ষিণহস্তগৃহীততালবিশেষঃ। "শম্পা দক্ষিণপাতস্তু বামে তাল ইতি স্মৃতঃ" ইত্যুক্তেঃ। প্রমাণে গীতবাদ্যতালানাং ধ্বনিসাম্যে, লয়ে দ্রুতমধ্যবিলম্বিতে। স্থানে উরঃশিরঃকণ্ঠাদৌ ॥১৫—১৭॥

ইতি শ্রীমহাভারতে সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্থোঽধ্যায়ঃ ॥৪॥

—:*:—

অথ তত্রোপবিষ্টেষ্বিতি। অত্র নারদো যুধিষ্ঠিরং প্রশ্নমুখেন রাজধর্ম্মাননুশাস্তি ॥১॥ তত্র "শাস্তঃ স্বরূপং তাবদ্ব্যাচষ্টে অন্যাপি কণিকতুল্যতা মাভূ"দিতি বেদোপনিষদাং বেত্তেতি

নিয়মপরায়ণ ও সত্যপ্রতিজ্ঞ সেই কিন্নরগণ ও গন্ধর্ব্বগণ সেই সভায় অবস্থান করতঃ এইভাবে পাণ্ডবগণ, ঋষিগণ ও রাজগণকে আনন্দিত করিতে থাকিয়া, স্বর্গে ব্রহ্মার ন্যায় উপবিষ্ট যুধিষ্ঠিরের সেবা করিত ॥১৭॥

ন্যায়বিদ্ধর্ম্মতত্ত্বজ্ঞঃ ষড়ঙ্গবিদনুত্তমঃ।
ঐক্যসংযোগনানাত্ব-সমবায়বিশারদঃ ॥৩॥

ভারতকৌমুদী

ব্যাপারভেদান্ বেত্তি যোগবলেন জানাতীতি সঃ। ন্যায়ং পঞ্চাঙ্গমধিকরণং বেত্তীতি সঃ। তদ্‌যথা—"বিষয়ো বিশয়শ্চৈব পূর্ব্বপক্ষস্তথোত্তরম্। নির্ণয়শ্চেতি পঞ্চাঙ্গং শাস্ত্রেঽধিকরণং স্মৃতম্॥" ষট্ অঙ্গানি বেত্তীতি সঃ। তানি যথা—"শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দসাং চিতিঃ। জ্যোতিষামযনঞ্চৈব বেদাঙ্গানি বদন্তি ষট্॥" অতএব অনুত্তমঃ সর্ব্বশ্রেষ্ঠঃ। ঐক্যং জীবব্রহ্মণোরভেদঃ, সংযোগো ভৌতিকে দেহে জীবসম্বন্ধঃ, অতএব নানাত্বং তেষাং জীবানাং বহুত্বম্, সমবাযো জীবানাং জ্ঞানাদ্‌ব্রহ্মণি লয়শ্চ, তেষু তত্ত্বজ্ঞানেষু বিশারদো

ভারতভাবদীপঃ

বেদা ঋগ্‌যজুঃসামাথর্ব্বাণঃ। উপনিষদো রহস্যবিদ্যাশ্চতুর্বিধাঃ। তত্র কর্ম্মাঙ্গাববদ্ধো-পাসনং "উষা বা অশ্বস্য মেধ্যস্য শির" ইত্যাদিশাস্ত্রবিহিতং কর্ম্মাঙ্গেষশ্বাদিষু বিরাড্‌দৃষ্টিকরণম্। প্রতীকোপাসনম্ অন্নং ব্রহ্মেত্যুপাসীত আদিত্যো ব্রহ্মেত্যাদেশ ইত্যাদিমূর্ত্তিষু ব্রহ্মদৃষ্টিকরণম্। অহং গ্রহোপাসনং ত্বং বা অহমস্মি ভগবো দেব। তে অহং বৈ ত্বমসীতি ব্যতিহারেণাত্মনো দেবতায়াশ্চাভেদচিন্তনং জ্ঞানং ব্রহ্মাত্মানুভবঃ। বেদানাং কর্ম্মপ্রতিপাদকানাং তদন্তর্গতানা-মুপনিষদাং চ বেত্তা পাঠতোঽর্থতশ্চ জ্ঞাতা। অতএব ঋষির্গন্তা ফলং প্রতি বেদোক্তকৃৎস্ন-ফলভাগী কৃতানুষ্ঠানত্বাৎ। অতএব সুরগণার্চ্চিতঃ। ইতিহাসপুরাণে প্রসিদ্ধে। পুরাকল্পো বহুকর্ত্তৃকমন্বাখ্যানং "দেবাসুরাঃ সংযত্তা আসন্" ইত্যাদিকং বেদোক্তম্। বিশেষ এককর্ত্তৃক-মন্বাখ্যানং পরিকৃত্যাখ্যম্। হরিশ্চন্দ্রো হ বৈধস ঐক্ষ্বাকো রাজপুত্র আসেত্যাদি তস্য যোগ-বলাৎ প্রত্যক্ষদর্শী ॥২॥ ন্যায়ঃ পঞ্চাঙ্গমধিকরণম্। "যথা বিষয়ো বিশয়শ্চৈব পূর্ব্বপক্ষস্তথো-ত্তরম্। সঙ্গতিশ্চেতি পঞ্চাঙ্গং শাস্ত্রেঽধিকরণং বিদুঃ॥" অত্র যূপস্য স্বরুং করোতীতি বাক্যং বিষয়ঃ। তত্র ষষ্ঠী যূপসম্বন্ধীতি কর্ত্তব্যতালক্ষণার্থা উত যূপাবয়বলক্ষণার্থেতি সন্দেহো বিশয়ঃ। এতাবেব পূর্ব্বোত্তরপক্ষৌ জ্ঞেয়ৌ। কল্পনালাঘবানুগ্রহাত্তুত্তরঃ সিদ্ধান্তঃ। ফলমনুষ্ঠানভেদঃ। পূর্ব্বপক্ষে তক্ষণাষ্টাস্রীকরণাদিনা কাষ্ঠান্তরং যূপসদৃশং নির্ম্মাতব্যম্। সিদ্ধান্তে একদেশস্য পৃথক্করণমাত্রমিতি। ইদমেব পঞ্চকং মোক্ষধর্ম্মেষূক্তম্। "সূক্ষ্মং সাংখ্যক্রমৌ চোভৌ নির্ণয়ঃ সপ্রয়োজনঃ। পঞ্চৈতান্যনুজানীহি বাক্যমিত্যুচ্যতে বুধৈঃ॥" ইতি। সূক্ষ্মং গহনার্থত্বাদ্বিষয়ঃ। সাংখ্যমেবমেবং বেতি বিচারঃ। ক্রমোঽতিক্রমঃ সিদ্ধান্তস্য পূর্ব্বপক্ষ ইত্যর্থঃ। নির্ণয়ঃ

বৈশম্পায়ন বলিলেন—মহাত্মা পাণ্ডবগণ, ঋষিগণ, রাজগণ ও গন্ধর্ব্বগণ সেই সভায় উপবিষ্ট রহিয়াছেন, এমন সময়ে দেবর্ষি নারদ সমস্ত লোকে বিচরণ করিয়া সেই সভায় উপস্থিত হইলেন, তাঁহার সঙ্গে পারিজাত, রৈবত, সুমুখ ও সৌম্য—এই চারিজন ঋষিও ছিলেন। দেবগণপূজিত দেবর্ষি নারদ বেদ, উপনিষদ্, ইতিহাস, পুরাণ, পূর্ব্ব পূর্ব্ব কল্পের সমস্ত ঘটনা, পঞ্চাঙ্গ অধি-করণ, ধর্ম্মতত্ত্ব ও বেদের ছয়টী অঙ্গ জানিতেন এবং তিনি জীব ও ব্রহ্মের

বক্তা প্রগল্‌ভো মেধাবী স্মৃতিমান্ নযবিৎ কবিঃ।
পরাবরবিভাগজ্ঞঃ প্রমাণকৃতনিশ্চয়ঃ ॥৪॥

ভারতকৌমুদী

নিপুণঃ। বক্তা বাক্‌পটুঃ, প্রগল্‌ভো ধৃষ্টঃ, মেধাবী ধারণাবদ্‌বুদ্ধিশালী, স্মৃতিমান্ মন্বাদি-স্মৃতিশাস্ত্রজ্ঞঃ, নযবিৎ নীতিজ্ঞঃ, কবির্বর্ণয়িতা। পরম্ অধ্যাত্মশাস্ত্রমুপনিষদাদি অবরং লৌকিকশাস্ত্রং নীত্যাদি তযোর্বিভাগং বিভজ্য শিষ্যেষু প্রতিপাদনং জানাতীতি সঃ, শিষ্যশক্তি-তারতম্যানুসারেণাধ্যাপক ইত্যর্থঃ। প্রমাণেন প্রত্যক্ষানুমানাদিনা কৃতো নিশ্চয়ঃ পদার্থাব-

ভারতভাবদীপঃ

সিদ্ধান্তঃ। প্রযোজনং ফলমিতি। বাক্যং বাক্যার্থনির্ণযোপাযঃ। এবং পূর্ব্বোত্তরমীমাংসাধি-করণানি ন্যাযান্তদ্বিৎ। ধর্ম্মজ্ঞো মন্বাদিপ্রণীতশাস্ত্রতত্ত্বজ্ঞঃ। ষডঙ্গবিৎ—"শিক্ষা কল্পো ব্যাকরণং ছন্দোবিচিতিনিরুক্তং জ্যোতিষ"মিতি ষড্‌বেদাঙ্গানি। অনুত্তমোঽত্যুৎকৃষ্টঃ। ঐক্যসংযোগনানাত্বসমবাযবিশারদঃ। ঐক্যাদিত্রযং সর্ব্বেষ্বপি শাস্ত্রেষু সমানম্। যথা মীমাং-সাযাং সমিধো যজতীত্যাদিপ্রযাজাভ্ঙ্গবাক্যানাং "দর্শপূর্ণমাসাভ্যাং স্বর্গকামো যজেতে"তি মহা-বাক্যৈনৈকবাক্যত্বমৈক্যম্। সংযোগনানাত্বং সংযোগপৃথক্ত্বম্। যথা দধ্না জুহোতীতি বাক্যান্নিত্যমপি দধি দধ্নেন্দ্রিযকামস্যেতি বাক্যান্তরেণেন্দ্রিযার্থমপি পৃথগ্বিধীযতে, তেন দ্বযমপি যুগপদ্দধ্না সাধ্যত ইতি। সমবাযঃ একস্মিন্ কর্ম্মণ্যনেকেষাং ধর্ম্মাণাং সন্নিপাতঃ। যথা ইষ্টিপশুসোমাত্মকে রাজসূযে ইষ্ট্যাদীনাং দর্শাদিত্রিকত্বযস্যেব সাক্ষাৎপরমাঽপূর্ব্বজনকত্বে উপনিপাতো ন ত্বঙ্গানামিব পরম্পরয়া পরমাপূর্ব্বোপকারকত্বম্। যথা "তমেতং বেদানু-বচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকেনে"তি আত্মবিবিদিষোৎপাদকাপূর্ব্বে বেদানুবচনাদীনামেককার্য্যকারিত্বলক্ষণমৈক্যম্। নন্বেককর্ম্মাঙ্গত্বাভাবে কথমেষামৈক্যমত আহ সংযোগনানাত্বেতি। স্বস্ববাক্যোৎপন্নানাং পৃথক্‌ফলানামপ্যেষাং সংযোগপৃথক্ত্বন্যাযেন বিবিদিষার্থকত্বমপি যুক্তমেবেত্যর্থঃ। নন্বেষাং সমুচ্চিতানামেককার্য্যকারিত্বে সমুচ্চযাসম্ভবো রাজসূযাদীনাং ব্রাহ্মণাদ্যনুপযোগিত্বাৎ প্রত্যেকং চেদিতরবৈযর্থ্যমিত্যাশঙ্ক্যাহ সমবায-বিশারদ ইতি। সমবাযো যথাধিকারং কর্ম্মসম্বন্ধঃ। অযমর্থঃ—ব্রাহ্মণাদীনাং রাজসূযাদিষ্বনধি-কারান্ন তৎপ্রাপ্তিঃ। বিবিদিষাযাঃ পাপনিবৃত্তিফলকৈর্নিত্যৈরেবোৎপত্তের্ন তদর্থং ফলতো নিষিদ্ধানাং শ্যেনাদীনাং প্রাপ্তিঃ। অতএব হেতুত্বযাৎ পুত্রেষ্ট্যাদিকং কাম্যমপি ন নিবা-র্য্যতে। নিত্যানামপি ন সর্ব্বেষাং সমুচ্চযঃ বিবিদিষাখ্যাদৃষ্টফলকত্বাৎ। তস্মান্ন সর্ব্বকর্ম্মসমুচ্চযো নাপীতরবৈযর্থ্যমিতি। এবংরূপ এব সমুচ্চযোঽত্র সমবাযশব্দার্থঃ। অস্মিংস্ত্রযে বিশারদো বিবেকসমর্থঃ। যদ্বা ঐক্যং সাধর্ম্ম্যাৎ পৃথিব্যাদীনাং দ্রব্যত্বেন রূপেণ। সংযোগনানাত্ব-মসাধারণধর্ম্মসম্বন্ধস্তেন পৃথিবীত্বজলত্বাদিরূপেণ ভেদোঽপি সমবাযঃ, শরীরে পঞ্চানামপি ভূতানাং মেলকঃ। এতেষাং তত্ত্বং সাধর্ম্ম্যং বৈধর্ম্ম্যং সঙ্করং চ জ্ঞাতুং কুশল ইত্যর্থঃ॥৩॥ ন কেবলং জ্ঞাতুমেব কুশলোঽপি কিং তু বক্তুমিত্যাহ—বক্তেতি। বক্তাপি সমানাধিকরণ এবে-ত্যাহ—প্রগল্‌ভ ইতি। অসম্বদ্ধপ্রলাপী নেত্যর্থঃ। যতো মেধাবী উহাপোহকুশলঃ। তাদৃশো-

ঐক্য, ভৌতিক দেহে জীবের সম্বন্ধ, জীবের নানাত্ব ও জীবের ব্রহ্মে লয এই

পঞ্চাবয়বযুক্তস্য বাক্যস্য গুণদোষবিৎ।
উত্তরোত্তরবক্তা চ বদতোঽপি বৃহস্পতেঃ ॥৫॥

ভারতকৌমুদী

ধাবণং যেন সঃ, শাস্ত্রবিচাবাভ্যাং কৃতব্রহ্মাবধাবণ ইত্যর্থঃ। প্রতিজ্ঞা, হেতুঃ, উদাহবণম্, উপনয়ঃ, নিগমনঞ্চেতি পঞ্চ অবযবাস্তদ্‌যুক্তবাক্যস্য পর্ব্বতো বহ্নিমান্ ধূমাদিত্যাদেঃ, গুণঃ সপক্ষসত্ত্ববিপক্ষব্যাবৃত্তত্বাদিঃ, দোষো ধূমবান্ বহ্নিবিত্যাদৌ বিপক্ষসত্ত্বাদিঃ, তৌ বেত্তীতি সঃ। বদতো বাদং কুর্ব্বতো বৃহস্পতেবপি, উত্তবোত্তববক্তা উত্তমোত্তববাদী। ধর্ম্মার্থকাম-মোক্ষেষু যথাবৎ কৃতো নিশ্চয়ঃ অস্যামবস্থাযামযং সেবনীয ইতি নিরূপণং যেন সঃ। তথা

ভারতভাবদীপঃ

ঽপি স্মৃতিমান্ অধীতং ন নাশিতবানিত্যর্থঃ। নযবিৎ দাযবিভাগাদিব্যবহাববিৎ। কবি-বনাগতদর্শী। পবাপরবিভাগজ্ঞঃ পবাপবযোর্জ্ঞানকাণ্ডকর্ম্মকাণ্ডয়োর্বিভাগো যথাযোগ্যং শিষ্যেষু বিভাজনং তজ্‌জ্ঞঃ। যতঃ প্রমাণকৃতনিশ্চযঃ প্রমাণং প্রত্যক্ষানুমানাগমাদি। তচ্চ দ্বিবিধং লৌকিকমলৌকিকঞ্চ। আদ্যং ঘটবহ্নিস্বর্গাদিবিষযম্। দ্বিতীযং নির্বিশেষাত্মবস্তু-তত্ত্ববিষযম্। তথাহি অহঙ্কাবাদিকমাত্মনি সুষুপ্ত্যাদাবদৃষ্টত্বান্মিথ্যেতি, তত্র প্রত্যক্ষং সুপ্তৌ নির্ব্বিশেষত্বম্। তথা দ্রষ্টৃদৃশ্যৌ একোপাদানকৌ ভাস্যভাসকত্বাৎ শ্রোত্রশব্দবৎ। ভাস্য-ভাসকৌ চ দৃশ্যদ্রষ্টাবৌ তস্মাদেকোপাদানকৌ যৌ ন তথা তৌ নৈকোপাদানকৌ। যথা শব্দ-ঘ্রাণাবিতি ব্যতিবেকতো বা সাধ্যসিদ্ধৌ সত্যাম্ উপাদানোপাদেযযোবভেদাদ্দৃগাত্রং বস্তু-তত্ত্বমিতি সিধ্যতি অনুমানাদপ্যাত্মনো নির্ব্বিশেষত্বম্। ঘটজ্ঞানং পটজ্ঞানমিতি দৃশিবিশেষ-দর্শনানুভবস্য ঘটাকাশাদিবদৌপাধিকত্বাৎ। তথাগমোঽপ্যাত্মনো নির্ব্বিশেষত্বে প্রসিদ্ধঃ। "অস্থূলমনণু নির্গুণং নিষ্ক্রিয়"মিত্যাদিঃ ॥৪॥ নম্বনুমানবলাচ্চন্দ্রপ্রাদেশিকত্বপ্রত্যক্ষং যজমানঃ প্রস্তর ইত্যাদিরাগমশ্চ শিথিলীক্রিয়তে। অনুমানমপি নবশিবঃকপালং শুচিপ্রাণ্যঙ্গত্বাৎ শঙ্খবদিত্যাদিকং নারং স্পৃষ্ট্বাস্থি সস্নেহং সবাসা জলমাবিশেদিত্যাগমেন। তথা চ সর্ব্বমপি প্রমাণং সদোষমতস্তত্র কৃতনিশ্চযত্বং দূবাপেতমিত্যাশঙ্ক্যাহ পঞ্চাবযবযুক্তস্য বাক্যস্য গুণ-দোষবিৎ। তত্র পবং বোধযিতুং প্রবৃত্তস্যানুমানবাক্যে প্রতিজ্ঞাদযঃ পঞ্চাবযবাঃ। তত্র পর্ব্বতো বহ্নিমানিতি প্রতিজ্ঞা, ধূমাদিতি হেতুঃ। যথা মহানসম্ ইতি দৃষ্টান্ত উদাহবণম্। ধূমবাংশ্চাযমিত্যুপনযঃ। তস্মাদ্বহ্নিমানিতি নিগমনম্। অস্মিন্ বাক্যে গুণোঽনুকূলতর্কো যদি বহ্নিমান্ ন স্যাত্তর্হি ধূমবানপি ন স্যাৎ। দোষঃ কাঞ্চনময়ো বহ্নিমানিত্যাদাবিবাশ্রযা-সিদ্ধিপ্রভৃতিঃ। তাবুভৌ বেত্তীতি। তথা চানুমানং প্রত্যক্ষাগমৌ শিথিলীকবোতি। ব্রীহিমস্থবাদৌ শুচিত্বাশুচিত্ববিভাগস্য শাস্ত্রৈকগম্যতাং তত্রানুকূলতর্কাভাব এবানুমানবাধকো ন ত্বাগম ইতি স্থিতম্। তথা চ লৌকিকপ্রমাণাধিকাবিণে অপবং কর্ম্মকাণ্ডমেব বিভজতে

সকল বিষয়ে বিশেষ অভিজ্ঞ ছিলেন; আর তিনি বক্তা, চতুর, মেধাবী, স্মৃতিশাস্ত্রজ্ঞ ও কবি ছিলেন এবং তিনি শিষ্যগণের শক্তি অনুসারে কাহাকে অধ্যাত্মশাস্ত্র, আর কাহাকে লৌকিকশাস্ত্র পড়াইতেন, শাস্ত্র ও বিচার দ্বারা ব্রহ্ম নিরূপণ করিয়াছিলেন, প্রতিজ্ঞা প্রভৃতি পঞ্চাবযবযুক্ত বাক্যের গুণ ও দোষ

ধর্ম্মার্থকামমোক্ষেষু যথাবৎ কৃতনিশ্চয়ঃ।
তথা ভুবনকোষস্য সর্ব্বস্যাস্য মহামতিঃ ॥৬॥
প্রত্যক্ষদর্শী লোকস্য তির্য্যগূর্দ্ধমধস্তথা।
সাংখ্যযোগবিভাগজ্ঞো নির্বিবিৎসুঃ সুরাসুরান্ ॥৭॥

ভারতকৌমুদী

মহামতিঃ প্রশস্তবুদ্ধিশালী। অস্য সর্ব্বস্য ভুবনকোষস্য ব্রহ্মাণ্ডস্য, প্রত্যক্ষদর্শী, তথা লোকস্য জগতঃ, তির্য্যক্ ঊর্দ্ধম্ অধশ্চ প্রাপ্য প্রত্যক্ষদর্শী, উভয়ত্রাপ্যসাধারণযোগপ্রভাবাদিতি ভাবঃ। সাংখ্যং কাপিলং শাস্ত্রং "অথ ত্রিবিধদুঃখাত্যন্তনিবৃত্তিরত্যন্তপুরুষার্থঃ" ইত্যাদি, যোগঃ

ভারতভাবদীপঃ

ইতরস্মেতরাদিতি বিবেকঃ ॥৫॥ যথাবৎ কৃতনিশ্চয়ঃ লৌকিকানাং প্রমাণানাং প্রামাণ্যমাদায় ধর্ম্মার্থকামানাং পুরুষার্থত্বনিশ্চয়ঃ। ইতরেষাং প্রামাণ্যমুপজীব্যমপ্যুপমৃদ্য মোক্ষরসস্য পুরুষার্থত্বনিশ্চয়ঃ। তদা লৌকিকপ্রমাণবাধাৎ। "বেদা অবেদা" ইতি শ্রুতেঃ। "লৌকিকং তদ্বদেবেদং প্রমাণং ত্বাত্মনিশ্চযাদি"ত্যভিযুক্তোক্তেশ্চ। আত্মনিশ্চযাদর্ব্বাগেবেতি শেষঃ। আ আত্মনিশ্চযাদিতি বা চ্ছেদঃ। মহামতিঃ আত্মজ্ঞঃ। "আত্মনো বা অরে দর্শনেন মত্যা বিজ্ঞানেনেদং সর্ব্বং বিদিত"মিতি তস্যৈব সার্ব্বাত্ম্যশ্রুতেঃ ॥৬॥ সাংখ্যযোগবিভাগজ্ঞঃ সাংখ্যং বেদান্তবিচারঃ যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ অনযোর্বিভাগ উপযোগঃ। তত্র শ্রবণাত্মকো বাক্যার্থ-বিচারঃ প্রমাণগতাসম্ভাবনানিবৃত্ত্যুপযোগী মননাখ্যঃ শ্রুতস্যার্থস্য তর্কেণানুসন্ধানরূপো বিচারঃ প্রমেয়গতাসম্ভাবনানিবৃত্ত্যুপযোগী অদ্বৈতমেব বেদো বদতি যুক্তিযুক্তং চৈতদেবেতি সাংখ্য-বিভাগঃ। নিদিধ্যাসনাপরপর্য্যায়ো যোগঃ, অনাত্মসু দেহাদিষ্বাত্মপ্রত্যয়রূপাং বিপরীতভাবনাং নিবর্ত্ত্য জ্ঞাতৃজ্ঞানজ্ঞেয়াভাববস্তং দৃঙ্মাত্রপ্রত্যয়ং গোচরয়তীতি যোগবিভাগঃ। যে তু "দ্বৌ ক্রমৌ চিত্তনাশস্য যোগো জ্ঞানঞ্চ রাঘবযোগো বৃত্তিনিরোধো হি জ্ঞানং সম্যগবেক্ষণমিতি-বাশিষ্ঠবচনমুদাহৃত্য চিত্তনাশাখ্যাত্মদর্শনস্য দ্বাবুপায়াবিতি বদন্তি। তেষাং "তমেব বিদিত্বাতি-মৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়ে"তি শ্রুতিবিরোধঃ। সংবাদিভ্রমবদ্যোগ্যেঽপি জ্ঞানং জনয়িত্বৈব ফলদ ইতি চেত্তস্যোপসর্জ্জনত্বং কর্ম্মণামিব স্যাৎ, তথা চ নোপায়ান্তরং যোগ ইত্যাপততি। বাশিষ্ঠবাক্যন্তু ক্রমভেদমাহ ন তূপায়ভেদম্। তথা চ কৃতোপাস্তে যোগ উপসর্জ্জনং বাক্যার্থসম্ভবং জ্ঞানং প্রধানম্। আকৃতোপাস্তেস্তু জ্ঞানমুপসর্জ্জনং যোগঃ প্রধানম্। যথা দৃষ্টগোপিণ্ডস্যাপ্যগৃহীতশব্দার্থসঙ্গতিকস্য ইয়ং গৌরিতি বাক্যমেব গবাজ্ঞানমুন্নচক্ষুস্তেন

জানিতেন, কেহ কিছু জিজ্ঞাসা করিলে বৃহস্পতি হইতেও তিনি উৎকৃষ্ট উত্তর করিতে পারিতেন, ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ—এই চারিটী পুরুষার্থের মধ্যে কোন্ অবস্থায় কোন্‌টীর সেবা করিতে হয়, তাহা তিনি নিশ্চয় করিয়া রাখিয়া-ছিলেন; সমস্ত জগৎ ও সমস্ত জগতের ঊর্দ্ধ, অধ ও মধ্যবর্ত্তী সমস্ত বস্তু যোগ-প্রত্যক্ষ দেখিতে পাইতেন, সাংখ্যজ্ঞান ও যোগজ্ঞানের বৈষম্য জানিতেন,

(৭)· নির্বিভিৎসুঃ সুরাসুরান্।

সন্ধিবিগ্রহতত্ত্বজ্ঞস্ত্বনুমানবিভাগবিৎ।
ষাড়্গুণ্যবিধিযুক্তশ্চ সর্ব্বশাস্ত্রবিশারদঃ ॥৮॥

ভারতকৌমুদী

পাতঞ্জলং শাস্ত্রম্ "অথ যোগানুশাসনম্" ইত্যাদি, তযোর্বিভাগজ্ঞো মতবৈষম্যাভিজ্ঞঃ। অথবা সাংখ্যযোগৌ বক্ষ্যমাণৌ জ্ঞানবিশেষৌ তয়োর্বিভাগজ্ঞো বৈষম্যাভিজ্ঞঃ। সুবাসুবানিতি লোক-সামান্যোপলক্ষণম্। তথা চ লোকান্, নির্ব্বিবিৎসুঃ নির্ব্বিণ্ণান্ কর্ত্তুমিচ্ছুঃ, জ্ঞানোপদেশেন ভোগাসক্তান্ লোকান্ আত্মাবমানাযুক্তান্ কর্ত্তুমিচ্ছুরিত্যর্থঃ। "তত্ত্বজ্ঞানাপদীর্ষ্যাদের্নির্ব্বেদঃ স্বাবমাননা" ইতি সাহিত্যদর্পণঃ। সন্ধিপদং সামদানযোর্বিগ্রহপদঞ্চ ভেদদণ্ডয়ো-রুপলক্ষণম্। তেন সামাদ্যুপাযচতুষ্টয়তত্ত্বজ্ঞ ইত্যর্থঃ। অনুমানস্য প্রমাণবিশেষস্য বিভাগৌ অন্বযব্যতিরেকাখ্যৌ বেত্তীতি সঃ। "সন্ধির্না বিগ্রহো যানমাসনং দ্বৈধমাশ্রয়ঃ" ইত্যমরোক্তাঃ ষড়্গুণা এব ষাড়্গুণ্যং তস্য বিধিযুক্তঃ শাস্ত্রজ্ঞানবান্ রাজনীতিজ্ঞ ইত্যর্থঃ।

ভারতভাবদীপঃ

বিষয়ীকৃতেঽপি গোপিণ্ডে গোবুভুৎসানুবৃত্তেঃ। এবং সাক্ষাৎ কৃতত্বং পদার্থস্যাপি তত্ত্বমসীতি বাক্যমেব সংসাবানর্থমূলব্রহ্মাজ্ঞানস্য নিবর্ত্তকং ন মনস্তেন দৃষ্টেঽপি ত্বমর্থে সংসাবানর্থব্রহ্মা-জ্ঞানানুবৃত্তিদর্শনাৎ। এবং সাস্নাদিমতী গৌরিতি লক্ষণতো জ্ঞাতগোপদার্থস্যাপি গোপিণ্ডদর্শন-মেব গোবুভুৎসানিবর্ত্তকং ন তু বাক্যম্। তথা শ্রবণাদিনা জ্ঞাতব্রহ্মপদার্থস্যাপি যোগাদেব দর্শনং তু বাক্যাৎ। তেন তং ত্বৌপনিষদঃ পুরুষং পৃচ্ছামীতি মনসৈবানুদ্রষ্টব্যমিতি চ শব্দ-মনসোর্জ্ঞানকবণত্বানুবাদকশ্রুত্যোর্ব্যবস্থা সিধ্যতি। তদিদমুক্তং সাংখ্যযোগবিভাগজ্ঞ ইতি। বিভাগো হি দ্বযোঃ সমুচ্চিত্যৈককার্য্যকারিত্বে সতি সম্ভবতি, ন তু ব্রীহিযববদ্বিক-ল্পৈককার্য্যকারিত্বে ইত্যাস্তাং তাবৎ। "সাংখ্যযোগৌ পৃথগ্বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতা" ইত্যত্র প্রপঞ্চয়িষ্যমাণত্বাৎ। এবং ব্রাহ্ম্যা বিদ্যয়া সম্পন্নত্বমুক্ত্বা রাজযোগবিদ্যান্তরসম্পত্তিমপ্যাহ— নির্বিবিৎসুঃ সুবাসুরানিত্যাদিনা। নির্বিবিৎসুঃ বিবিৎসুর্বিচারঃ কর্ত্তুমিচ্ছুঃ নির্বিবিৎসু-স্তদ্বিরোধী, উভয়েষাং ধীপ্রমোষণেন কলহপ্রবর্ত্তকঃ। যথা নির্ব্বেদো যুদ্ধাদুপরতিস্তং কর্ত্তু-মিচ্ছুর্লোকনাশভয়াদিত্যর্থঃ। এতেন ভেদাভিজ্ঞত্বমুক্তম্ ॥৭॥ সন্ধিঃ সাম। বিগ্রহো নিগ্রহো দণ্ড ইত্যর্থঃ। অনুমানবিভাগবিৎ স্বপরশক্তিবলাবলেঽনুমানতো নিশ্চিত্য বিভাগং বিভজনং পরামাত্যাদিভ্যো ধনপ্রদানং তদ্বিৎ। অনুমায়বিভাগবিদিতি গৌডাঃ পঠন্তি। এবঞ্চ নীতিশাস্ত্রপ্রসিদ্ধোপায়চতুষ্টয়াভিজ্ঞত্বমুক্তম্। ষাড়্গুণ্যবিধিযুক্তশ্চ ষড়্গুণাঃ সন্ধি-বিগ্রহযানাসনদ্বৈধীভাবসমাশ্রয়াখ্যাস্ত এব ষাড়্গুণ্যম্, স্বার্থে ষ্যঞ্। তস্য বিধিবজ্ঞাতজ্ঞাপনং তেন যুক্তঃ। সর্ব্বদা বিজিগীষুভ্যঃ ষাড়্গুণ্যাদিকমুপদিশতি স্বস্য নিঃশত্রুত্বেঽপ্যধিকারিক-ত্বাৎ। তত্র সন্ধিবিগ্রহৌ প্রত্যেকং দ্বিবিধৌ। প্রবলদুর্ব্বলযোর্বিজিগীষাবতোঃ। সম-ভূমৌ যুদ্ধপ্রসঙ্গে আদৌ বিগ্রহমিচ্ছতি দণ্ডেনৈব পরঃ সন্ধিমিচ্ছতি দানেনেতি। তয়োরেব

ভোগাসক্ত সকল লোককেই নির্ব্বিণ্ণ করিবার ইচ্ছা করিতেন; সাম, দান, ভেদ ও দণ্ড—এই চারিটী উপায়ই জানিতেন; অনুমানের বিভাগ বুঝিতেন, বিশেষ-ভাবে রাজনীতি জানিতেন; এমন কি, সমস্ত শাস্ত্রেই বিশারদ ছিলেন; আর

যুদ্ধগান্ধর্ব্বসেবী চ সর্ব্বশ্চাপ্রতিঘস্তথা।
এতৈশ্চান্যৈশ্চ বহুভির্যুক্তো গুণগণৈর্মুনিঃ ॥৯॥
লোকাননুচরন্ সর্ব্বানগমত্তাং সভাং নৃপ ! ।
নারদঃ সুমহাতেজা ঋষিভিঃ সহিতস্তদা ॥১০॥
পারিজাতেন রাজেন্দ্র ! রৈবতেন চ ধীমতা।
সুমুখেন চ সৌম্যেন দেবর্ষিরমিতদ্যুতিঃ ॥১১॥ (কুলকম্)
সভাস্থান্ পাণ্ডবান্ দ্রষ্টুং প্রীয়মাণো মনোজবঃ।
জয়াশীর্ভিস্তু তং বিপ্রো ধর্ম্মরাজমবর্দ্ধয়ৎ ॥১২॥

ভারতকৌমুদী

সর্ব্বেষু শাস্ত্রেষু বিশারদো নিপুণঃ। যুদ্ধঞ্চ গান্ধর্ব্বং গানঞ্চ সেবত ইতি সঃ, কলহপ্রিয়ো গানপ্রিয়শ্চেত্যর্থঃ। অতএব লোকে নারদো বিবাদঘটক ইত্যুচ্যতে। সর্ব্বত্র অপ্রতিঘঃ ক্রোধহীনঃ, "কোপক্রোধামর্ষরোষপ্রতিঘা রুট্ক্রুধৌ স্ত্রিয়ৌ" ইত্যমরঃ। এতৈর্বেদবেত্তৃত্বাদিভিঃ, অন্যৈর্দয়াদাক্ষিণ্যাদিভিশ্চ। লোকান্ ভুবনানি। অথ ঋষিভিঃ কৈরিত্যাহ—পারিজাতেনেত্যাদি। পারিজাতাদীনি ঋষিনামানি ॥১—১১॥

ভারতভাবদীপঃ

দুর্ব্বলোঽভেদ্যদুর্গাশ্রিতশ্চেদ্বলবতাপি সহ দেশোল্লুণ্ঠনাদিনা বিগ্রহমিচ্ছতি। ইতরস্তু তেন সহাল্পকরগ্রহণেণাপি সন্ধিমেবেচ্ছতি। তথাচ দুর্ব্বলঘাবকৌ সন্ধিবিগ্রহাবন্যৌ প্রবলদ্বারকাবন্যৌ। তদিদমুক্তং রামায়ণে—"দ্বিযোনী সন্ধিবিগ্রহা"বিতি। তত্র প্রবলযোনির্বিগ্রহঃ, যানাসনয়োঃ প্রযোজকঃ। দুর্ব্বলযোনিঃ সন্ধির্দ্বৈধীভাবসমাশ্রয়াঃ। তথোক্তং কামন্দকীয়ে—"সন্ধেশ্চাবিগ্রহস্যাপি দ্বৈগুণ্যং সম্প্রচক্ষতে। যানাসনে বিগ্রহস্য রূপং সন্ধেঃ পরং দ্বয়ম্ ॥" ইতি। দ্বৌ গুণভূতৌ যস্য স দ্বিগুণঃ, স চ স চ তৌ তয়োর্ভাবো দ্বৈগুণ্যং তত্র যানং বিজিগীষোররিং প্রতি যাত্রা। আসনং কদাচিচ্ছক্তিপ্রতিবন্ধে চ তত্রৈব শত্রোর্দুর্গমাবেষ্ট্য তত্র ধান্যাদিপ্রবেশনং প্রতিবন্ধতাবস্থানম্। বলবতা বিগ্রহে বলবত্তরেণ তচ্ছত্রুণা সন্ধিং কৃত্বা উভয়ত্র দাসোঽস্মীতি বাচৈবাত্মসমর্পণং কর্ত্তব্যং ন কর্ম্মণেতি স দ্বৈধীভাবঃ। যথোক্তং তত্রৈব—"বলিনোর্দ্বিষতোর্মধ্যে বাচাত্মানং সমর্পয়ন্। দ্বৈধীভাবেন বর্ত্তেত কাকাক্ষিবদলক্ষিতঃ ॥" ইতি। অরিণা পীড্যমানস্য বলবদ্দুর্গভূপালাদ্যাশ্রয়ণং সমাশ্রয়ঃ। এবং চোপায়ান্তর্গতৌ সন্ধিবিগ্রহাবন্যৌ বাড়্গুণ্যান্তর্গতৌ চান্যাবিতি ন পুনরুক্তিঃ ॥৮॥ যুদ্ধগান্ধর্ব্বসেবী তদুভয়প্রিয় ইত্যর্থঃ, সর্ব্বত্র সর্ব্বাসু বিদ্যাসু সর্ব্বেষু কর্ম্মসু চাপ্রতিঘোঽপ্রতিহতঃ, পূর্ণশক্তিত্বাৎ। অন্যৈরসঙ্গত্বকারুণ্যাদিভিঃ মুনিরাত্মতত্ত্বানুসন্ধানবান্ ॥৯॥ আগমদাগতবান্

তিনি কলহপ্রিয় ও গানপ্রিয় ছিলেন; অথচ তাঁহার কুত্রাপি ক্রোধ ছিল না; এই সকল গুণ এবং অন্যান্য বহুতর গুণ তাঁহাতে ছিল ॥১—১১॥

---

(৯) সিদ্ধগান্ধর্ব্বসেবী চ সর্ব্বত্রাপ্রতিমস্তথা…। নৃত্তগান্ধর্ব্বসেবী চ…।
(১২)…ধর্ম্মরাজানমার্চ্চয়ৎ।

তমাগতমৃষিং দৃষ্ট্বা নারদং সর্ব্বধর্ম্মবিৎ।
সহসা পাণ্ডবশ্রেষ্ঠঃ প্রত্যুত্থায়ানুজৈঃ সহ ॥১৩॥
অভ্যবাদয়ত প্রীত্যা বিনয়াবনতস্তদা।
তদর্হমাসনং তস্মৈ সম্প্রদায় যথাবিধি ॥১৪॥ (যুগ্মকম্)
গাঞ্চৈব মধুপর্কঞ্চ সম্প্রদায়ার্ঘ্যমেব চ।
অর্চ্চয়ামাস রত্নৈশ্চ সর্ব্বকামৈশ্চ ধর্ম্মবিৎ ॥১৫॥
তুতোষ চ যথাবচ্চ পূজাং প্রাপ্য যুধিষ্ঠিরাৎ।
সোঽর্চ্চিতঃ পাণ্ডবৈঃ সর্ব্বৈর্মহর্ষির্বেদপারগঃ।
ধর্ম্মকামার্থসংযুক্তং পপ্রচ্ছেদং যুধিষ্ঠিরম্ ॥১৬॥

নারদ উবাচ।

কল্যন্তে কচ্চিদর্থাস্তে ধর্ম্মে চ রমতে মনঃ।
সুখানি চানুভূয়ন্তে মনশ্চ ন বিহন্যতে ॥১৭॥

ভারতকৌমুদী

সভাস্থানিতি। দ্রষ্টুং প্রীয়মাণো দর্শনেন প্রীত্যভিলাষীত্যর্থঃ। মনস ইব জবো বেগো যস্য সঃ, অতীবদ্রুতগামীতি তাৎপর্য্যম্। বিপ্রো নারদঃ ॥১২॥

তমিতি। পাণ্ডবশ্রেষ্ঠো যুধিষ্ঠিরঃ। তদর্হং তস্য নারদস্য যোগ্যম্ ॥১৩—১৪॥

গামিতি। অর্চ্চয়ামাস নারদমিতি শেষঃ। ধর্ম্মবিদ্‌যুধিষ্ঠিরঃ ॥১৫॥

তুতোষেতি। সর্ব্বৈঃ সদস্যৈশ্চ, অর্চ্চিতঃ প্রত্যুত্থানাদিনা সম্মানিতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

মনের ন্যায় দ্রুতগামী নারদ সভাস্থিত পাণ্ডবগণের দর্শনে আনন্দ লাভ করিবার ইচ্ছায় উপস্থিত হইয়া জয়ধ্বনি ও আশীর্ব্বাদ দ্বারা যুধিষ্ঠিরের সংবর্দ্ধনা করিলেন ॥১২॥

সর্ব্বধর্ম্মজ্ঞ যুধিষ্ঠির দেবর্ষি নারদকে উপস্থিত দেখিয়া, তৎক্ষণাৎ ভ্রাতাদের সহিত গাত্রোত্থান করিয়া, যথাবিধানে তাঁহাকে তাঁহার যোগ্য আসন দিয়া, বিনয়ে অবনত হইয়া, প্রীতিপূর্ব্বক অভিবাদন করিলেন ॥১৩—১৪॥

এবং তিনি গো, মধুপর্ক ও অর্ঘ্য দান করিয়া, রত্ন ও অভীষ্ট সমস্ত বস্তু দ্বারা নারদের পূজা করিলেন ॥১৫॥

বেদপারদর্শী মহর্ষি নারদও যুধিষ্ঠিরের নিকট হইতে যথাবিধানকৃত পূজা লাভ করিয়া এবং অন্য পাণ্ডবগণ ও সমস্ত সদস্যগণকর্তৃক সম্মানিত হইয়া, যুধিষ্ঠিরের নিকটে ধর্ম্ম, অর্থ ও কামবিষয়ে এইরূপ প্রশ্ন করিতে লাগিলেন ॥১৬॥

---

(১৭) কচ্চিদর্থাশ্চ কল্পন্তে· ·।

কচ্চিদাচরিতাং পূর্ব্বৈর্নরদেব! পিতামহৈঃ।
বর্ত্তসে বৃত্তিমক্ষুদ্রাং ধর্ম্মার্থসহিতাং নৃষু ॥১৮॥
কচ্চিদর্থেন বা ধর্ম্মং ধর্ম্মেণার্থমথাপি বা।
উভৌ বা প্রীতিসারেণ ন কামেন প্রবাধসে ॥১৯॥

ভারতকৌমুদী

জিজ্ঞাসাচ্ছলেনোপদিশতি—কল্যন্ত ইতি। "কচ্চিৎ কামপ্রবেদনে" ইত্যমরঃ। কামপ্রবেদনঞ্চ ইষ্টপরিপ্রশ্ন ইতি সর্ব্বত্রানুসন্ধেয়ম্। হে রাজন্! ত্বয়া অর্থাঃ কল্যন্তে অর্জ্জনাদিনা সেব্যন্তে কচ্চিৎ। তে তব মনশ্চ ধর্ম্মে রমতে কচ্চিৎ। ত্বয়া কামজানি সুখানি চ অনুভূয়ন্তে কচ্চিৎ। তথা আত্ম-সাক্ষাৎকারায় প্রণিহিতং মনশ্চ অর্থাদিচিন্তয়া ন বিহন্যতে ততো নাক্রম্যতে কচ্চিৎ। যথাকালং চত্বার এব পুরুষার্থাঃ সেব্যন্তে কিমিতি সমুদায়ার্থঃ ॥১৭॥

কচ্চিদিতি। হে নরদেব! রাজন্! পূর্ব্বৈস্তব পিতামহৈরাচরিতাম্, ধর্ম্মার্থসহিতাং ধর্ম্মসম্বন্ধার্থবিষয়াম্, অতএবাক্ষুদ্রাং মহতীং বৃত্তিং রাজব্যবসায়ম্, আশ্রিত্যেতি শেষঃ, নৃষু প্রজাসু মধ্যে বর্ত্তসে কচ্চিৎ, প্রজাপীড়নেনার্থসেবাং ন করোষি কিমিত্যর্থঃ ॥১৮॥

কচ্চিদিতি। প্রীতিসারেণেত্যনেন কামনিকর্ষঃ সূচিতঃ। প্রবাধসে পীড়য়সি পরি-হরসীত্যর্থঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

॥১০—১১॥ আর্চ্চয়ৎ পূজিতবান্ ॥১২—১৬॥ কচ্চিদর্থাশ্চ কল্পন্ত ইতি। কচ্চিদিতি কাম-প্রবেদনে স্বাভিপ্রায়াবিষ্করণে চ, ত্বদীয়া অর্থাঃ স্বকার্য্যে যাগদানকুটুম্বভরণাদৌ সমর্থা ভবন্তিতি মমাভিপ্রায় ইত্যর্থঃ। এবং করিষ্যামি যথৈতদুক্তমিত্যন্তে বাক্যাঙ্গীকৃতত্বাত্নুপদেশপরোঽয়ং গ্রন্থ ইত্যবসীয়তে। অর্থধর্ম্মকামমোক্ষাংস্ত্বদীয়ানবিহতানিচ্ছামীতি ক্রমেণ পাদচতুষ্টয়ার্থঃ। কচ্চিদিতি সর্ব্বত্র সম্বন্ধনীয়ম্, তত্রাপি মনশ্চান্তরাত্মনি প্রণিধীয়মানং ন প্রতিহন্যতে বৃত্ত্যন্তরৈ-রিত্যন্ত্যপাদার্থঃ ॥১৭॥ ত্রিষু,ত্তমাধমমধ্যমেষু ঋত্বিক্পুরোহিতাদিষু ধর্ম্মেণ সহিতাং বৃত্তিং বর্ত্তসে, দণ্ড্যদ্বেষ্যাদিষ্বর্থেন সহিতাং প্রজাসু পালনষড্ভাগহারাভ্যাং ধর্ম্মার্থসহিতামিতি বিবেকঃ। ধর্ম্মার্থৌ চ ধর্ম্মার্থৌ চেতি দ্বন্দ্বৈকশেষঃ, তৈঃ সহিতামিতি সমাসঃ ॥১৮॥ কচ্চি-দর্থেনেতি। অর্থলোভাদ্ধর্ম্মবাধো নীচানাম্, ধর্ম্মলোভাদর্থবাধো বিরক্তানাম্, কামেন প্রীতি-সারেণ তাৎকালিকসুখাভাসপ্রদর্শনবলেন মোহয়তা ধর্ম্মার্থয়োর্বাধঃ কামুকানাং প্রসক্তঃ

নারদ বলিলেন—"মহারাজ! আপনি অর্থের সেবা করেন ত? আপনার মন ধর্ম্মে নিরত আছে ত? সুখভোগ করিয়া থাকেন ত? আপনার মন ঈশ্বরচিন্তা হইতে বিচ্যুত হয় না ত? ॥১৭॥

আপনার পূর্ব্বপুরুষেরা যে রূপ করিয়া গিয়াছেন, আপনিও সেইরূপেই ধর্ম্মসহকারে অর্থ সংগ্রহ করিয়া মনুষ্যমধ্যে বিদ্যমান আছেন ত? ॥১৮॥

'রাজা! আপনি অর্থসেবা দ্বারা ধর্ম্মকে কিংবা ধর্ম্মসেবা দ্বারা অর্থকে

---

(১৮)···ধর্ম্মার্থসহিতাং ত্রিষু।

কচ্চিদর্থঞ্চ ধর্ম্মঞ্চ কামঞ্চ জয়তাং বর ! ।
বিভজ্য কালে কালজ্ঞ ! সমং বরদ ! সেবসে ॥২০॥
কচ্চিদ্রাজগুণৈঃ ষড়্‌ভিঃ সপ্তোপায়াংস্তথানঘ ! ।
বলাবলেন সম্যক্ ত্বং চতুর্দ্দশ পরীক্ষসে ॥২১॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। বিভজ্য অস্মিন্ কালে অযং সেব্য ইতি কালবিভাগং কৃত্বা। সমং সমানম্ ॥২০॥

কচ্চিদিতি। হে অনঘ! সন্ধিবিগ্রহাদিভিঃ ষড়্‌ভিঃ রাজগুণৈর্বিশিষ্টস্ত্বম্, সপ্ত উপায়ান্ পরবশীকরণহেতূন্ সাম-দান-ভেদ-দণ্ড মন্ত্রৌষধেন্দ্রজালরূপান্, বলাবলেন প্রবলদুর্ব্বলতযা, পরীক্ষসে কচ্চিৎ। তথা বক্ষ্যমাণান্ নাস্তিক্যাদীন্ চতুর্দ্দশ রাজদোষান্, সম্যক্ অস্তি-নাস্তিতযা পরীক্ষসে কচ্চিৎ। চতুর্দ্দশ রাজদোষাশ্চ অস্মিন্নধ্যায এব বক্ষ্যন্তে ॥২১॥

ভারতভাবদীপঃ

ত্বয়ি রাজ্যপ্রতিকূলানাং নীচত্ববিবক্তত্বকামুকত্বানামভাবমিচ্ছামীত্যর্থঃ ॥১৯॥ পরস্পর-বিরোধিনামেষাং কথমেকেনানুষ্ঠানমিত্যাশঙ্ক্য কালভেদেনেত্যাহ—কচ্চিদর্থমিতি। "পূর্ব্বাহ্ণে চাচরেদ্ধর্ম্মং মধ্যাহ্নেঽর্থমুপার্জ্জযেৎ। সাযাহ্নে চাচরেৎ কামমিত্যেষা বৈদিকী শ্রুতিঃ।" ইতি দক্ষোক্তকালব্যবস্থামাস্থায ত্রিবর্গং সেবেতেত্যর্থঃ। সদাবরদেতি সম্বোধনেন পরানুগ্রহরূপো ধর্ম্মঃ সর্ব্বস্মিন্নপি কালে কর্ত্তব্য ইতি সূচযতি। সমমিতি পাঠে অবৈষম্যেণাত্মসাম্যেনেত্যর্থঃ ॥২০॥ কচ্চিদ্রাজেতি। ষড়্‌গুণাঃ "বক্তা প্রগল্‌ভো মেধাবী স্মৃতিমান্ নযবিৎ কবিঃ।" ইতি নারদ-স্মৃতৌ সূচিতা বক্তৃত্বাদযঃ। অত্র রাজগুণেষু বক্তৃত্বং চারামাত্যাদিষু যথাযোগ্যং কার্য্যোপদেশ-কৌশলম্। প্রাগল্‌ভ্যং শত্রুদমনাদাবুৎকর্ষপ্রদর্শনম্। মেধাবিত্বং তর্ককৌশলম্। স্মৃতিমান্ কবিরিতি চাতীতানাগতযোঃ পরামর্শিত্বম্। নযবিদিতি নীতিশাস্ত্রবিত্ত্বম্। এতৈ রাজ-গুণৈরুপাযান্ বলাবলমন্ত্যাংশ্চতুর্দ্দশ ত্বং পরীক্ষসে ইতি যোজনা। হে অনঘ! হে চতুর্দ্দশভী রাজদোষৈর্বর্জ্জিত! তে চ বক্ষ্যন্তে। "নাস্তিক্যমনৃতং ক্রোধং প্রমাদং দীর্ঘসূত্রতাম্। অদ-র্শনং জ্ঞানবতামালস্যং পঞ্চবৃত্তিতাম্॥ একচিন্তনমর্থানামনর্থজ্ঞৈশ্চ চিন্তনম্। নিশ্চিতানা-মনারম্ভং মন্ত্রস্যাপরিরক্ষণম্॥ মঙ্গলাদ্যপ্রযোগঞ্চ প্রত্যুত্থানঞ্চ সর্ব্বতঃ। কচ্চিত্ত্বং বর্জ্জযস্যেতান্ রাজদোষাংশ্চতুর্দ্দশ॥" ইতি। নাস্তিক্যং পরলোকাপলাপঃ। প্রমাদোঽনবধানতা। দীর্ঘ-

অথবা ক্ষণমাত্র প্রীতিকারক কামসেবা দ্বারা অর্থ ও ধর্ম্ম উভয়কে পরিত্যাগ করেন না ত? ॥১৯॥

হে কালজ্ঞ! আপনি কালবিভাগ করিয়া যথাকালে সমানভাবে ধর্ম্ম, অর্থ ও কামের সেবা করেন ত? ॥২০॥

হে নিষ্পাপ! আপনি ষড়্‌বিধ রাজগুণ সম্পন্ন হইয়া প্রবল ও দুর্ব্বলভাবে সপ্তবিধ উপায়ের পর্য্যালোচনা এবং চতুর্দ্দশপ্রকারে রাজদোষের পরীক্ষা করিয়া থাকেন ত? ॥২১॥

কচ্চিদাত্মানমন্বীক্ষ্য পরাংশ্চ জয়তাং বর।
তথা সন্ধায় কর্ম্মাণি অষ্টৌ ভারত! সেবসে ॥২২॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে জয়তাং বর। ভারত। আত্মানং দুর্ব্বলম্, পরাংশ্চ প্রবলান্, অন্বীক্ষ্য পর্য্যালোচ্য, সন্ধায় পরৈঃ সহ সামদানাভ্যাং সন্ধিং কৃত্বা, কৃষ্যাদীনি অষ্টৌ কর্ম্মাণি সেবসে কচ্চিৎ। কৃষ্যাদীন্যুক্তানি নীতিশাস্ত্রে—"কৃষির্বণিক্পথো দুর্গং সেতুঃ কুঞ্জরবন্ধনম্। খন্যাকরকরাদানং শূন্যানাঞ্চ নিবেশনম্॥" ॥২২॥

ভারতভাবদীপঃ

সূত্রেণ চিরক্রিয়ত্বম্। পঞ্চবৃত্তিতা পঞ্চেন্দ্রিয়পরবশতা। অর্থানাং প্রয়োজনানামেক-চিন্তনমেকেনৈব চিন্তনম্। অনর্থজ্ঞৈর্বিপরীতার্থদর্শিভিঃ সহ চিন্তনং মন্ত্রঃ। মঙ্গলমুৎসবঃ। আদিপদাদ্দেবপূজাদি তস্যাপ্রয়োগমননুষ্ঠানম্। প্রত্যুত্থানঞ্চ সর্ব্বতঃ যুগপৎসর্ব্বদিগবস্থিত-শত্রূদ্দেশেন দণ্ডযাত্রেতি তদর্থঃ। বধা অঘং পরাজয়মূলং বিংশতিবর্গস্তদ্রহিত। স চ কামন্দকীয়ে উক্তঃ—"বালো বৃদ্ধো দীর্ঘরোগী তথা জ্ঞাতিবহিষ্কৃতঃ। ভীরুকো ভীরু-জনকো লুব্ধো লুব্ধজনস্তথা॥ বিরক্তপ্রকৃতিশ্চৈব বিষয়েষ্বপি শক্তিমান্। অনেকচিত্তমন্ত্রশ্চ দেবব্রাহ্মণনিন্দকঃ॥ দৈবোপহতকশ্চৈব দৈবচিন্তক এব চ। দুর্ভিক্ষব্যসনোপেতো বল-ব্যসনসঙ্কুলঃ॥ অদেশস্থো বহুরিপুর্যুক্তো কালেন যশ্চ সঃ। সত্যধর্ম্মব্যপেতশ্চ বিংশতিঃ পুরুষা অমী। এতৈঃ সন্ধিং ন কুর্ব্বীত বিগ্রহী স্যাত্তু কেবলম্॥" ইতি। উপায়াঃ সপ্ত— সামদানভেদদণ্ডমন্ত্রৌষধেন্দ্রজালাখ্যাঃ। বলাবলং স্বপরপক্ষযোঃ সাম্যম্, পরস্য হীনতা স্বস্য বা হীনতেতি ত্রিবিধম্। যথাযোগ্যং বুদ্ধ্যাদিভিঃ সামাদয়ঃ পরীক্ষণীয়াঃ, কিমনেন শত্রুণা সাম কর্ত্তব্যং ন বা? কর্ত্তুমারব্ধং চেৎ সিধ্যতি ন বা? সিদ্ধং চেদন্তে কুশলং ন বা? ইতি। চারপ্রেষণাদিনা চ বলাবলপ্রভৃতিকং পরীক্ষণীয়ম্। তথা চতুর্দ্দশদেশাদয়োঽপি পরীক্ষণীয়াঃ। তে চ নীতিশাস্ত্রোক্তাঃ—"দেশো দুর্গং রথো হস্তিবাজিযোধাধিকারিণঃ। অন্তঃপুরান্ন গণনাশাস্ত্রলেখ্যধনাসবাঃ। পরীক্ষ্যা হ্যধিপাস্তেষাং চতুর্দ্দশ নরেশ্বরৈঃ॥" ইতি। যোধাঃ শূরাঃ। অধিকারিণো দেশপালদুর্গপালসেনাপত্যাদয়ঃ। গণনা অশ্বরথধনাদীনাং সংখ্যা। লেখ্যমায়ব্যয়নির্ণয়ায় সর্ব্বস্য পত্রারোহকরণম্। ধনং পর্য্যাপ্তমপর্য্যাপ্তং বেতি বিচার্য্যম্। আসবা মন্ত্রবদপকারিণঃ প্রচ্ছন্নশত্রবঃ। অসব ইতি পাঠে অসুর্ব্বলমিত্যর্থঃ। বলাবলেন সম্যক্ত্বমিতি পাঠে স্বীয়ং পরকীয়ঞ্চ দেশাদিকমুক্তবিধেন বলাবলেন, বুদ্ধ্যা চারৈশ্চ পরীক্ষণীয়মিত্যর্থঃ ॥২॥ এতদেবাহ—কচ্চিদাত্মানমিতি। আত্মানং প্রবলং পরান্ দুর্ব্বলান্ পরীক্ষ্য সেবসে রাজ্যম্। তথা বিপরীতে জয়মূলস্য কোশস্য বৃদ্ধয়ে সন্ধায় পরৈঃ সহ সাম-কৃত্বাঽষ্টৌ কর্ম্মাণি। "কৃষির্বণিক্পথো দুর্গং সেতুঃ কুঞ্জরবন্ধনম্। খন্যাকরকরাদানং শূন্যানাঞ্চ নিবেশনম্। অষ্টৌ সন্ধানকর্ম্মাণি প্রযুক্তানি মনীষিভিঃ॥" ইতি শাস্ত্রোক্তানি সেবসে।

হে বিজয়িশ্রেষ্ঠ! আপনি আপনাকে দুর্ব্বল এবং বিপক্ষদিগকে প্রবল পর্য্যালোচনা করিয়া সাম ও দান দ্বারা তাহাদের সহিত সন্ধি করিয়া কৃষি ও বাণিজ্যপথ প্রভৃতি আটটী কার্য্য করিয়া থাকেন ত? ॥২২॥

কচ্চিৎ প্রকৃতয়ঃ সপ্ত ন লুব্ধা ভবতর্ষভ ! ।
আর্য্যাস্তথাঽব্যসনিনঃ স্বনুরক্তাশ্চ সর্ব্বশঃ॥২৩॥
কচ্চিন্ন কৃতকৈর্দূতৈর্যে চাপ্যপরিশাঙ্কিতাঃ ।
ত্বত্তো বা তব চামাত্যৈর্ভিদ্যতে মন্ত্রিতং তথা ॥২৪॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। "দুর্গাধ্যক্ষো বলাধ্যক্ষো ধর্ম্মাধ্যক্ষশ্চমূপতিঃ। পুরোধা বৈদ্যদৈবজ্ঞৌ সপ্ত প্রকৃতয়ঃ স্মৃতাঃ॥" ইতি নীতিশাস্ত্রোক্তাস্তব সপ্ত প্রকৃতয়ঃ পুরুষাঃ ন লুব্ধাঃ কচ্চিৎ। তথাত্বে বিপক্ষাদ্ধনলাভলোভেন বিক্রিয়েবন্নিতি ভাবঃ। তথা তে, আর্য্যাঃ সজ্জনাঃ, অব্যসনিনো দ্যূতাদ্যনাসক্তাঃ, সর্ব্বশঃ সর্ব্বথা আত্মনি স্বনুরক্তাশ্চ বর্ত্তন্তে কচ্চিৎ ॥২৩॥

কচ্চিদিতি। কৃতকৈঃ কৃত্রিমসুহৃদ্ভূতৈঃ পুরুষৈঃ, আত্মন এব দূতৈঃ, যে চ পুরুষাঃ, অপরিশঙ্কিতা মন্ত্রভেদকতয়া, ন সন্দিগ্ধাস্তৈঃ, বা অথবা তব অমাত্যৈশ্চ, মন্ত্রিতং তব মন্ত্রঃ, ত্বত্তস্তব সকাশাৎ, ন ভিদ্যতে পরেষু ন প্রকাশ্যতে কচ্চিৎ ॥২৪॥

ভারতভাবদীপঃ

কুপ্পববন্ধনং বহুভক্ষকত্বাৎ তেষাং যথাবিভাগং গ্রামীণধনৈরেব গ্রামে গ্রামে পোষণার্থং বন্ধনম্। খনী বস্ত্বাদ্যুৎপত্তিস্থানমাকরঃ স্বর্ণাদ্যুৎপত্তিস্থানমিতি ভেদঃ। খননমাত্রেণ ধমনাদিনা-ঽভিমুখীকরণেন চ তযোস্তল্লাভহেতুত্বাৎ ॥২২॥ কৃষ্যাদিনাপি কোশবৃদ্ধিঃ স্বাম্যাদিপ্রকৃতি-সপ্তকস্য পরৈর্ধনাদিনা মোহনে কৃতে সতি ন ভবতীত্যত আহ—কচ্চিৎ প্রকৃতয় ইতি। সপ্ত—"স্বাম্যমাত্যসুহৃৎকোশরাষ্ট্রদুর্গবলানি চ। রাজ্যাঙ্গানি প্রকৃতয়ঃ পৌরাণাং শ্রেণয়োঽপি চ॥" ইতি কোশোক্তাঃ। তত্র স্বামিরূপা প্রকৃতিঃ সপ্তবিধা। "দুর্গাধ্যক্ষো বলাধ্যক্ষো ধর্ম্মাধ্যক্ষশ্চমূপতিঃ। পুরোধা বৈদ্যদৈবজ্ঞৌ সপ্ত প্রকৃতয়ঃ স্মৃতাঃ॥" ইতি প্রোক্তাঃ। বলাধ্যক্ষো বলস্য চতুরঙ্গস্যা-হারাদিদানেন পালকঃ। ধর্ম্মঃ কার্য্যমাত্রম্। চমূপতির্যুদ্ধে চম্বাঃ প্রণেতা। অমাত্যো মন্ত্রী। সুহৃন্ন্যায়ান্যায়বিভাগকর্ত্তা পর্ষদ্গণঃ। এতেন তাবকা লুপ্তাঃ পরৈর্মোহিতা মাভূ-বন্। লুপ্যতের্মোহনার্থস্তেদং রূপম্. লুপ্তাশ্চের্দ্দুর্গাদীনামেব নাশাপত্তিরিত্যর্থঃ। অথবা ত এবাঢ্যাঃ সন্তো ব্যসনিনো দ্যূতপানাদিরতা মাভূবন্। "হৃষ্টো দৃপ্যতি দৃপ্তো ধর্ম্মমতিক্রামতি ধর্ম্মাতিক্রমাৎ পাপং করোতী"তি স্মৃতেরস্যাঢ্যস্য ব্যসনপ্রসক্তিস্তদাপি ন কোশাদীনাং বৃদ্ধিঃ স্যাৎ। কথং তর্হি স্যুঃ সর্ব্বপ্রকারৈঃ স্বনুরক্তা অত্যন্তং স্বামিকার্য্যে প্রীতিমন্তঃ ॥২৩॥ দুর্গা-

---

হে ভরতশ্রেষ্ঠ। আপনার দুর্গরক্ষক, সৈন্যাধ্যক্ষ, বিচারক, প্রধান সেনাপতি, পুরোহিত, বৈদ্য এবং দৈবজ্ঞ—এই সাত জন প্রধান লোক লুব্ধ নহেন ত ? এবং ইহারা সাধুস্বভাব, ব্যসনে অনাসক্ত, আপনার প্রতি সর্ব্বপ্রকারেই অনুরক্ত আছেন ত ? ॥২৩॥

কৃত্রিম সুহৃদ্, দূত, যাহাদের উপরে আশঙ্কা হয় না সেইরূপ লোক এবং মন্ত্রিবর্গ—ইহারা মন্ত্রিত বিষয় আপনা হইতে অন্যত্র প্রকাশ করে না ত ? ॥২৪॥

---

(২৩)·· ন লুপ্তা ভরতর্ষভ ! । আঢ্যাস্তথা ।

মিত্রোদাসীনশত্রূণাং কচ্চিদ্বেৎসি চিকীর্ষিতম্ ।
কচ্চিৎ সন্ধিং যথাকালং বিগ্রহঞ্চোপসেবসে ॥২৫॥
কচ্চিদ্‌বৃত্তিমুদাসীনে মধ্যমে চানুমন্যসে ।
কচ্চিদাত্মসমা বৃদ্ধাঃ শুদ্ধাঃ সম্বোধনক্ষমাঃ ॥২৬॥
কুলীনাশ্চানুরক্তাশ্চ কৃতাস্তে বীর ! মন্ত্রিণঃ ।
বিজয়ো মন্ত্রমূলো হি রাজ্ঞো ভবতি ভারত ! ॥২৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মিত্রেতি। মিত্রাণি সুহৃদঃ, উদাসীনা নিরপেক্ষাঃ, শত্রবশ্চ, তেষাম্, চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টং ব্যাপারম্, বেৎসি গুপ্তচরৈর্জানাসি কচ্চিৎ। কিঞ্চ পরৈঃ সহ যথাকালং সন্ধিং বিগ্রহঞ্চ উপসেবসে করোষি কচ্চিৎ ॥২৫॥

কচ্চিদিতি। হে বীর! ভারত! উদাসীনে নিঃসম্পর্কে পক্ষে, মধ্যমে উভয়সম্পর্কশালিনি পক্ষে চ, বৃত্তিং নৈরপেক্ষ্যেণ স্থিতিম্, অনুমন্যসে অঙ্গীকরোষি কচ্চিৎ। তথা তে ত্বয়া, আত্মসমাঃ পরমহিতৈষিণঃ, বৃদ্ধা অধিকবয়স্কাঃ, শুদ্ধা নির্দ্দোষস্বভাবাঃ, সম্বোধনক্ষমাঃ সম্যগ্‌বুদ্ধিদানসমর্থাঃ, কুলীনাঃ সৎকুলোৎপন্নাঃ, আত্মন্যনুরক্তাশ্চ পুরুষাঃ, মন্ত্রিণঃ কৃতাঃ কচ্চিৎ। হি যস্মাৎ, রাজ্ঞো বিজয়ঃ, মন্ত্রমূলো ভবতি ॥২৬—২৭॥

ভারতভাবদীপঃ

ধ্বাঙ্ক্ষাদীনাং লোভতো বিপরীতকার্য্যকারিত্বেন নাশহেতুত্বং প্রসিদ্ধম্। অমাত্যসুহৃদোস্তু লোভনে কথং নাশহেতুত্বমিত্যাশঙ্ক্য মন্ত্রভেদেনেত্যাহ—কচ্চিন্নেত্যাদিনা। অপরিশঙ্কিতা যেষু দৌষ্ট্যশঙ্কা নাস্তি, তৈঃ কৃতকৈঃ কৃত্রিমৈঃ, সুহৃদ্ভুতৈর্দ্দুষ্টৈরুভয়বেতনৈস্তব মন্ত্রিতং মন্ত্রো ন ভিদ্যতে প্রকাশ্যতে কচ্চিৎ। তর্কৈর্দ্দুষ্টৈর্বেতি পাঠে সম্যগপি মন্ত্রিতং কুযুক্তিভির্ন বিপ্লাব্যত ইত্যর্থঃ। ত্বত্তো বা কৃতকমিত্রং প্রতি কথয়তোঽমাত্যৈর্বা কৃতকৈর্মন্ত্রিতঃ ভিদ্যত ইতি সর্ব্বত্র সম্বন্ধনীযম্ ॥২৪॥ মিত্রেতি। মিত্রং সম্যক্ পরীক্ষ্য তেন সহ সম্মন্ত্র্য বলবতা শত্রুণা সন্ধিম্, দুর্ব্বলেন সহ বিগ্রহম্, মধ্যমেনোভয়বেতনেনোদাসীনেন রাজ্ঞা চ সহ বৃত্তিম্, সাম্যেন স্থিতিঞ্চ কুর্য্যাদিতি সার্দ্ধশ্লোকার্থঃ ॥২৫॥ তত্র মিত্রং কৈর্গুণৈঃ পরীক্ষেতেত্যত আহ—কচ্চিদাত্মসমা ইতি। শুদ্ধাচারত্বং কুলীনত্বঞ্চ নৈর্ম্মল্যস্যাসাধারণং লিঙ্গম্। শুদ্ধাঃ সম্বোধনক্ষমা ইত্যত্র শুচয়ো জীবিতক্ষমা ইতি পাঠে আপন্নস্য রাজ্ঞ উজ্জীবনে ক্ষমা ইত্যর্থঃ

মিত্র, শত্রু ও উদাসীন পক্ষের চিকীর্ষিত বিষয় আপনি গুপ্তচর দ্বারা জানিয়া থাকেন ত? এবং যথাসময়ে সন্ধি ও বিগ্রহ করিয়া থাকেন ত? ॥২৫॥

হে বীর! উদাসীন ও মধ্যবর্ত্তী পক্ষের সঙ্গে আপনি সমানভাবে ব্যবহার করেন ত? এবং নিজের মত পরম হিতৈষী, বৃদ্ধ, নির্দ্দোষ চরিত্র, বুদ্ধিদানে সমর্থ, সৎকুলোৎপন্ন এবং অনুরক্ত লোকদিগকে মন্ত্রী করিয়াছেন ত? কারণ, রাজার জয় মন্ত্রণামূলকই হইয়া থাকে ॥২৬—২৭॥

কচ্চিৎ সংবৃতমন্ত্রৈস্তৈরমাত্যৈঃ শাস্ত্রকোবিদৈঃ।
রাষ্ট্রং সুরক্ষিতং তাত! শত্রুভির্ন বিলুপ্যতে ॥২৮॥
কচ্চিন্নিদ্রাবশং নৈষি কচ্চিৎ কালে বিবুধ্যসে।
কচ্চিচ্চাপররাত্রেষু চিন্তয়স্যর্থমর্থবিৎ ॥২৯॥
কচ্চিন্মন্ত্রয়সে নৈকঃ কচ্চিন্ন বহুভিঃ সহ।
কচ্চিন্ন মন্ত্রিতো মন্ত্রো ন রাষ্ট্রং পরিধাবতি ॥৩০॥
কচ্চিদর্থান্ বিনিশ্চিত্য লঘুমূলান্ মহোদয়ান্।
ক্ষিপ্রমারভসে কর্ত্তুং ন বিঘ্নয়সি তাদৃশান্ ॥৩১॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে তাত। বৎস। সংবৃতমন্ত্রৈ রক্ষিতমন্ত্রণৈঃ, শাস্ত্রকোবিদৈস্তৈঃ অমাত্যৈঃ সুরক্ষিতং রাষ্ট্রং তব রাজ্যম্, শত্রুভির্ন বিলুপ্যতে নাপহ্রিয়তে কচ্চিৎ ॥২৮॥

কচ্চিদিতি। অর্থবিৎ কার্য্যজ্ঞস্ত্বম্, নিদ্রায়া বশম্ একান্তাধীনতাম্, ন এষি প্রাপ্নোষি কচ্চিৎ, কালে যথাসময়ম্, বিবুধ্যসে জাগর্ষি কচ্চিৎ। কিঞ্চ অপররাত্রেষু রাত্রিশেষেষু, অর্থং কর্তব্যবিষয়ম্, চিন্তয়সি কচ্চিৎ। অতএবোক্তং শিশুপালবধে—"গহনমপররাত্রপ্রাপ্তবুদ্ধিপ্রসাদাঃ কবয় ইব মহীপাশ্চিন্তয়ন্ত্যর্থজাতম্" ॥২৯॥

কচ্চিদিতি। কেবলমেক এব ত্বং ন মন্ত্রয়সে কচ্চিৎ, বহুভির্জনৈশ্চ সহ ন মন্ত্রয়সে কচ্চিৎ; তথাত্বে মন্ত্রপ্রকাশসম্ভব ইতি ভাবঃ। মন্ত্রিতঃ সম্পাদিতো মন্ত্রশ্চ, রাষ্ট্রং সর্ব্বং রাজ্যম্, ন পরিধাবতি ন ব্যাপ্নোতি কচ্চিৎ ॥৩০॥

কচ্চিদিতি। অর্থান্ পররাজ্যজয়াদিবিষয়ান্, লঘু মূলং স্বল্পব্যয়ায়াসসাধ্য আরম্ভাদি-ব্যাপারো যেষাং তান্, অথ চ মহান্নুদয়ো লাভো যেভ্যস্তান্, বিনিশ্চিত্য, ক্ষিপ্রং শীঘ্রমেব,

ভারতভাবদীপঃ

॥২৬॥ কিমেবংবিধেন মন্ত্রেণেত্যত আহার্দ্ধেন বিজয় ইতি ॥২৭॥ মন্ত্রভেদো মাভূদিত্যুক্তং তৎফলমাহ—কচ্চিৎ সংবৃতেতি ॥২৮॥ কচ্চিন্নিদ্রেতি। যথাকালং স্বপ্নপ্রবোধবতা ব্রাহ্মে মুহূর্ত্তে-ঽমাত্যাদিভিঃ সহ কৃতস্য মন্ত্রস্য পর্য্যালোচনং কর্ত্তব্যম্। "ব্রাহ্মে মুহূর্ত্তে চোত্থায় চিন্তয়েদাত্মনো হিত"মিতি স্মৃতেস্তদা নির্ণীতোঽর্থো ন বিপ্লবত ইত্যবসায়াৎ ॥২৯॥ কচ্চিন্মন্ত্রেতি। "ষট্কর্ণো ভিদ্যতে মন্ত্রঃ" ইতি প্রসিদ্ধের্দ্বাভ্যামেব মন্ত্রভেদো ন কর্ত্তব্য ইত্যুক্তম্, তদুপসংহরতি—কচ্চিত্ত

বৎস! মন্ত্রসংবরণকারী সেই শাস্ত্রজ্ঞ মন্ত্রীরা আপনার রাজ্য বিশেষভাবে রক্ষা করেন বলিয়া শত্রুরা তাহা হরণ করিতে পারে না ত? ॥২৮॥

আপনি নিদ্রার অধীন নহেন ত? যথাসময়ে জাগিয়া থাকেন ত? এবং রাত্রিশেষে কর্ত্তব্য বিষয়ের চিন্তা করেন ত? ॥২৯॥

আপনি একাকীই মন্ত্রণা করেন না ত? আবার বহুলোকের সঙ্গেও মন্ত্রণা করেন না ত? এবং মন্ত্রিত বিষয় রাজ্যের মধ্যে ব্যাপ্ত হইয়া পড়ে না ত? ॥৩০॥

কচ্চিন্ন সৰ্ব্বে কৰ্ম্মান্তাঃ পরোক্ষাস্তে মহীপতে ! ।
সৰ্ব্বে বা পুনরুৎসৃষ্টাঃ সংসৃষ্টিশ্চাত্র কারণম্ ॥৩২॥
আপ্তৈরলুব্ধৈঃ ক্রমিকৈস্তে চ কচ্চিদনুষ্ঠিতাঃ।
কচ্চিদ্রাজন্ ! কৃতান্যেব কৃতপ্রায়াণি বা পুনঃ ।
বিদুস্তে বীর ! কৰ্ম্মাণি নানবাপ্তানি কানিচিৎ ॥৩৩॥

ভারতকৌমুদী

কর্ত্তুং সম্পাদয়িতুমারভসে কচ্চিৎ, কিন্তু তাদৃশানর্থান্, ন বিস্মরসি বিলম্বেন বিঘ্নাকুলান্ ন করোষি কচ্চিৎ ॥৩১॥

কচ্চিদিতি। হে মহীপতে। সর্ব্বে, কর্ম্মণাং পররাজ্যজয়াদীনামন্তা শেষাবস্থাঃ, তে তব, পরোক্ষা অগোচরা ন কচ্চিৎ, তথাত্বে তত্রাত্যাচারলুণ্ঠননিজকৃত্যাদিসম্ভব ইতি ভাবঃ। পুনঃ সর্ব্বে বা কর্ম্মসাধকাঃ পুরুষাঃ, উৎসৃষ্টাঃ কর্ম্মসাধনায় একান্তত্যক্তা ন কচ্চিৎ, তথাত্বে চ তে যদি বিক্রিয়েরন্নিতি ভাবঃ। কিঞ্চ অত্রোন্নতৌ সংসৃষ্টিরাত্মনঃ সর্ব্বত্র সংসর্গ এব কারণম্ ॥৩২॥

আপ্তৈরিতি। আপ্তৈর্বিশ্বস্তৈঃ অলুব্ধৈরলোভিভিঃ, ক্রমিকৈঃ কুলক্রমাগতৈশ্চ পুরুষৈঃ, তে পূর্ব্বোক্তাঃ কর্ম্মান্তাঃ, অনুষ্ঠিতা অনুষ্ঠাতুমারব্ধাঃ কচ্চিৎ। পরঞ্চ হে রাজন্। হে বীর।

ভারতভাবদীপঃ

ইতি ॥৩০॥ স্বাম্যমাত্যাদিপ্রকৃতিসপ্তকানুগ্রহাৎ কৃষ্যাদিকর্ম্মাষ্টকসিদ্ধিতশ্চ কোষবৃদ্ধিরিত্যুক্তং তদনুবদতি বিশেষবিধানার্থং কচ্চিদর্থানিতি। অর্থানর্থপ্রাপ্ত্যুপায়ান্। লঘুমূলানল্পব্যয়সাধ্যান্। মহোদয়ান্ প্রচুরফলান্ তাদৃশান্ কৃষ্যাদ্যারম্ভকর্ত্তৄনন্যান্ বৈশ্যাদীন্। তেভ্যোঽপি করা-গ্রদানেন কোষবৃদ্ধিরেব ভবতীতি ভাবঃ ॥৩১॥ কচ্চিন্ন সর্ব্বে ইতি। কর্ম্মণ্য অন্ত্যন্তে বধ্যন্ত ইতি কর্ম্মান্তাঃ কৃষ্যাদিকর্ম্মবন্ধাঃ কৃষীবলাদয়ঃ কচ্চিত্তে পরোক্ষা অজ্ঞাতা ন সন্তি। অথবা বিশঙ্কিতা অবিশ্বাস্যা ন সন্তি। অথবা পুনরুৎসৃষ্টাঃ পুনস্ত্যক্তোপায়াঃ। সংসৃষ্টং স্নেহঃ। "সংসৃষ্টং ত্রিষু সজ্যতে" ইতি মেদিনী। চিরপরিগ্রহাৎ জ্ঞাত্বা বিশ্বাস্যাঃ স্নিগ্ধাশ্চ কর্ম্মকরা অত্র মহোদয়ে কর্ম্মণি কারণমুদয়নিমিত্তং জ্ঞাত্বা তাদৃশানেব সংগৃহ্ণীয়াদিত্যর্থঃ ॥৩২॥ এতদেবাহার্দ্ধেন আপ্তৈরিতি। ক্রমিকৈর্বৃদ্ধক্রমাগতৈঃ। তে চ কৃষ্যাদয়শ্চ। কচ্চিদিতি। মন্ত্রগুপ্তিবৎ কর্ম্মগুপ্তিরপি কর্ত্তব্যে-

---

মহারাজ! অন্য রাজার রাজ্য জয় করাপ্রভৃতি কার্য্য অল্প ব্যয়ে ও অল্প পরিশ্রমে সম্পন্ন হইবে, অথচ প্রচুর লাভ হইবে, এইরূপ স্থির করিয়া সত্বরই সে কার্য্য করিতে আরম্ভ করেন ত? বিলম্ব করিয়া তাহার বিঘ্ন করেন না ত? ॥৩১॥

সমস্ত কার্য্যেরই শেষটা আপনার অগোচর থাকে না ত? কিংবা কার্য্য কারক লোকগুলিকে আপনি একেবারে ছাড়িয়া দেন না ত? সর্ব্বত্রই নিজের সংসৃষ্ট থাকা কিন্তু উন্নতির কারণ ॥৩২॥

---

(৩২) • পরোক্ষাস্তে বিশঙ্কিতাঃ । • সংসৃষ্টশ্চাত্র কারণম্।
(৩৩)…তে চ কচ্চিদধিষ্ঠিতাঃ।

কচ্চিৎ কারণিকা ধর্ম্মে সর্ব্বশাস্ত্রেষু কোবিদাঃ।
কারয়ন্তি কুমারাংশ্চ যোধমুখ্যাংশ্চ সর্ব্বশঃ ॥৩৪॥
কচ্চিৎ সহস্রৈর্মূর্খাণামেকং ক্রীণাসি পণ্ডিতম্।
পণ্ডিতো হ্যর্থকৃচ্ছ্রেষু কুর্য্যান্নিঃশ্রেয়সং পরম্ ॥৩৫॥
কচ্চিদ্দুর্গাণি সর্ব্বাণি ধনধান্যায়ুধোদকৈঃ।
যন্ত্রৈশ্চ পরিপূর্ণানি তথা শিল্পিধনুর্দ্ধরৈঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

কৃতান্যেব, কৃতপ্রায়াণি বা পুনঃ, তে তব, কানিচিদপি কর্ম্মাণি, অনবাপ্তানি অপ্রাপ্তফলানি সন্তি, পরে ন বিদুঃ কচ্চিৎ, তথাত্বে ফললাভবেলাযামপি বিঘ্নসম্ভব ইতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩॥

কচ্চিদিতি। ধর্ম্মে কারণিকা স্বভাবরূপেণ কারণেন সংসৃষ্টাঃ স্বভাবত এব ধার্ম্মিকা ইত্যর্থঃ, সর্ব্বশাস্ত্রেষু কোবিদা বিচক্ষণাশ্চ পুরুষাঃ, সর্ব্বশঃ সর্ব্বান্ কুমারান্ যোধমুখ্যান্ যোদ্ধৃশ্রেষ্ঠাংশ্চ, যুদ্ধাদিশিক্ষাং যুদ্ধঞ্চ কারযন্তি কচ্চিৎ। অন্যথাপকারসম্ভব ইত্যাশয়ঃ ॥৩৪॥

কচ্চিদিতি। মূর্খাণাং সহস্রৈরপি একং পণ্ডিতং ক্রীণাসি কচ্চিৎ। হি যস্মাৎ, অর্থকৃচ্ছ্রেষু কর্ত্তব্যবিষয়বিপৎসু উপস্থিতেষু সৎসু, পণ্ডিত এব, পরমত্যন্তম্, নিঃশ্রেয়সং মঙ্গলং কুর্য্যাৎ কর্ত্তুং শক্নুযাৎ, ন তু মূর্খাণাং সহস্রাণ্যপীত্যর্থঃ ॥৩৫॥

কচ্চিদিতি। তব সর্ব্বাণি দুর্গাণি, ধনধান্যায়ুধোদকৈঃ, আয়ুধশিল্পনির্ম্মাণোপযোগিভির্যন্ত্রৈশ্চ, তথা শিল্পিধনুর্দ্ধরৈশ্চ, পরিপূর্ণানি তিষ্ঠন্তি কচ্চিৎ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

ভার্থঃ অনবাপ্তান্যনাবদ্ধানি ন বিদুঃ কচ্চিদিতি আবৃত্ত্যা যোজ্যম্ ॥৩৩॥ কোষবৃদ্ধ্যুপায়মুক্ত্বা বলবৃদ্ধ্যুপায়মাহ—কচ্চিৎ কারণিকা ইতি। কারণং জ্ঞাপনম্। শিষ্যেভ্যো বিদ্যাপ্রতিপাদনং তদর্থং চরন্তি তে কারণিকাঃ কৃপদ্রোণসদৃশা আচার্য্যাঃ কারয়ন্তি শিক্ষযন্তি ॥৩৪॥ সুহৃদ্-

বিশ্বস্ত, লোভশূন্য এবং কুলক্রমাগত লোকেরা আপনার কোন কোন কার্য্য সম্পন্ন করিয়াছে, কিংবা প্রায় সম্পন্ন করিয়া আনিয়াছে, অথচ তাহার ফল হাতে পাওয়া যায় নাই; এমন অবস্থাযও অন্যে তাহার সংবাদ জানে না ত? ॥৩৩॥

স্বভাবতই ধার্ম্মিক এবং সমস্ত শাস্ত্রে বিচক্ষণ লোকেরা কুমারগণকে শিক্ষা দেন ত? এবং যোদ্ধাদিগকে যুদ্ধ করাইয়া থাকেন ত? ॥৩৪॥

আপনি সহস্র মূর্খ দ্বারাও একটীমাত্র পণ্ডিত কিনিবা থাকেন ত? কারণ, কার্য্যসঙ্কট উপস্থিত হইলে পণ্ডিতব্যক্তিই বিশেষ মঙ্গল সাধন করিতে পারেন ॥৩৫॥

(৩৪) কচ্চিৎ কারণিকা ধর্ম্মে ০।

একোঽপ্যমাত্যো মেধাবী শূরো দান্তো বিচক্ষণঃ।
রাজানং রাজপুত্রং বা প্রাপয়েন্মহতীং শ্রিয়ম্ ॥৩৭॥
কচ্চিদষ্টাদশান্যেষু স্বপক্ষে দশ পঞ্চ চ।
ত্রিভিস্ত্রিভিরবিজ্ঞাতৈর্বেৎসি তীর্থানি চারকৈঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

এক ইতি। মেধাবী বুদ্ধিমান্, শূরো বীরঃ, দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ, বিচক্ষণঃ কার্য্যদক্ষশ্চ, একোঽপ্যমাত্যঃ, রাজানং রাজপুত্রং বা, মহতীং শ্রিয়ং প্রাপয়েৎ। অতস্তাদৃশ এবামাত্যঃ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৩৭॥

কচ্চিদিতি। হে রাজন্। অবিজ্ঞাতৈর্বিপক্ষাবিদিতৈঃ, ত্রিভিস্ত্রিভিশ্চারকৈর্গুপ্তচরৈঃ, অন্যেষু বিপক্ষেষু, অষ্টাদশ তীর্থানি পাত্রাণি, স্বপক্ষে চ দশ পঞ্চ চ মন্ত্রিপুরোহিতযুবরাজান্ বর্জ্জয়িত্বা পঞ্চদশ পাত্রাণি, বেৎসি স্বস্মিন্ননুরক্তান্ বিরক্তান্ বা জানাসি কচ্চিৎ। তীর্থান্যুক্তানি নীতিশাস্ত্রে—"মন্ত্রী পুরোহিতশ্চৈব যুবরাজশ্চমূপতিঃ। পঞ্চমো দ্বারপালশ্চ ষষ্ঠোঽন্তর্বেশিকস্তথা॥ কারাগারাধিকারী চ দ্রব্যসঞ্চয়কৃত্তথা। কৃত্যাকৃত্যেষু চার্থানাং নবমো বিনিযোজকঃ॥ প্রদেষ্টা নগরাধ্যক্ষঃ কার্য্যনির্ম্মাণকৃত্তথা। ধর্ম্মাধ্যক্ষঃ সভাধ্যক্ষো দণ্ডপালস্ত্রিপঞ্চমঃ॥ ষোড়শো দুর্গপালশ্চ তথা রাষ্ট্রান্তপালকঃ। অটবীপালকান্তানি তীর্থান্যষ্টাদশৈব তু॥ চারান্ বিচারয়েত্তীর্থেষ্বাত্মনশ্চ পরস্য চ। পাষণ্ডাদীনবিজ্ঞাতানন্যোন্যমিতরেষ্বপি। মন্ত্রিণং যুবরাজঞ্চ হিত্বা স্বেষু পুরোহিতম্॥" তীর্থমিত্যধিকারে হেমচন্দ্রঃ—"যোনৌ পাত্রে দর্শনে চ" ॥৩৮॥

ভারতভাবদীপঃ

দুর্গামাত্যসম্পদং ক্রমেণ ত্রিভিরাহ—কচ্চিৎ সহস্রৈরিত্যাদিভিঃ। অর্থকৃচ্ছ্রেষু প্রযোজনসঙ্কটেষু নিঃশ্রেয়সং কল্যাণম্ ॥৩৫—৩৭॥ ষষ্ঠীং রাষ্ট্রসম্পদমাহ—কচ্চিদষ্টাদশান্যেষ্বিতি। তীর্থানি মন্ত্রপ্রভৃতীন্যষ্টাদশ যান্যবগাহ্য রাজা কৃতকৃত্যো। ভবতি। তানি চোক্তানি নীতি-

---

আপনার সকলগুলি দুর্গই ধন, ধান্য, অস্ত্র, জল, যন্ত্র, শিল্পী ও যোদ্ধাদিগের দ্বারা সর্ব্বদা পরিপূর্ণ থাকে ত ? ॥৩৬॥

বুদ্ধিমান্, বীর, সংযতেন্দ্রিয় এবং কার্য্যদক্ষ একটীমাত্র মন্ত্রীও রাজার বা রাজপুত্রের বিশেষ উন্নতি সাধন করিতে পারেন ॥৩৭॥

মহারাজ! বিপক্ষেরা না চেনে, এমন তিন তিনটি গুপ্তচর পাঠাইয়া বিপক্ষের আঠার জন লোককে, অর্থাৎ বিপক্ষের মন্ত্রী, পুরোহিত, যুবরাজ, সেনাপতি, দ্বারপাল, অন্তঃপুরাধ্যক্ষ, কারাগাররক্ষক, আয়সচিব, ব্যয়সচিব, রক্ষিপরিচালক, নগররক্ষক, শিল্পিপরিচালক, ধর্ম্মাধ্যক্ষ, সভাধ্যক্ষ, দণ্ডসচিব, দুর্গরক্ষক, সীমান্তরক্ষক এবং বনরক্ষককে, আর স্বপক্ষের মন্ত্রী, পুরোহিত ও যুবরাজ ব্যতীত অপর ঐ পনর জনকে আপনি পরীক্ষা করিয়া থাকেন ত ? ॥৩৮॥

---

(৩৮)···ত্রিভিস্ত্রিভিরবহুজ্ঞাতৈঃ···।

কচ্চিদ্দ্বিষামবিদিতঃ প্রতিপন্নশ্চ সর্ব্বদা।
নিত্যযুক্তো রিপূন্ সর্ব্বান্ বীক্ষসে রিপুসূদন ! ॥৩৯॥
কচ্চিদ্বিনয়সম্পন্নঃ কুলপুত্রো বহুশ্রুতঃ।
অনসূয়ুরসঙ্কীর্ণঃ সৎকৃতস্তে পুরোহিতঃ ॥৪০॥
কচ্চিদগ্নিষু তে যুক্তো বিধিজ্ঞো মতিমানৃজুঃ।
হুতঞ্চ হোষ্যমাণঞ্চ কালে বেদয়তে সদা ॥৪১॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে রিপুসূদন! ত্বং দ্বিষাং শত্রূণাম্, অবিদিতস্তান্ বীক্ষস ইত্যজ্ঞাতঃ, সর্ব্বদা প্রতিপন্নঃ অবগতচারস্বভাবঃ, নিত্যযুক্তঃ সর্ব্বদা সতর্কশ্চ সন্, সর্ব্বান্ রিপূন্, বীক্ষসে জিগীষূন্ অজিগীষূন্ বা পর্য্যালোচয়সি কচ্চিৎ ॥৩৯॥

কচ্চিদিতি। হে রাজন্! তে ত্বয়া, বিনয়সম্পন্নঃ, কুলপুত্রঃ সৎকুলজাতঃ, বহুশ্রুতঃ অনেকশাস্ত্রজ্ঞঃ, অনসূয়ুঃ পরদোষাবিষ্করণশূন্যঃ, অসঙ্কীর্ণঃ অক্ষুদ্রহৃদয়শ্চ, পুরোহিতঃ, সৎকৃতঃ সৎকৃত্য স্থাপিতঃ কচ্চিৎ ॥৪০॥

ভারতভাবদীপঃ

শাস্ত্রে—"মন্ত্রী পুরোহিতশ্চৈব যুবরাজশ্চমূপতিঃ। পঞ্চমো দ্বারপালশ্চ ষষ্ঠোঽন্তর্ব্বেশিকস্তথা॥ কারাগারাধিকারী চ দ্রব্যসঞ্চয়কৃত্তথা। কৃত্যাকৃত্যেষু চার্থানাং নবমো বিনিযোজকঃ॥ প্রদেষ্টা নগরাধ্যক্ষঃ কার্য্যনির্ম্মাণকৃত্তথা। ধর্ম্মাধ্যক্ষঃ সভাধ্যক্ষো দণ্ডপালস্ত্রিপঞ্চমঃ॥ ষোড়শো দুর্গপালশ্চ তথা রাষ্ট্রান্তপালকঃ। অটবীপালকান্তানি তীর্থান্যষ্টাদশৈব তু॥ চারান্ বিচারয়েত্তীর্থেষাত্মনশ্চ পরস্য চ। পাষণ্ডাদীনবিজ্ঞাতানন্যোন্যমিতরেষ্বপি। মন্ত্রিণং যুবরাজঞ্চ হিত্বা স্বেষু পুরোহিতম্।" ইতি। এষাং তীর্থশব্দবাচ্যত্বে হলায়ুধঃ—"যোনৌ জলাবতারে চ মন্ত্রাদ্যষ্টাদশস্বপি। পুণ্যক্ষেত্রে তথা পাত্রে তীর্থং স্যাদ্দর্শনেষ্বপি।" ইতি। পরেষা-মষ্টাদশসু স্বস্য মন্ত্রিপুরোহিতযুবরাজবর্জ্জং পঞ্চদশসু চ তীর্থেষু চারানজ্ঞৈঃ পরস্পরং চাবি-জ্ঞাতাংস্ত্রীন্ ত্রীন্ প্রযুজ্য তত্রত্যাং বার্ত্তাং সর্ব্বচারসংবাদে তথ্যং জানীয়াৎ, জ্ঞাত্বা চ স্বপ্রজানামনুরঞ্জনেন পরপ্রজানাং দুঃখিতানামভয়দানাদিনা আকর্ষণেন চ স্বরাষ্ট্রং বর্দ্ধয়ে-দিত্যুক্তং ভবতি ॥৩৮॥ পূর্ব্বোক্তানাং গৌণস্বামিনাং সম্পদং বিবক্ষুর্মুখ্যস্বামিসম্পদং তাবদাহ—কচ্চিদ্দ্বিষামিতি। অবিদিতঃ পরকিঙ্করৈঃ। প্রতিপন্নঃ সাবধানঃ। প্রতিযত্ত ইতি পাঠে প্রতিকারে যত্নবান্। নিত্যযুক্তো নিত্যোদ্যোগী ॥৩৯॥ বিনয়সম্পন্নঃ শিক্ষাযুক্তঃ। কুল-পুত্রঃ সৎকুলজঃ। অনসূয়ুঃ পরগুণেষু দোষারোপমকুর্ব্বন্। অসুপ্রষ্টা শাস্ত্রচর্চ্চাকুশলঃ।

রাজা! প্রথমে আপনি গুপ্তচরদের ভাব জানিয়া, পরে শত্রুরা না জানে এমন অবস্থায় তাহাদিগকে পাঠাইয়া, সর্ব্বদা সতর্ক থাকিয়া সমস্ত শত্রুপক্ষেরই ভাব পর্য্যবেক্ষণ করিয়া থাকেন ত ? ॥৩৯॥

বিনয়ী, সৎকুলজাত, বহু শাস্ত্রজ্ঞ, অসূয়াশূন্য এবং প্রশস্তচিত্ত একটী পুরো-হিতকে আপনি সম্মানপূর্ব্বক স্থাপিত করিয়াছেন ত ? ॥৪০॥

কচ্চিদঙ্গেষু নিষ্ণাতো জ্যোতিষাং প্রতিপাদকঃ।
উৎপাতেষু চ সর্ব্বেষু দৈবজ্ঞঃ কুশলস্তব ॥৪২॥
কচ্চিন্মুখ্যা মহৎস্বেব মধ্যমেষু চ মধ্যমাঃ।
জঘন্যাশ্চ জঘন্যেষু ভৃত্যাঃ কর্ম্মসু যোজিতাঃ ॥৪৩॥
অমাত্যানুপধাতীতান্ পিতৃপৈতামহান্ শুচীন্।
শ্রেষ্ঠান্ শ্রেষ্ঠেষু কচ্চিত্ত্বং নিযোজয়সি কর্ম্মসু ॥৪৪॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। তে ত্বযা, বিধিজ্ঞো হোমবিধানজ্ঞঃ, মতিমান্ বুদ্ধিমান্, ঋজুঃ সরলস্বভাবশ্চ জনঃ, অগ্নিষু অগ্নিহোত্রেষু, যুক্তো ব্যাপারিতঃ কচ্চিৎ। কিঞ্চ সঃ, সদা প্রত্যহমেব, কালে যথাসময়ম্, হুতং হোষ্যমাণঞ্চ, বেদযতে ত্বাং জ্ঞাপয়তি কচ্চিৎ ॥৪১॥

কচ্চিদিতি। অঙ্গেষু হস্তপদাদ্যঙ্গপরীক্ষাসু, নিষ্ণাতোঽভিজ্ঞঃ, জ্যোতিষাং গ্রহনক্ষত্রাদীনাম্, প্রতিপাদকো গণনয়া শুভাশুভতয়া নিশ্চাযকঃ, সর্ব্বেষু উৎপাতেষু দিব্যভৌমনাভসোপদ্রবেষু, কুশলঃ পূর্ব্বমেবাবধারণনিপুণশ্চ দৈবজ্ঞঃ, তব বর্ত্ততে কচ্চিৎ ॥৪২॥

কচ্চিদিতি। মহৎস্বেব সৈন্যচালনাকোষবক্ষণাদিষু কর্ম্মসু, মুখ্যাঃ কুলবিদ্যাদিনা প্রধানাঃ, মধ্যমেষু কৃষিবাণিজ্যাদিষু কর্ম্মসু মধ্যমাঃ, জঘন্যেষু নীচেষু পাদসংবাহনাদিষু কর্ম্মসু, জঘন্যা নীচাশ্চ, ভৃত্যাস্ত্বযা যোজিতা ব্যাপারিতাঃ কচ্চিৎ। অন্যথা কর্ম্মণাং বিপ্লব এবেতি ভাবঃ ॥৪৩॥

অমাত্যানিতি। হে রাজন্! ত্বম্, শ্রেষ্ঠেষু রাজ্যপরিচালনাদিষু কর্ম্মসু, উপধা উপধিশ্ছলমিতি যাবৎ তামতীতান্ অকপটান্, পিতৃপৈতামহান্, কুলক্রমাগতান্, শুচীন্ পবিত্রান্, শ্রেষ্ঠান্ সদ্বংশোৎপন্নাংশ্চ অমাত্যান্, নিযোজয়সি কচ্চিৎ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

অসঙ্কীর্ণ ইতি পাঠে সদসদ্বিবেকবান্ ॥৪০॥ ঋজুরকুটিলঃ ॥৪১॥ অঙ্গেষু সামুদ্রিকশাস্ত্রোক্তরীত্যা অঙ্গানাং পরীক্ষায়াম্। উৎপাতেষু দিব্যভৌমশরীরেষু ধূমকেতুভূকম্পবামনেত্রস্ফুরণাদিষ্বাগাম্যশুভসূচকেষু ॥৪২॥ সেনাপত্যাকরকোষাধ্যক্ষত্বান্তবেক্ষণানি মুখ্যমধ্যমনীচানি।

বিধানজ্ঞ, বুদ্ধিমান্ ও সরলস্বভাব একটী লোককে অগ্নিহোত্রকার্য্যে আপনি নিযুক্ত করিয়াছেন ত? এবং সে লোক প্রত্যহই যথাসময়ে আসিয়া, যে হোম করিয়াছে বা যে হোম করিবে, তাহা আপনাকে জানাইয়া থাকে ত? ॥৪১॥

হস্ত-পদাদি অঙ্গের চিহ্ন পরীক্ষা করিতে নিপুণ, গ্রহ-নক্ষত্র শুভ বা অশুভ তাহা গণনা করিতে সুদক্ষ এবং পূর্ব্বেই সর্ব্বপ্রকার উৎপাত নিরূপণ করিতে সুপটু, এমন একটী দৈবজ্ঞ আপনার আছে ত? ॥৪২॥

মহারাজ! আপনি প্রধান কার্য্যে প্রধান লোকদিগকে, মধ্যম কার্য্যে মধ্যম লোকদিগকে এবং নীচ কার্য্যে নীচ লোকদিগকে নিযুক্ত করিয়াছেন ত? ॥৪৩॥

কপটতাশূন্য, কুলক্রমাগত, পবিত্রস্বভাব এবং সৎকুলজাত মন্ত্রীদিগকে আপনি প্রধান প্রধান কার্য্যে ব্যাপৃত করিয়া থাকেন ত? ॥৪৪॥

কচ্চিন্নোগ্রেণ দণ্ডেন ভৃশমুদ্বিজসে প্রজাঃ।
রাষ্ট্রং তবানুশাসন্তি মন্ত্রিণো ভরতর্ষভ ! ॥৪৫॥
কচ্চিত্ত্বাং নাবজানন্তি যাজকাঃ পতিতং যথা।
উগ্রং প্রতিগ্রহীতারং কাময়ানমিব স্ত্রিয়ঃ ॥৪৬॥
কচ্চিদ্‌ধৃষ্টশ্চ শূরশ্চ মতিমান্ ধৃতিমান্ শুচিঃ।
কুলীনশ্চানুরক্তশ্চ দক্ষঃ সেনাপতিস্তব ॥৪৭॥
কচ্চিদ্বলস্য তে মুখ্যাঃ সর্ব্বযুদ্ধবিশারদাঃ।
ইষ্টা বদান্যা বিক্রান্তাস্ত্বয়া সৎকৃত্য মানিতাঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে ভরতর্ষভ! ত্বম্, উগ্রেণ দণ্ডেন, প্রজাঃ, ভৃশং সাতিশয়ম্, ন উদ্বিজসে নোদ্বেজয়সি কচ্চিৎ। তথা তব মন্ত্রিণঃ, রাষ্ট্রং রাজ্যম্, অনুশাসন্ত্যেব ন তূদাসতে কচ্চিৎ ॥৪৫॥

কচ্চিদিতি। যাজকাঃ, পতিতং যথা ব্রহ্মহত্যাদিনা পাতিত্যবন্তং জনমিব, তথা স্ত্রিয়ঃ, উগ্রং ভয়ঙ্করস্বভাবম্, কাময়ানং কাময়মানম্, প্রতিগ্রহীতারং পতিমিব, প্রজাঃ, উগ্রদণ্ডকারিণং ত্বাম্, নাবজানন্তি কচ্চিৎ, অন্যায্যকারিত্বাদিতি ভাবঃ ॥৪৬॥

কচ্চিদিতি। ধৃষ্টঃ প্রগল্‌ভঃ, শূরো বীরঃ, মতিমান্ বুদ্ধিমান্, ধৃতিমান্, ধৈর্য্যবান্, শুচিঃ পবিত্রস্বভাবঃ, কুলীনঃ, ত্বয়ি অনুরক্তঃ, যুদ্ধে দক্ষশ্চ সেনাপতিঃ, তব বর্ত্ততে কচ্চিৎ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

উপধাতীতান্ ছলরহিতান্‌ শ্রেষ্ঠেষু মন্ত্রকার্য্যেষু ॥৪৩—৪৫॥ পতিতমিতি ব্যতিরেকদৃষ্টান্তঃ, নাবজানন্তি নাবমন্যন্তে। তত্র হেতুঃ উগ্রং প্রতিগ্রহীতারম্, উগ্রমিতি ক্রিয়াবিশেষণম্। যদ্বা উগ্রং হিংস্রং কর্ম্ম তেন প্রতিগ্রহীতারং ধনস্য প্রজাপীড়কমিত্যর্থঃ। যথোক্তম্—"প্রজাপীড়নসন্তাপাৎ সমুদ্ভূতো মহানলঃ। রাজ্ঞঃ প্রাণান্‌ বলং কোষং নাদগ্ধা বিনিবর্ত্ততে॥" ইতি। তথাচ নাশহেতুকর্ম্মকারিণোঽবজ্ঞৈবোচিতাঽতস্তথা তন্ন কর্ত্তব্যমিত্যর্থঃ। কাময়ানং কামতো যানং পর্য্যটনং যস্য তং স্বৈরিণমিব ভ্রষ্টত্বাদবতিপ্রদত্বাচ্চ স্ত্রিয়োঽবমন্যন্তে তদ্বৎ ॥৪৬॥ ধৃষ্টো

হে ভরতশ্রেষ্ঠ! আপনি ভয়ঙ্কর দণ্ড করিয়া প্রজাবর্গকে অত্যন্ত উদ্বিগ্ন করেন না ত ? এবং আপনার মন্ত্রীরা রাজ্য শাসন করেন ত ? ॥৪৫॥

যাজকেরা যেমন পতিত ব্যক্তিকে অবজ্ঞা করেন এবং স্ত্রীলোকেরা যেমন উগ্রস্বভাব অথচ কামুক পতিকে অবজ্ঞা করে, তেমন ভয়ঙ্কর দণ্ড করার জন্য আপনাকে প্রজারা অবজ্ঞা করে না ত ? ॥৪৬॥

চতুর, বীর, বুদ্ধিমান্, ধৈর্য্যশীল, পবিত্রস্বভাব, সদ্বংশজাত, অনুরক্ত এবং যুদ্ধদক্ষ সেনাপতি আপনার আছে ত ? ॥৪৭॥

(৪৫)·ভৃশমুদ্বিজিতাঃ প্রজাঃ·। (৪৬)··উগ্রং প্রতিগৃহীতারম্, উগ্রপ্রতিগ্রহীতারম্, কাময়ানমিব স্ত্রিয়ঃ। (৪৮)···হৃষ্টাবদাতা বিক্রান্তাঃ···।

কচ্চিদ্বলস্য ভক্তঞ্চ বেতনঞ্চ যথোচিতম্।
সম্প্রাপ্তকালে দাতব্যং দদাসি ন বিকর্ষসি ॥৪৯॥
কালাতিক্রমণাদেতে ভক্তবেতনয়োর্ভৃতাঃ।
ভর্তুঃ কুপ্যন্তি দৌর্গত্যাৎ সোহনর্থঃ সুমহান্ স্মৃতঃ ॥৫০॥
কচ্চিৎ সর্ব্বেহনুরক্তাস্ত্বাং কুলপুত্রাঃ প্রধানতঃ।
হৃষ্টাঃ প্রাণাংস্তবার্থেষু সংত্যজন্তি সদা যুধি ॥৫১॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। সর্ব্বযুদ্ধবিশারদাঃ, ইষ্টাস্তব প্রিয়াঃ, বদান্যা দাতারঃ, বিক্রান্তা বিক্রমশালিনশ্চ, তে তব, বলস্য সৈন্যস্য মধ্যে মুখ্যাঃ প্রধানাঃ, ত্বয়া সৎকৃত্য আদৃত্য, মানিতা গৌরববিষয়ীকৃতাঃ কচ্চিৎ ॥৪৮॥

কচ্চিদিতি। দাতব্যম্, বলস্য সৈন্যস্য, যথোচিতং ভক্তমন্নঞ্চ বেতনঞ্চ, সম্প্রাপ্তকালে যোগ্যসময়ে দদাসি কচ্চিৎ, ন পুনর্বিকর্ষসি দাতুং কালমতিক্রামসি কচ্চিৎ ॥৪৯॥

অত্র কালাতিক্রমে কো দোষ ইত্যাহ—কালেতি। ভক্তবেতনয়োঃ কালাতিক্রমণাদপি ভৃতা রক্ষিতাঃ, এতে সৈন্যাঃ, দৌর্গত্যাদ্ধেতোঃ, ভর্ত্তুরুপরি কুপ্যন্তি, স চ কোপঃ, সুমহান্ অনর্থঃ অনর্থহেতুঃ স্মৃতঃ, কার্য্যকালে বিকৃতিসম্ভবাদিতি ভাবঃ ॥৫০॥

কচ্চিদিতি। প্রধানতঃ প্রধানপুরুষাৎ সেনাপতেরারভ্য, ত্বাং প্রত্যনুরক্তাঃ, সর্ব্ব এব কুলপুত্রাঃ সদ্বংশজাতা জনাঃ, হৃষ্টাঃ সন্ত এব যুধি সদৈব তবার্থেষু প্রাণান্ সংত্যজন্তি কচ্চিৎ ॥৫১॥

ভারতভাবদীপঃ

ভীষ্ম! বলে ইন্দ্রের তুল্য এবং সকল ধনুর্দ্ধরের মধ্যে প্রধান অঙ্গদেশাধিপতি এই কর্ণের স্তব কর ॥৯॥

যে মহাবাহু কর্ণের এই দেবনির্ম্মিত দিব্য কুণ্ডল দুইটী জন্মকালীন উৎপন্ন এবং নবোদিত সূর্য্যের ন্যায় উজ্জ্বল কবচটীও জন্মকালে জন্মিয়াছিল ॥১০॥

যিনি বাহুযুদ্ধে ইন্দ্রের তুল্য বলবান্ অতিদুর্জ্জয় জরাসন্ধকে জয় করিয়াছিলেন এবং তাঁহার দেহ বিদারণ করিয়াছিলেন ॥১১॥

ভীষ্ম! ব্রাহ্মণশ্রেষ্ঠ এবং মহারথ, সুতরাং স্তবের যোগ্য পিতা দ্রোণের ও পুত্র অশ্বত্থামার স্তব কর ॥১২॥

ভীষ্ম! যাঁহাদের মধ্যে একজনই ক্রুদ্ধ হইয়া স্থাবরজঙ্গমের সহিত এই পৃথিবী-টাকেই নিঃশেষ করিতে পারেন, ইহাই আমার ধারণা ॥১৩॥

আমি যুদ্ধে দ্রোণের তুল্য কোন রাজাকেই পাই না, কিংবা যুদ্ধে অশ্বত্থামার তুল্য লোকও দেখিতে পাই না। অথচ তুমি তাঁহাদের স্তব করিতে ইচ্ছা করিতেছ না ॥১৪॥

---

(১৩)...সংক্রুদ্ধঃ সচরাচরম্, সংক্রুদ্ধঃ সচরাচরান্ ·।

পৃথিব্যাং সাগরান্তাযাং যো বৈপ্রতিসমো ভবেৎ।
দুর্য্যোধনং তং বাজেন্দ্রমতিক্রম্য মহাভুজম্ ॥১৫॥
জয়দ্রথঞ্চ বাজানং কৃতাস্ত্রং দৃঢবিক্রমম্।
দ্রুমং কিং পুরুষাচার্য্যং লোকে প্রথিতবিক্রমম্।
অতিক্রম্য মহাবীর্য্যং কিং প্রশংসসি কেশবম্ ॥১৬॥ (যুগ্মকম্)
বৃদ্ধঞ্চ ভারতাচার্য্যং কৃপং শারদ্বতং তথা।
অতিক্রম্য মহাবীর্য্যং কিং প্রশংসসি কেশবম্ ॥১৭॥
ধনুর্দ্ধবাণাং প্রববং রুক্মিণং পুরুষোত্তমম্।
অতিক্রম্য মহাবীর্য্যং কিং প্রশংসসি কেশবম্ ॥১৮॥
ভীষ্মকঞ্চ মহাবীর্য্যং দন্তবক্রঞ্চ ভূমিপম্।
ভগদত্তং যূপকেতুং জয়ৎসেনঞ্চ মাগধম্ ॥১৯॥
বিবাটদ্রুপদৌ চোভৌ শকুনিঞ্চ বৃহদ্বলম্।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ পাণ্ড্যং শ্বেতমথোত্তবম্ ॥২০॥

ভাবতকৌমুদী

পৃথিব্যামিতি। বিগতঃ প্রতিসমঃ প্রতিপক্ষো যস্য সঃ, বিপ্রতিসমঃ ততঃ প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্। দ্রুমং তদাখ্যং বাজানম্। ষোডশঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥১৫—১৬॥

বৃদ্ধমিতি। ভাবতাচার্য্যং ভবতবংশ্যানাং শিক্ষকম্, শাবদ্বতং শবদ্বতঃ পুত্রম্ ॥১৭॥

ধনুবিতি। রুক্মিণং রুক্মিণ্যা ভ্রাতবম্ ॥১৮॥

ভাবতভাবদীপঃ

ব্রাহ্মণানামাধিপত্যে খলনিগ্রহাযোগাদিতি ভাবঃ ॥৮—১৪॥ বৈপ্রতিসমঃ বিগতঃ প্রতিসমো যস্য সঃ, তথা স্বার্থে তদ্ধিতঃ, অতুল ইত্যর্থঃ ॥১৫॥ কেশবম্ অতিক্রম্য জযদ্রথং কিং প্রশংসসীতি

ভীষ্ম! সমুদ্রপর্য্যন্ত সমগ্র পৃথিবীব মধ্যে যাঁহাব প্রতিদ্বন্দ্বী নাই, সেই বাজশ্রেষ্ঠ মহাবাহু দুর্য্যোধনকে পবিত্যাগ কবিয়া এবং অস্ত্রে সুশিক্ষিত ও দৃঢবিক্রমশালী জয়দ্রথবাজাকে, আব পুরুষদেব অস্ত্রশিক্ষক ও জগতে বিখ্যাতবিক্রম মহাবীব দ্রুম-বাজাকে অতিক্রম কবিযা তুমি কৃষ্ণেব প্রশংসা কবিতেছ কেন? ॥১৫—১৬॥

ভবতবংশীয়গণেব অস্ত্রশিক্ষক, শবদ্বানেব পুত্র এবং বৃদ্ধ মহাবীব কৃপকে অতিক্রম কবিয়া কি কাবণে কৃষ্ণেব প্রশংসা কবিতেছ? ॥১৭॥

তা'ব পব, ধনুর্দ্ধবদিগেব মধ্যে প্রধান এবং পুরুষশ্রেষ্ঠ মহাবীব রুক্মীকে পবিত্যাগ কবিয়া কৃষ্ণেব প্রশংসা কবিতেছ কি জন্য? ॥১৮॥

মহাবীব ভীষ্মক, বাজা দন্তবক্র, ভগদত্ত, যূপকেতু, মগধবাজ জযৎসেন, বিবাট, দ্রুপদ, শকুনি, বৃহদ্বল, অবন্তিদেশীয বিন্দ ও অনুবিন্দ, পাণ্ড্যবাজ, শ্বেত,

শঙ্খঞ্চ সুমহাভাগং বৃষসেনঞ্চ মানিনম্।
একলব্যঞ্চ বিক্রান্তং কালিঙ্গঞ্চ মহারথম্।
অতিক্রম্য মহাবীর্য্যং কিং প্রশংসসি কেশবম্ ॥২১॥ (বিশেষকম্)
শল্যাদীনপি কস্মাত্ত্বং ন স্তৌষি বসুধাধিপান্।
স্তবায যদি তে বুদ্ধির্বর্ত্ততে ভীষ্ম। সর্ব্বদা ॥২২॥
কিং হি শক্যং মযা কর্ত্তুং যদ্বৃদ্ধানাং ত্বযা বচঃ।
পুবা কথযতাং নূনং ন শ্রুতং ধর্ম্মবাদিনাম্ ॥২৩॥
আত্মনিন্দাত্মপূজা চ পবনিন্দা পবস্তবঃ।
অনাচবিতমার্য্যাণামিতি তে ভীষ্ম! ন শ্রুতম্ ॥২৪॥
যদস্তব্যমিমং শশ্বন্মোহাৎ সংস্তৌষি ভক্তিতঃ।
কেশবং তচ্চ তে ভীষ্ম। ন কশ্চিদনুমন্যতে ॥২৫॥

ভাবতকৌমুদী

ভীষ্মকমিতি। মাগধং মগধবাজম্। আবন্ত্যৌ অবন্তিদেশীযৌ, পাণ্ড্যং পাণ্ড্যবাজম্, শ্বেতাদীনি বীবাণাং নামানি। একবিংশঃ শ্লোকশ্চ ষট্পাদঃ ॥১৯—২১॥

কৃষ্ণেতবেষামুক্তজনামুপসংহবতি -শল্যেতি। স্তবায পবপ্রশংসনায ॥২২॥

কিমিতি। কথযতাং ধর্ম্মমিতি শেষঃ। ধর্ম্মবাদিনাং ধর্ম্মবাদস্বভাবানাম্ ॥২৩॥

আত্মেতি। এতৎ সর্ব্বম্, আর্য্যাণাং মান্যানাম্, অনাচবিতম্ আচাববিপবীতম্ ॥২৪॥

ভাবতভাবদীপঃ

যোজ্যম্, নিন্দাপক্ষে তু স্পষ্ট এবার্থঃ ॥১৬—২১॥ শল্যাদীনিতি। স্তবায স্তূযতে ইতি ব্যুৎপত্ত্যা স্তবঃ পবমেশ্ববঃ তস্মৈ তৎপ্রাপ্তযে, কিন্তু স্তৌষি অপি তু সর্ব্বান্ পবমেশ্বরত্বেনৈব স্তুহীত্যর্থঃ ॥২২॥ কিং হীতি। পিতামাত্রেতিবৎ সহার্থযোগাভাবেঽপি তৃতীযা। বৃদ্ধতমেন ত্বযা সহ কথযতাম্ উপদিশতাং বৃদ্ধানাং বচনং যতো মযা ন শ্রুতম্, অতঃ কিং কর্ত্তুং শক্যম্, অজ্ঞত্বাদকিঞ্চিৎকবোঽহমিত্যর্থঃ ॥২৩॥ এবং স্বগর্ব্বং পবিহৃত্য যৎ জ্ঞানং তদাহ—আত্মেতি। দেহবুদ্ধ্যা আত্মপবযোঃ স্তবো বা, ঈশ্ববুদ্ধ্যা তযোর্দ্বেষো বা ন কর্ত্তব্য ইতি তে ত্বত্তঃ, নঃ

উত্তব, শঙ্খ, মহাত্মা ও মানী বৃষসেন, বিক্রমী একলব্য এবং মহাবথ ও মহাবীব কলিঙ্গবাজকে অতিক্রম কবিযা কৃষ্ণেব প্রশংসা কবিতেছ কেন? ॥১৯—২১॥

ভীষ্ম! সর্ব্বদাই যদি তোমাব বুদ্ধি পবেব প্রশংসা কবিবাব জন্য উৎসুক থাকে, তবে তুমি শল্যপ্রভৃতি বাজাদের কেন প্রশংসা কবিতেছ না? ॥২২॥

ভীষ্ম! আমি তোমাব কি কবিতে পাবি? যেহেতু ধর্ম্মবক্তা বৃদ্ধগণ ধর্ম্ম বলিবাব সমযে নিশ্চয়ই তুমি পূর্ব্বে তাঁহাদেব উক্তি শোন নাই ॥২৩॥

ভীষ্ম! ইহা তুমি শোন নাই যে, নিজেব নিন্দা ও নিজেব প্রশংসা এবং পবের নিন্দা ও পবেব প্রশংসা—এগুলি আর্য্যদিগেব আচাবসিদ্ধ নহে ॥২৪॥

কথং ভোজস্য পুরুষে বৎসপালে দুরাত্মনি।
সমাবেশয়সে সর্ব্বং জগৎ কেবলকাম্যয়া ॥২৬॥
অথ চৈষা ন তে বুদ্ধিঃ প্রকৃতিং যাতি ভারত!।
ময়ৈব কথিতং পূর্ব্বং কুলিঙ্গশকুনির্যথা ॥২৭॥

ভারতকৌমুদী

যদিতি। অস্তব্যং স্তবাযোগ্যম্। অনুমন্যতে অঙ্গীকরোতি ॥২৫॥

কথমিতি। ভোজস্য কংসস্য, পুরুষে নিযোজ্যলোকস্বরূপে। নন্দঘোষস্য কংসনিযোজ্যত্বাত্তৎপুত্ত্রম্মন্যস্য কৃষ্ণস্যাপি কংসনিযোজ্যত্বমিতি ভাবঃ। বৎসপালে গোবৎসরক্ষকে দুরাত্মনি কৃষ্ণে, কেবলকাম্যযা ইচ্ছামাত্রেণৈব, কথং সর্ব্বং জগৎ সমাবেশয়সে ॥২৬॥

অথেতি। প্রকৃতিং স্বভাবম্। কুলিঙ্গশকুনিস্বভাবাদিকং টীকাযাং পূর্ব্বমুক্তম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

অস্মাভিঃ শ্রুতমিতি যোজ্যম্ ॥২৪॥ অস্তব্যং বাচামগোচরত্বাৎ, মোহাৎ মোহম্ অজ্ঞানম্ আশ্রিত্যেতি ল্যব্লোপে পঞ্চমী। মাযিকৈর্গুণৈঃ সর্ব্বৈশ্বর্য্যাদিভিঃ নির্ব্বিশেষচিন্মাত্রস্য কেশবস্য স্তবং কশ্চিৎ তদভিজ্ঞো নানুমন্যতে ॥২৫॥ এতদেবাহ—কথমিতি। ভো ভীষ্ম! অজস্য অবিদ্যোপাধের্জীবস্য পুরুষে পুরিশযে অন্তরাত্মনি সচ্চিদানন্দরূপে বর্গঃ দেহেন্দ্রিয়াদিসঙ্ঘাতঃ। তস্য পালযিতরি "কো হ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যা"দিতি শ্রুতেঃ। অতুরাত্মনি উপাধিধর্ম্মকালুষ্যাদনুৎস্থিতঃ, আত্মা দুরাত্মা বিরাট্সূত্রেশ্বরাখ্যঃ তস্মিন্নে জগৎ কথং সমাবেশযসে, ন হি মৃদ্ঘটন্যাযেনাত্র জগৎসমাবেশঃ অপরিণামিত্বাদস্য, কিং তর্হি রজ্জুসর্পন্যাযেন, তথা চাজ্ঞানমেব জগদুপাদানম্, অয়ন্তু তদধিষ্ঠানমাত্রম্। যথোক্তম্—"অস্য দ্বৈতেন্দ্রজালস্য যদুপাদানকারণম্। অজ্ঞানং তদুপাশ্রিত্য ব্রহ্ম কারণমুচ্যতে॥" ইতি। কেবলস্য নির্গুণস্য কাম্যযা ইচ্ছযা, সগুণোপাসকানাং নির্গুণপ্রাপ্তিঃ সদ্যো ন সম্ভবতীত্যর্থঃ। পক্ষে ভোজস্য কংসস্য বর্গপালে গোসঙ্ঘপালে ॥২৬॥ অথ চেতি। তে ত্বৎসম্বন্ধিনাম্, এষাং পুংসাং বুদ্ধিঃ প্রকৃতিং ন যাতি সকারণে ন লীযতে, তর্হি ভূলিঙ্গশকুনির্যথান্যদ্বদত্যন্যৎ করোতি, তদ্বত্তে শুদ্ধং জ্ঞাপযন্তে শবলং বদন্তীত্যর্থঃ। ভুবং লিঙ্গতীতি ভূলিঙ্গো বিলশাযী পক্ষিবিশেষঃ। এষেতি পাঠে এষা অস্মদীযা বুদ্ধিঃ, তে ত্বদীযা স্বচ্ছন্দত্বেতি যোজ্যম্। তদা স্বস্যৈব

ভীষ্ম! তুমি মোহনিবন্ধন ভক্তিবশতঃ সর্ব্বদাই কৃষ্ণের স্তব করিয়া থাক, অথচ কৃষ্ণ স্তবের অযোগ্য, অতএব কোন লোকই তোমার সে স্তবের অনুমোদন করে না ॥২৫॥

দুরাত্মা কৃষ্ণ কংসের দাস এবং কংসেরই গোবৎসরক্ষক, অথচ তুমি কেবল ইচ্ছা করিযাই সেই কৃষ্ণের ভিতরে সমস্ত জগৎ সন্নিবেশিত কর কেন? ॥২৬॥

ভীষ্ম! আমি পূর্ব্বেই বলিযাছি যে, কুলিঙ্গপক্ষিণীর ন্যায় তোমার এই বুদ্ধি প্রকৃতিস্থই হয না ॥২৭॥

---

(২৬)...বর্গপালে দুরাত্মনি...। (২৭)... ভূলিঙ্গশকুনির্যথা।

কুলিঙ্গশকুনির্নাম পার্শ্বে হিমবতঃ পরে।
ভীষ্ম! তস্যাঃসদা বাচঃ শ্রূয়তেঽর্থবিগর্হিতাঃ ॥২৮॥
মা সাহসমিতীদং সা সততং বাশতে কিল।
সাহসঞ্চাত্মনাতীব চরন্তী নাববুধ্যতে ॥২৯॥
সা হি মাংসার্গলং ভীষ্ম! মুখাৎ সিংহস্য খাদতঃ।
দন্তান্তরবিলগ্নং যত্তদাদত্তেঽল্পচেতনা ॥৩০॥
ইচ্ছতঃ সা হি সিংহস্য ভীষ্ম! জীবত্যসংশয়ম্।
তদ্বত্ত্বমপ্যধর্ম্মিষ্ঠ! সদা বাচঃ প্রভাষসে ॥৩১॥

ভারতকৌমুদী

কুলিঙ্গশকুনিস্বভাবং স্বয়মেব বিবৃণোতি—কুলিঙ্গেতি। অর্থবিগর্হিতা অর্থস্য বিপরীতত্বাদেব অর্থবিষয়ে নিন্দিতাঃ। স্ত্রীপক্ষিত্বাদেব কুলিঙ্গশকুনিশব্দস্য স্ত্রীত্বম্ ॥২৮॥

মেতি। ইদম্ ঈদৃশম্। বাশতে শব্দং করোতি। নাববুধ্যতে আত্মনস্তৎ সাহসম্ ॥২৯॥

সেতি। হে ভীষ্ম! যদ্যস্মাৎ, অল্পচেতনা মন্দবুদ্ধিঃ, সা কুলিঙ্গশকুনিঃ, মাংসমেব খাদতঃ সিংহস্য মুখাৎ, দন্তান্তরবিলগ্নম্, তৎ, মাংসমেব অর্গলম্ অর্গলবদ্দৃঢ়সক্তং মাংসম্ আদত্তে ॥৩০॥

ইচ্ছত ইতি। ইচ্ছতঃ সিংহস্য হি সিংহস্য ইচ্ছয়ৈবেত্যর্থঃ, সা কুলিঙ্গশকুনিঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

শকুন্যুপমত্বম্ ॥২৭॥ অর্থবিগর্হিতাঃ উক্তিবিপরীতক্রিয়যা অর্থো বিগর্হিতো যাসাং তাঃ ॥২৮॥ বাশতে শব্দং করোতি ॥২৯॥ মাংসার্গলং দংষ্ট্রান্তরলগ্নস্য মাংসস্য বহির্নির্গতভাগম্ উল্লোলম্ ॥৩০॥ ইচ্ছত ইতি। সা হি পক্ষিণী মৃত্যুমুখে প্রবিষ্টাপি তদুপেক্ষয়া জীবন্তী যথা লোকানুপদিশতি মা সাহসমিতি, তথা ত্বমপি দেহধারিত্বাৎ মৃত্যুমুখে পতিতোঽপি মৃত্যুনা উপেক্ষিতো

ভীষ্ম! হিমালয়ের অপর পার্শ্বে কুলিঙ্গশকুনিনামে একপ্রকার পক্ষিণী আছে, সর্ব্বদাই তাহার বাক্য অর্থের বিপরীত শুনা যায় ॥২৮॥

কেন না, সে সর্ব্বদাই এইরূপ শব্দ করে যে, 'মা সাহসম্' (অর্থাৎ তোমরা সাহস করিও না); অথচ সে নিজে গুরুতর সাহস করিতে থাকিয়াও তাহা বোঝে না ॥২৯॥

কারণ, সিংহ মাংস খাইতে লাগিলে, তাহার দাঁতের ভিতরে মাংস লাগিয়া যায়, তখন অল্পবুদ্ধি সেই কুলিঙ্গপক্ষিণী সিংহের মুখ হইতে সেই মাংসখণ্ড টানিয়া বাহির করে ॥৩০॥

তখন সেই কুলিঙ্গপক্ষিণী সিংহের ইচ্ছাক্রমেই বাঁচিয়া থাকে; এবিষয়ে কোন সন্দেহ নাই। হে অধার্ম্মিক ভীষ্ম! তুমিও সর্ব্বদাই সেইরূপ বাক্য বলিয়া থাক ॥৩১॥

ইচ্ছতাং ভূমিপালানাং ভীষ্ম! জীবস্যসংশয়ম্।
লোকবিদ্বিষ্টকর্ম্মা হি নান্যোঽস্তি ভবতা সমঃ ॥৩২॥

বৈশম্পায়ন উবাচ।

ততশ্চেদিপতেঃ শ্রুত্বা ভীষ্মঃ স কটুকং বচঃ।
উবাচেদং বচো রাজন্। চেদিরাজস্য শৃণ্বতঃ ॥৩৩॥
ইচ্ছতাং কিল নামাহং জীবাম্যেষাং মহীক্ষিতাম্।
সোঽহং ন গণয়াম্যেতাংস্তৃণেনাপি সমান্ নৃপ! ॥৩৪॥
এবমুক্তে তু ভীষ্মেণ ততঃ সঞ্চুক্রুধুর্নৃপাঃ।
কেচিজ্জহৃষিরে তত্র কেচিদ্ভীষ্মং জগর্হিরে ॥৩৫॥

ভাবতকৌমুদী

ইচ্ছতামিতি। ইচ্ছতাম্ ইচ্ছয়ৈবেতি তাৎপর্য্যম্। লোকৈর্বিদ্বিষ্টং কর্ম্ম যস্য সঃ ॥৩২॥
তত ইতি। কটুকং পরুষম্। শৃণ্বতশ্চেদিরাজস্য তমনাদৃত্যেত্যর্থঃ ॥৩৩॥
ইচ্ছতামিতি। ইচ্ছতাম্ ইচ্ছয়ৈবেতি প্রৌঢ়িবাদঃ। গণয়ামি মন্যে ॥৩৪॥
এবমিতি। জহৃষিরে হাস্যং চক্রুঃ। জগর্হিরে নিনিন্দুঃ ॥৩৫॥

ভাবতভাবদীপঃ

জীবসি অস্মাংশ্চোপদিশসি মৃত্যুমুখেন পতিতব্যমিতি। তত্র হেতুঃ অধর্ম্মিষ্ঠেতি। সর্ব্বধর্ম্ম-শূন্যং ব্রহ্ম অধর্ম্মি তন্নিষ্ঠ, ব্রহ্মনিষ্ঠো হি মৃত্যুমুখে ন পততীতি বেদশাস্ত্রপ্রসিদ্ধম্ ॥৩১॥ অত্রৈব হেত্বন্তরমাহ—ইচ্ছতামিতি। পূজায়াং বহুবচনম্। শান্তনোঃ স্বপিতুরিচ্ছয়া বরদানেনাপি জীবসী-ত্যর্থঃ। লোকবিদিতি দ্বিষ্টকর্ম্মেতি চ চ্ছেদঃ। লোক আত্মা, "আত্মানমেব লোকমুপাসীত" ইতি শ্রুতেঃ। তদ্বিদ্বিষ্টং দ্বেষযুক্তং হিংস্রং ক্ষাত্রং কর্ম্ম যস্যেত্যেবংবিধোঽপি ক্ষত্রিয়োঽপি অত্যন্তং ব্রহ্মবিদসীত্যর্থঃ। পক্ষান্তরে তু স্পষ্টার্থ এব গ্রন্থঃ ॥৩২—৩৩॥ এবং গূঢ়াভিসন্ধিনা শিশুপালেন স্তুতোঽপি ভীষ্মঃ তস্যাভিলষিতং কৈবল্যং দাতুং তদুক্তীনাং রূঢ্যা নিন্দাপরত্বমাশ্রিত্য বৈর-

---

এবং এই রাজাদের ইচ্ছাক্রমেই বাঁচিয়া আছ, এ বিষয়েও কোন সন্দেহ নাই। কিন্তু ভীষ্ম! তোমার মত অন্য কেহই লোকের অপ্রিয় কার্য্য করে না" ॥৩২॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ। তাহার পর, ভীষ্ম শিশুপালের সেই কটু কথা শুনিয়া তাঁহাকে অগ্রাহ্য করিয়াই এই কথা বলিলেন—॥৩৩॥

"শিশুপাল। আমি এই রাজাদের ইচ্ছায় বাঁচিয়া আছি! কিন্তু সে আমি এই রাজগণকে তৃণের তুল্যও গণনা করি না" ॥৩৪॥

ভীষ্ম এইরূপ বলিলে, শিশুপালের পক্ষের সকল রাজাই ক্রুদ্ধ হইলেন এবং তাঁহাদের মধ্যে কেহ কেহ হাস্য করিলেন; অপর কেহ কেহ ভীষ্মকে নিন্দা করিতে লাগিলেন ॥৩৫॥

কেচিদূচুর্মহেষ্বাসাঃ শ্রুত্বা ভীষ্মস্য তদ্বচঃ।
পাপোঽবলিপ্তো বৃদ্ধশ্চ নায়ং ভীষ্মোঽর্হতি ক্ষমাম্ ॥৩৬॥
হন্যতাং সাধ্বয়ং ভীষ্মঃ পশুবৎ খলু পার্থিবৈঃ।
সর্ব্বৈঃ সমেত্য সংরব্ধৈর্দহ্যতাং বা কটাগ্নিনা ॥৩৭॥
ইতি তেষাং বচঃ শ্রুত্বা ভীষ্মঃ কুরুপিতামহঃ।
উবাচ মতিমাংস্তত্র তানেব বসুধাধিপান্ ॥৩৮॥
উক্তস্যোক্তস্য নেহান্তমহং সমুপলক্ষয়ে।
যত্তু বক্ষ্যামি তৎ সর্ব্বং শৃণুধ্বং বসুধাধিপাঃ ! ॥৩৯॥
পশুবদ্ ঘাতনং বা মে দহনং বা কটাগ্নিনা।
ক্রিয়তাং মূর্দ্ধ্নি বো ন্যস্তং ময়েদং সকলং পদম্ ॥৪০॥

ভারতকৌমুদী

কেচিদিতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। অবলিপ্তো গর্ব্বিতঃ। ক্ষমাং প্রাপ্তুমিতি শেষঃ ॥৩৬॥

হন্যতামিতি। সাধু সম্যক্। সমেত্য মিলিত্বা, সংরব্ধৈঃ ক্রুদ্ধৈঃ। কটাগ্নিনা তৃণ-নির্ম্মিতাসনাগ্নিনা। "শপথে চ ক্রিয়াকারে কিলিঞ্জশবয়োঃ কটঃ" ইত্যমরঃ। কিলিঞ্জ এব তৃণাসনম্ ॥৩৭॥

ইতীতি। মতিমান্ বুদ্ধিমান্। অতএব সংক্ষেপেণ বক্তব্যমুক্তমিতি ভাবঃ ॥৩৮॥

উক্তস্যেতি। পূর্ব্বমস্মাভিরুক্তস্য, পরঞ্চ যুষ্মাভিরুক্তস্য বচসঃ, অন্তং শেষম্ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

মৃত্যোতরন্ উবাচ ইচ্ছতাং কিলেত্যাদিনা ॥৩৪—৩৬॥ কটাগ্নিনা কক্ষাগ্নিনা ॥৩৭—৪১॥

মহাধনুর্দ্ধর কোন কোন রাজা ভীষ্মের সেই কথা শুনিয়া বলিলেন—"এই ভীষ্ম-বেটা বৃদ্ধ হইয়াও পাপাত্মা এবং গর্ব্বিত ; সুতরাং এ, আমাদের নিকট ক্ষমা পাইতে পারে না ॥৩৬॥

অতএব ক্রুদ্ধ রাজারা সকলে মিলিয়া এই ভীষ্মটাকে পশুর ন্যায় হত্যা করুন, অথবা মাদুর জড়াইয়া ওটাকে দগ্ধ করুন" ॥৩৭॥

বুদ্ধিমান্ কুরুপিতামহ ভীষ্ম তাঁহাদের এইরূপ উক্তি শুনিয়া তখন সেই রাজ-গণকেই বলিলেন—॥৩৮॥

"রাজগণ ! আমরা একটা বলিলাম, আবার তোমরা একটা বলিলে ; এইরূপ হইতে থাকায় আমি উক্তি-প্রত্যুক্তির অবসানই দেখিতেছি না ; অতএব আমি যাহা বলিতেছি, সে সমস্ত তোমরা শোন—॥৩৯॥

"তোমরা আমাকে পশুর ন্যায়ই হত্যা কর, কিংবা মাদুর জড়াইয়াই দগ্ধ কর ; আমি কিন্তু তোমাদের মস্তকে এই সম্পূর্ণ পদাঘাত করিলাম ॥৪০॥

(৩৮)···ততঃ কুরুপিতামহঃ ··। (৩৯) · শৃণুধ্বং বসুধাধিপাঃ ! ।

এষ তিষ্ঠতি গোবিন্দঃ পূজিতোঽস্মাভিবচ্যুতঃ।
যস্য বা ত্বরতে বুদ্ধির্মরণায় স মাধবম্‌ ॥৪১॥
কৃষ্ণমাহ্বয়তামদ্য যুদ্ধে চক্রগদাধরম্‌।
যাবদস্যৈব দেবস্য দেহং বিশতু পাতিতঃ ॥৪২॥ (যুগ্মকম্‌)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি শিশুপালবধে ভীষ্মবাক্যে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥*

—:*:—

চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ।

—:*:—

শিশুপাল উবাচ।

ততঃ শ্রুত্বৈব ভীষ্মস্য চেদিরাড়ুরুবিক্রমঃ।
যুযুৎসুর্বাসুদেবেন বাসুদেবমুবাচ হ ॥১॥

ভারতকৌমুদী

পশুবদিতি। পদস্য কিয়দংশার্পণে ন তাদৃগপমান ইতি সূচয়িতুং সকলপদমুক্তম্‌ ॥৪০॥
এষ ইতি। ত্বরতে সত্বরীভবতি। পাতিতঃ অনেনৈব বিনাশিতঃ ॥৪১—৪২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সভাপর্ব্বণি শিশুপালবধে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। উরুবিক্রমো মহাপরাক্রমঃ। যুযুৎসুর্যোদ্ধুমিচ্ছুঃ, বাসুদেবেন সহ ॥১॥

ভারতভাবদীপঃ

কৃষ্ণমিতি। দেহং বিশত্বিত্যনেন স্বস্য শিশুপালীয়ং বৈকুণ্ঠাৎ পতনাদিকং পূর্ব্ববৃত্তং বিদিতমস্তীতি দর্শিতম্‌ ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৩॥

—:*:—

তত ইতি। উরুবিক্রমঃ উরুর্মহান্‌ বিশ্বব্যাপী বিক্রমঃ পাদবিক্ষেপো যস্য স শিশুপালো

আমরা কৃষ্ণের পূজা করিয়াছি, তিনিও এই রহিয়াছেন, এখন যাহার বুদ্ধি মরণের জন্য ব্যস্ত হইয়াছে, সে, চক্র ও গদাধারী কৃষ্ণকে যুদ্ধে আহ্বান করুক এবং উঁহারই হাতে নিহত হইয়া উঁহারই শরীরে প্রবেশ করুক” ॥৪১—৪২॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, মহাবিক্রমশালী শিশুপাল ভীষ্মের কথা শুনিয়াই কৃষ্ণের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া কৃষ্ণকে বলিলেন—॥১॥

* ‘…চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ’, ‘…সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ’।

আহ্বয়ে ত্বাং ময়া সার্দ্ধং রণং গচ্ছ জনার্দ্দন ।
যাবদদ্য নিহন্মি ত্বাং সহিতং সর্ব্বপাণ্ডবৈঃ ॥২॥
সহ ত্বয়া হি মে বধ্যাঃ পাণ্ডবাঃ কৃষ্ণ ! সর্ব্বথা ।
নৃপতীন্ সমতিক্রম্য যৈররাজা ত্বমর্চ্চিতঃ ॥৩॥
যে ত্বাং দাসমরাজানং বাল্যাদর্চ্চন্তি দুর্ম্মতিম্ ।
অনর্হমর্হবৎ কৃষ্ণ ! বধ্যাস্ত ইতি মে মতিঃ ।
ইত্যুক্ত্বা রাজশার্দ্দূলস্তস্থৌ গর্জ্জন্নমর্ষণঃ ॥৪॥

ভারতকৌমুদী

আহ্বয় ইতি। গচ্ছ আগচ্ছ। সর্ব্বপাণ্ডবৈঃ সহিতং ত্বাং নিহন্মীতি সম্বন্ধঃ ॥২॥

নন্নু পাণ্ডববধে কিং কারণমিত্যাহ—সহেতি। যৈঃ পাণ্ডবৈঃ ॥৩॥

য ইতি। হে কৃষ্ণ! যে চ পাণ্ডবাঃ, দাসং কংসস্য ভৃত্যম্, অরাজানং দুর্ম্মতিঞ্চ, অনর্হং পূজায়া অযোগ্যঞ্চ, ত্বাম্, অর্হবৎ পূজাযোগ্যজনবদেব, বাল্যাদারভ্য, অর্চ্চন্তি, তে পাণ্ডবা মে বধ্যা ইতি মে মতির্ধারণা। ইতি উক্ত্বা, অমর্ষণঃ ক্রুদ্ধঃ, রাজশার্দ্দূলঃ শিশুপালঃ, গর্জ্জন্, তস্থৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

হবিণা সহাভেদাৎ ॥১॥ তাবৎ রণং গচ্ছ, যাবৎ ত্বাং নিহন্মি নিশ্চয়েন প্রাপ্নোমি, হন্তের্গত্যর্থত্বেন প্রাপ্ত্যর্থত্বাৎ, সদ্যঃ কৈবল্যেপ্সুং মাং জরাসন্ধমিব জিতমাত্রং মা মুঞ্চেত্যর্থঃ। সহিতং সর্ব্বপাণ্ডবৈরিতি পাণ্ডবানামপি বিষ্ণুংশত্বং দর্শয়তি ॥২॥ অবধ্যাঃ অবধৌ মর্য্যাদাপরিপালকাঃ, যে মতাঃ, এষ সেতুর্বিধৃতিরেষাং লোকানামসম্ভেদায়েতি পরমাত্মনস্তাবন্মর্য্যাদাবিধায়কত্বং স্পষ্টং তদংশত্বাৎ পাণ্ডবানামপীত্যর্থঃ। অত্র হেতুমাহ—নৃপতীনিতি। অরাজা নাস্তি রঞ্জকোঽস্মাদন্য ইতি অরাজা। এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তি। "এষ হ্যেবানন্দয়তি" ইত্যাদিনা পরমাত্মন এব মুখ্যরঞ্জকত্বশ্রুতেঃ ॥৩॥ ত্বান্দাসং ত্বা অন্দাসমিতি চ্ছেদঃ। ত্বা ত্বাম্ অন্দো বন্ধঃ। অদি বন্ধনে ধাতুঃ। তম্ অস্যতি ক্ষিপতীতি অন্দাসং বন্ধনাশকম্, বাল্যাদারভ্যেতি শেষঃ, দুর্ম্মতিম্ অনর্হং দুঃস্থিতাং মতিং প্রক্ষেপ্তুম্ অনর্হমিত্যর্থঃ। অর্হবৎ পূজ্যবৎ

"কৃষ্ণ! আমি তোমাকে আহ্বান করিতেছি, তুমি আমার সহিত যুদ্ধে আগমন কর, আজ আমি সমস্ত পাণ্ডবের সহিতই তোমাকে বধ করিব ॥২॥

কৃষ্ণ! সর্ব্বপ্রকারেই তোমার সহিত পাণ্ডবগণ আমার বধ্য। কারণ, তুমি রাজা নও, তথাপি যে পাণ্ডবেরা রাজগণকে অতিক্রম করিয়া তোমার পূজা করিয়াছে ॥৩॥

কৃষ্ণ! তুমি রাজা নও, প্রত্যুত কংসের দাস এবং দুর্ম্মতি, সুতরাং তুমি পূজার অযোগ্য। তথাপি যে পাণ্ডবেরা বাল্যকাল হইতেই পূজনীয় ব্যক্তির ন্যায় তোমার পূজা করিয়া আসিতেছে, সে পাণ্ডবেরা নিশ্চয়ই আমার বধ্য,

(২)...সহিতং পাণ্ডবৈঃ সহ। (৪) যে ত্বাং পাপমরাজানম্...।

এবমুক্তে ততঃ কৃষ্ণো মৃদু পূর্ব্বমিদং বচঃ।
উবাচ পার্থিবান্ সর্ব্বাংস্তৎসমক্ষঞ্চ বীর্য্যবান্ ॥৫॥
এষ নঃ শত্রুবত্যর্থং পার্থিবাঃ! সাত্বতীসুতঃ।
সাত্বতানাং নৃশংসাত্মা ন হিতোঽনপকারিণাম্ ॥৬॥
প্রাগ্‌জ্যোতিষপুরং প্রাপ্তানস্মান্ জ্ঞাত্বা নৃশংসবৎ।
অদহদ্দ্বারকামেষ স্বস্রীয়ঃ সন্ নরাধিপাঃ। ॥৭॥
ক্রীড়তো ভোজরাজস্য এষ রৈবতকে গিরৌ।
হত্বা বধ্বা চ তান্ সর্ব্বানপায়াৎ স্বপুরং প্রতি ॥৮॥

ভারতকৌমুদী

এবমিতি। ইদং মৃদু কোমলং বচ ইতি সম্বন্ধঃ। তস্য শিশুপালস্য সমক্ষম্ ॥৫॥

এষ ইতি। হে পার্থিবাঃ। নৃশংসাত্মা এষ সাত্বতীসুতঃ শিশুপালঃ, অনপকারিণামেব সাত্বতানাং যাদবানাম্, নোঽস্মাকং ন হিতঃ অহিতকারী, অতএব অত্যর্থং শত্রুর্জাতঃ ॥৬॥

কুতোঽত্যর্থং শত্রুর্জাত ইত্যাহ—প্রাগিতি। স্বস্রীয়ঃ পিতৃস্বস্রীয়ঃ ॥৭॥

ক্রীড়ত ইতি। তান্ সর্ব্বান্ সহচরানিত্যর্থঃ, অপায়াৎ অপহৃতবান্ ॥৮॥

ভারতভাবদীপঃ

তেঽপি বধ্যাঃ, অবোপসর্গস্য ভাগুরিমতেন অকারলোপঃ, পূর্ব্ববদর্থঃ ॥৪—৫॥ এবং গূঢ়াশয়েন স্তুতোঽপি ভগবান্ কার্য্যাভিপ্রায়েণ লোকদৃষ্ট্যা তং হন্তুং বৈরমাবিষ্করোতি এষ নঃ শত্রু-

---

ইহাই আমার ধারণা।” এই কথা বলিয়া ক্রুদ্ধ শিশুপাল গর্জ্জন করতঃ অবস্থান করিতে লাগিলেন ॥৪॥

শিশুপাল এইরূপ বলিলে, তাঁহার সমক্ষেই বলবান্ কৃষ্ণ সকল রাজাকে প্রথমে এই কোমল বাক্য বলিলেন—॥৫॥

“রাজগণ! আমরা যাদবেরা এই শিশুপালের কোন অপকারই করি নাই, তথাপি এই নৃশংসপ্রকৃতি শিশুপাল আমাদের গুরুতর শত্রু হইয়া দাঁড়াইয়াছে ॥৬॥

কারণ, রাজগণ। আমরা প্রাগ্‌জ্যোতিষপুরে গিয়াছি, ইহা জানিয়া এই শিশুপাল আমাদের পিস্‌তাত ভাই হইয়াও নৃশংসেরই মত আমাদের দ্বারকানগরী দগ্ধ করিয়াছিল ॥৭॥

ভোজরাজ রৈবতকপর্ব্বতে বিহার করিতেছিলেন, সেই সময়ে এই দুরাত্মা যাইয়া তাঁহার সহচরদিগকে যথাসম্ভব হত্যা ও বন্ধন করিয়া আপন রাজধানীতে চলিয়া গিয়াছিল ॥৮॥

---

(৬) ··ন হিতো নয়কারিণাম্। (৮) ক্রীড়তো ভোজরাজন্যান্···।

অশ্বমেধহযং মেধ্যমুৎস্রষ্টং রক্ষিভির্বৃতম্ ।
পিতুর্মে যজ্ঞবিঘ্নার্থমহরৎ পাপনিশ্চয়ঃ ॥৯॥
সৌবীরান্ প্রতি যাতাঞ্চ বভ্রোরেষ যশস্বিনঃ ।
ভার্য্যামভ্যহরন্মোহাদকামাং তামিতো গতাম্ ॥১০॥
এষ মাযাপ্রতিচ্ছন্নঃ করূষার্থে তপস্বিনীম্ ।
জহার ভদ্রাং বৈশালীং মাতুলস্য নৃশংসবৎ ॥১১॥
পিতৃষ্বস্রুঃ কৃতে দুঃখং সুমহন্মর্ষযাম্যহম্ ।
দিষ্ট্যা ত্বিহ মহীপানাং সন্নিধাবদ্য বর্ত্ততে ॥১২॥

ভারতকৌমুদী

অশ্বেতি । অশ্বমেধস্য হযমশ্বম্, মেধ্যং হিংসনীযম্ । পাপে নিশ্চযো যস্য সঃ ॥৯॥

সৌবীরানিতি । সৌবীরান্ তদাখ্যং দেশম্ । বভ্রোর্বক্রনামকস্য যাদবস্য ॥১০॥

এষ ইতি । মাযাপ্রতিচ্ছন্নঃ কপটবেশেন গূঢস্বরূপঃ, এষ শিশুপালঃ, নৃশংসবৎ, করূষার্থে করূষদেশাধিপতেঃ সুহৃদো নিমিত্তে, তপস্বিনীং তদানীমসহাযত্বাদ্দীনাম্, বৈশালীং বিশালারাজমহিষীম্, মাতুলস্য কন্যাং ভদ্রাং নাম জহার ॥১১॥

পিত্রিতি । কৃতে নিমিত্তে । মর্ষযামি সহে । দিষ্ট্যা ভাগ্যেন ॥১২॥

ভারতভাবদীপঃ

রিত্যাদিনা । নহিতঃ সুপ্‌সুপেতি সমাসঃ, নৈকধেত্যাদিবৎ, দ্বেষীত্যর্থঃ ॥৬—৯॥ সৌবীরান্ দেশবিশেষান্, ইতো হস্তিনাপুরাৎ, গতাং প্রস্থিতাম্ । সুবীরাৎ প্রতিপত্তৌ চেতি পাঠে প্রতিপত্তৌ বিবাহকালে, বভ্রোর্যাদবস্য ॥১০॥ দোষান্তরমাহ—এষ ইতি । করূষার্থে করূষো দেশভেদঃ তদ্রাজার্থে, মাযাপ্রতিচ্ছন্নঃ কপটেন তদ্বেষং কৃত্বেত্যর্থঃ । বৈশালীং বিশালা পুরী,

আমার পিতৃদেব অশ্বমেধযজ্ঞ করিবার জন্য একটী অশ্বকে রক্ষিপরিবেষ্টিত করিয়া ছাড়িয়া দেন, তখন এই পাপাত্মা সেই যজ্ঞের বিঘ্ন ঘটাইবার জন্য সেই মেধ্য অশ্বটীকে অপহরণ করিয়াছিল ॥৯॥

যশস্বী বভ্রুর ভার্য্যা দ্বারকা হইতে প্রস্থান করিয়া সৌবীরদেশে যাইতেছিলেন, তখন এই দুরাত্মা সেই অকামা মহিলাটীকে অপহরণ করিয়াছিল ॥১০॥

এই দুরাত্মা ছদ্মবেশ ধারণ করিয়া করূষরাজের জন্য মাতুলের কন্যা এবং বিশালারাজার মহিষী নিঃসহায়া ভদ্রাকে অপহরণ করিয়াছিল ॥১১॥

আমি এ যাবৎ পিসীমার জন্যই এই সকল গুরুতর দুঃখ সহ্য করিয়া আসিতেছি; কিন্তু আজ সেই দুরাত্মা শিশুপাল এই রাজাদের নিকটে অবস্থান করিতেছে ॥১২॥

(১০) ..বভ্রোরেষ যশস্বিনীম্ .. । (১১) জহার ভার্য্যাং বৈশালীম্, মাতুলস্য নৃশংসকৃৎ ।

পশ্যন্তি হি ভবন্তোঽস্য ময্যতীব ব্যতিক্রমম্।
কৃতানি তু পরোক্ষং মে যানি তানি নিবোধত ॥১৩॥
ইমং ত্বস্য ন শক্ষ্যামি ক্ষন্তুমদ্য ব্যতিক্রমম্।
অবলেপাদ্বধার্হস্য সমগ্রে রাজমণ্ডলে ॥১৪॥
রুক্মিণ্যামস্য মূঢ়স্য প্রার্থনাসীন্মুমূর্ষতঃ।
ন চ তাং প্রাপ্তবান্ মূঢ়ঃ শূদ্রো বেদশ্রুতীমিব ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবমাদি ততঃ সর্ব্বে সহিতাস্তে নরাধিপাঃ।
বাসুদেববচঃ শ্রুত্বা চেদিরাজং ব্যগর্হয়ন্ ॥১৬॥
তস্য তদ্বচনং শ্রুত্বা শিশুপালঃ প্রতাপবান্।
জহাস স্বনবদ্ধাসং বাক্যঞ্চেদমুবাচ হ ॥১৭॥

ভারতকৌমুদী

পশ্যন্তীতি। ব্যতিক্রমং নিন্দয়া লঙ্ঘনম্। নিবোধত উক্তহেতুভির্জানীত ॥১৩॥
ইমমিতি। ব্যতিক্রমং নিন্দয়া লঙ্ঘনম্। অবলেপাদ্গর্ব্বাৎ ॥১৪॥
রুক্মিণ্যামিতি। বেদশ্রুতীং বেদবাক্যশ্রবণম্। ক্ত্যন্তত্বেঽপি আর্ষত্বাদীপ্রত্যয়ঃ ॥১৫॥
এবমিতি। এবমাদি বাসুদেববচ ইতি সম্বন্ধঃ। ব্যগর্হয়ন্ নিন্দিতবন্তঃ ॥১৬॥
তস্যেতি। স্বনবাংশ্চাসৌ হাসশ্চেতি তম্, জহাস, সশব্দং হাস্যং চকারেত্যর্থঃ ॥১৭॥

আর, আজ আমার উপরে যে গুরুতর ব্যতিক্রম করিল, তাহা আপনারা প্রত্যক্ষ দেখিলেন এবং আমার অসমক্ষে যে সকল ব্যবহার করিয়াছিল, তাহাও শুনিলেন ॥১৩॥

আজ আমার উপরে যে ব্যতিক্রম করিল, ইহা আমি সহ্য করিতে পারিব না, বিশেষতঃ, সমস্ত রাজগণের সমক্ষে গর্ব্ব করায় দুরাত্মা বধের যোগ্যেই হইয়াছে ॥১৪॥

এই মুমূর্ষু মূর্খটার রুক্মিণীকে লাভ করিবার ইচ্ছা ছিল, কিন্তু শূদ্র যেমন বেদবাক্য শুনিতে পারে না, এ মূর্খটাও তেমন রুক্মিণীকে লাভ করিতে পারে নাই" ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, কৃষ্ণের এইরূপ উক্তিগুলি শুনিয়া রাজারা সকলে মিলিয়া শিশুপালকে বিশেষভাবে নিন্দা করিতে লাগিলেন ॥১৬॥

কিন্তু প্রতাপশালী শিশুপাল কৃষ্ণের সেই কথাগুলি শুনিয়া অট্ট হাস্য করিলেন এবং এই কথা বলিলেন—॥১৭॥

---

(১৩) পশ্যন্ত হি ভবন্তোঽস্য··· ।

মৎপূর্ব্বাং রুক্মিণীং কৃষ্ণ ! সংসৎসু পরিকীর্ত্তয়ন্ ।
বিশেষতঃ পার্থিবেষু ব্রীড়াং ন কুরুষে কথম্ ॥১৮॥
মন্যমানো হি কঃ সৎসু পুরুষঃ পরিকীর্ত্তয়েৎ ।
অন্যপূর্ব্বাং স্ত্রিয়ং জাতু ত্বদন্যো মধুসূদন ! ॥১৯॥
ক্ষম বা যদি তে শ্রদ্ধা মা বা কৃষ্ণ ! মম ক্ষম ।
ক্রুদ্ধাদ্বাপি প্রসন্নাদ্বা কিং মে ত্বত্তো ভবিষ্যতি ॥২০॥
তথা ব্রুবত এবাস্য ভগবান্ মধুসূদনঃ ।
ব্যপাহরচ্ছিরঃ কায়াচ্চক্রেণামিত্রকর্ষণঃ ।
স পপাত মহাবাহুর্বজ্রাহত ইবাচলঃ ॥২১॥

ভারতকৌমুদী

মদিতি। অহমেব পূর্ব্বঃ প্রথমঃ পতির্যস্যাস্তাম্। সংসৎসু সভাসু ॥১৮॥
মন্যেতি। স্ত্রিয়ম্ অন্যপূর্ব্বাম্, মন্যমানো জানন্। জাতু কদাচিৎ ॥১৯॥
ক্ষমেতি। ক্ষম ক্ষমস্ব। শ্রদ্ধা ইচ্ছা, "শ্রদ্ধাস্তিক্যেঽভিলাষে চ" ইতি হেমচন্দ্রঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

তদধিপস্য কন্যাম্ ॥১১—১২॥ তানি পূর্ব্বোক্তানি নিবোধত ॥১৩—১৭॥ মৎপূর্ব্বাং পিত্রাদিভিঃ পূর্ব্বং মহ্যং প্রতিশ্রুতাম্ ॥১৮॥ মন্যমানঃ স্বীকুর্ব্বাণঃ ॥১৯॥ ক্ষম ক্ষমস্ব, শ্রদ্ধা পিতৃবন্মূর্বচসি অবশ্যানুষ্ঠেয়ত্ববুদ্ধিঃ ॥২০—২১॥ (পাঠান্তরে) যাচতঃ ইতি পাঠে যাচনং যাচঃ, তস্মাৎ প্রথমার্থে তসিঃ ॥৩॥ যাচিতং ময়া দত্তম্, প্রতিশ্রুতং তানি শতম্ অপরাধানি, বধয়িষ্যামি বধং প্রাপয়ি-

"কৃষ্ণ। সভার মধ্যে, বিশেষতঃ রাজাদের সমক্ষে 'রুক্মিণী পূর্ব্বে আমার পরিগৃহীত ছিলেন' এইরূপ বলিতে তোমার লজ্জা হইল না কেন ! ॥১৮॥

কৃষ্ণ ! তুমি ভিন্ন অন্য কোন্ পুরুষ সভার মধ্যে নিজের স্ত্রীকে অন্যপূর্ব্বা জানিয়া তাহা কীর্ত্তন করিয়া থাকে ? ॥১৯॥

কৃষ্ণ ! তোমার যদি ইচ্ছা হয়, তবে আমাকে ক্ষমা করিতেও পার, না করিতেও পার। কেন না, তুমি ক্রুদ্ধ হইলেই বা আমার কি হইবে এবং প্রসন্ন হইলেই বা আমার কি হইবে" ॥২০॥

(২১) অস্মৎপিতামহলিখিতপুস্তকে ঈদৃশ এব পাঠঃ। কিন্তু কতিপয়পুস্তকে প্রথমার্দ্ধাৎ পরম্ ইমে চত্বারঃ শ্লোকা অধিকা দৃশ্যন্তে। যথা—"মনসাঽচিন্তয়চ্চক্রং দৈত্যবর্গনিসূদনম্। এতস্মিন্নেব কালে তু চক্রে হস্তগতে সতি ॥১॥ উবাচ ভগবানুচ্চৈর্বাক্যং বাক্যবিশারদঃ। শৃণ্বন্তু মে মহীপালাঃ। যেনৈতৎ ক্ষমিতং ময়া ॥২॥ অপরাধশতং ক্ষাম্যং মাতুরস্যৈব যাচনে। দত্তং ময়া যাচিতঞ্চ তদ্বৈ পূর্ণং হি পার্থিবাঃ। ॥৩॥ অধুনা বধয়িষ্যামি পশ্যতাং বো মহীক্ষিতাম্। এবমুক্ত্বা যদুশ্রেষ্ঠশ্চেদিরাজস্য তৎক্ষণাৎ ॥৪॥" "কৃষ্ণমাহ্বয়তামস্য যুদ্ধে চক্রগদাধরম্" ইতি পূর্ব্বাধ্যায়-ভীষ্মোক্ত্যা চক্রস্থিতেরবগমাৎ "অপরাধশতং ক্ষাম্যম্" ইত্যাদ্যর্থস্য চ পূর্ব্বং ভীষ্মেণৈবোক্তত্বাৎ পিতামহধৃতপাঠ এব সাধীয়ান্।

ততশ্চেদিপতের্দেহাত্তেজোঽগ্র্যং দদৃশুর্নৃপাঃ।
উৎপতন্তং মহারাজ। গগনাদিব ভাস্করম্ ॥২২॥
ততঃ কমলপত্রাক্ষং কৃষ্ণং লোকনমস্কৃতম্।
ববন্দে তত্তদা তেজো বিবেশ চ নরাধিপ! ॥২৩॥
তদদ্ভুতমমন্যন্ত দৃষ্ট্বা সর্ব্বে মহীক্ষিতঃ।
যদ্বিবেশ মহাবাহুং তত্তেজঃ পুরুষোত্তমম্ ॥২৪॥
অনভ্রে প্রববর্ষ দ্যৌঃ পপাত জ্বলিতাশনিঃ।
কৃষ্ণেন নিহতে চৈদ্যে চচাল চ বসুন্ধরা ॥২৫॥

ভারতকৌমুদী

তথেতি। অস্য শিশুপালস্য কায়াৎ শিরো ব্যপাহরৎ। অচলঃ পর্ব্বত ইব। শিশুপাল-বধকাব্যে তু মাঘেন যুদ্ধং বর্ণিতম্। দাক্ষিণাত্যপুস্তকেঽপি তথা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

তত ইতি। অগ্র্যং শ্রেষ্ঠং তেজঃ। উৎপতন্তম্ উদ্গচ্ছন্তম্ ॥২২॥

তত ইতি। ববন্দে পাদলগ্নতয়া নমশ্চকারেব। বিবেশ কৃষ্ণমেব ॥২৩॥

তদিতি। তত্তেজঃ কর্ত্তৃ, মহাবাহুং পুরুষোত্তমং কৃষ্ণম্, যদ্বিবেশেতি সম্বন্ধঃ ॥২৪॥

অনভ্র ইতি। অভ্রস্য মেঘস্যাভাব ইত্যনভ্রং তস্মিন্ সত্যপি। দ্যৌরাকাশম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

স্বামি। ণ্যন্তাৎ বধশব্দাৎ ল্যুট্ ॥৪॥ তেজো লিঙ্গশরীরম্, অগ্র্যং সংসারানাদিতয়া অনাদি ॥২২—২৩॥ তচ্চ ভগবতা স্বমহিমানং প্রকাশয়তা সর্ব্বেষাং দৃষ্টিবিষয়ীকৃতম্, তেন অদ্ভুত-তমম্ এতদ্দর্শনম্। "যদ্বিবেশ মহাবাহুং তত্তেজঃ পুরুষোত্তম"মিত্যন্তস্য শিশুপালবধস্য তাৎপর্য্যম্। দ্বেষাদিনাপ্যন্তে ভগবৎস্মরণং তৎপ্রাপ্তিহেতুরিতি। যথোক্তং শ্রীমদ্ভাগবতে—"গোপ্যঃ কামাদ্ভয়াৎ কংসো দ্বেষাচ্চৈদ্যাদয়ো নৃপাঃ। সম্বন্ধাদ্বৃষ্ণয়ঃ স্নেহাদ্যূয়ং ভক্ত্যা বয়ং

শিশুপাল এইরূপ বলিতেছিলেন, এমন সময় শত্রুহন্তা ভগবান্ কৃষ্ণ চক্র দ্বারা তাঁহার দেহ হইতে মস্তক অপহরণ করিলেন, তখন বজ্রাহত পর্ব্বতের ন্যায় শিশুপাল ভূতলে পতিত হইলেন ॥২১॥

মহারাজ! তাহার পর, তত্রত্য রাজারা দেখিলেন—আকাশ হইতে উদিত সূর্য্যের ন্যায় একটা উত্তম তেজ শিশুপালের দেহ হইতে নির্গত হইল ॥২২॥

নরনাথ! তৎপরে সেই তেজটা তখনই যাইয়া কমলনয়ন ও জগৎপূজিত কৃষ্ণকে যেন নমস্কার করিল এবং তাঁহার শরীরে প্রবেশ করিল ॥২৩॥

সেই তেজটা কৃষ্ণের শরীরে যে প্রবেশ করিল, ইহা দেখিয়া রাজারা সকলেই সে ঘটনাকে অদ্ভুত বলিয়া মনে করিলেন ॥২৪॥

কৃষ্ণ শিশুপালকে বধ করিলে, বিনা মেঘে বৃষ্টি হইতে লাগিল, উজ্জ্বল বজ্রপাত হইল, এবং পৃথিবী কাঁপিতে থাকিল ॥২৫॥

ততঃ কেচিন্মহীপালা নাব্রুবংস্তত্র কিঞ্চন।
অতীতবাক্‌পথে কালে প্রেক্ষমাণা জনার্দ্দনম্ ॥২৬॥
হস্তৈর্হস্তাগ্রমপবে প্রত্যপিংষন্নমর্ষিতাঃ।
অপবে দশনৈবোষ্ঠানদশন্ ক্রোধমূৰ্চ্ছিতাঃ ॥২৭॥
বহস্তু কেচিদ্বার্ষ্ণেয়ং প্রশশংসুর্নবাধিপাঃ।
কেচিদেব তু সংবদ্ধা মধ্যস্থাস্ত্বপবেঽভবন্ ॥২৮॥
প্রহৃষ্টাঃ কেশবং জগ্মুঃ সংস্তুবন্তো মহর্ষযঃ।
ব্রাহ্মণাশ্চ মহাত্মানঃ পার্থিবাশ্চ মহাবলাঃ ॥২৯॥
শশংসুর্নির্বৃতাঃ সর্ব্বে দৃষ্ট্বা কৃষ্ণস্য বিক্রমম্।
পাণ্ডবস্ত্বব্রবীদ্‌ভ্রাতৄন্ সৎকাবেণ মহীপতিম্ ॥৩০॥
দমঘোষাত্মজং বীবং সৎকাবযত মা চিবম্।
তথা চ কৃতবন্তস্তে ভ্রাতুর্বৈ শাসনাত্তদা ॥৩১॥ (যুগ্মকম্)

—

ভাবতকৌমুদী

তত ইতি। কেচিন্মহীপালাঃ কর্ত্তব্যবিমূঢ়া ইত্যাশযঃ ॥২৬॥

অপব ইতি। অপরে শিশুপালপক্ষীযা রাজানঃ। প্রত্যপিংযন্ ঘৃষ্টবন্তঃ ॥২৭॥

রহ ইতি। রহো নির্জ্জনে, বার্ষ্ণেযং কৃষ্ণম্। সংবদ্ধাঃ ক্রুদ্ধাঃ। মধ্যস্থা বিবাদনিবৃত্তযে মধ্যবর্ত্তিনঃ। অতএবোভযপক্ষযোর্যুদ্ধং ন বভূবেতি ভাবঃ ॥২৮॥

প্রহৃষ্টা ইতি। প্রহৃষ্টা আনন্দিতাঃ, অত্যাচারিণঃ শিশুপালস্য বধাদিতি ভাবঃ ॥২৯॥

শশংসুরিতি। নির্বৃতাঃ সুস্থচিত্তাঃ সন্তঃ, শশংসুঃ প্রশশংসুঃ। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ, সৎকাবেণ আদবেণ ভ্রাতৄনব্রবীৎ। মহীপতিং শিশুপালম্। সৎকারযত দহত ॥৩০—৩১॥

সেই বর্ণনাব অযোগ্য সময়ে কোন কোন বাজা কৃষ্ণেব দিকে দৃষ্টিপাত কবিযা কিছুই বলিতে পাবিলেন না ॥২৬॥

অপব বাজাবা ক্রুদ্ধ হইযা হস্ত দ্বাবা হস্তাগ্র পেষণ কবিতে লাগিলেন এবং অন্য বাজাবা ক্রোধে অধীব হইয়া দন্ত দ্বাবা ওষ্ঠদংশন কবিতে থাকিলেন ॥২৭॥

কোন কোন রাজা নির্জ্জনে যাইযা কৃষ্ণেব প্রশংসা কবিতে লাগিলেন, কতিপয বাজা ক্রুদ্ধ হইলেন এবং অন্য বাজাবা মধ্যস্থ হইলেন ॥২৮॥

মহর্ষিগণ, মহাত্মা ব্রাহ্মণগণ এবং মহাবল বাজগণ আনন্দিত হইযা স্তব কবিতে কবিতে কৃষ্ণেব নিকট গমন কবিলেন ॥২৯॥

তাঁহাবা সকলেই কৃষ্ণেব বিক্রম দেখিযা সুস্থচিত্ত হইলেন এবং তাঁহার প্রশংসা কবিতে লাগিলেন। এদিকে যুধিষ্ঠিব আদবপূর্ব্বক ভ্রাতৃগণকে বলিলেন—

---

(৩১)…ভ্রাতুর্বৈ শাসনং তদা।

চেদীনামাধিপত্যে চ পুত্রমস্য মহীপতেঃ।
অভ্যষিঞ্চত্তদা পার্থঃ সহ তৈর্বসুধাধিপৈঃ ॥৩২॥
ততঃ স কুরুরাজস্য সর্ব্বকর্ম্মসমৃদ্ধিমান্।
যজ্ঞঃ প্রীতিকরো রাজন্। সংবভৌ বিপুলোৎসবঃ ॥৩৩॥
শান্তবিঘ্নঃ সুখারম্ভঃ প্রভূতধনধান্যবান্।
অন্নবান্ বহুভক্ষ্যশ্চ কেশবেন সুরক্ষিতঃ ॥৩৪॥ (যুগ্মকম্)
সমাপযামাস চ তং রাজসূযং মহাক্রতুম্।
তং তু যজ্ঞং মহাবাহুরাসমাপ্তের্জনার্দ্দনঃ।
ররক্ষ ভগবান্ শৌরিঃ শার্ঙ্গচক্রগদাধরঃ ॥৩৫॥
ততস্ত্ববভৃথস্নাতং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
সমস্তং পার্থিবং ক্ষত্রমুপগম্যেদমব্রবীৎ ॥৩৬॥

ভারতকৌমুদী

চেদীনামিতি। চেদীনাং চেদিদেশস্য। অস্য শিশুপালস্য পুত্রমভ্যষিঞ্চৎ ॥৩২॥

তত ইতি। সর্ব্বা কর্ম্মসমৃদ্ধির্গ্রহণবিতরণাদিব্যাপারবাহুল্যমস্যাস্তীতি সঃ। বিপুল উৎসবো যত্র সঃ। শান্তবিঘ্নঃ শিশুপালবধাদিনা নিবৃত্তবিঘ্নঃ ॥৩৩—৩৪॥

সমাপযামাসেতি। আসমাপ্তেঃ সমাপ্তিপর্য্যন্তম্। ষট্পাদমিদং পদ্যম্ ॥৩৫॥

তত ইতি। যজ্ঞান্তকর্ম্মবিশেষোঽবভৃথঃ। পার্থিবং পৃথিবীবাসি, ক্ষত্রং ক্ষত্রিয়গণঃ ॥৩৬॥

"তোমরা বিলম্ব করিও না, সত্বর বীর ও রাজা শিশুপালের সৎকার কর।" তখন যুধিষ্ঠিরের আদেশ অনুসারে ভীমপ্রভৃতি তাহা করিলেন ॥৩০—৩১॥

তখন যুধিষ্ঠির সেই রাজাদের সহিত মিলিত হইয়া শিশুপালের পুত্রকে চেদিরাজ্যে অভিষিক্ত করিলেন ॥৩২॥

মহারাজ! তাহার পর, যুধিষ্ঠিরের সেই মহোৎসবসম্পন্ন রাজসূয়যজ্ঞ সর্ব্বপ্রকার আড়ম্বরে পরিপূর্ণ এবং সকলের প্রীতিকর হইয়া শোভা পাইতে লাগিল। সে যজ্ঞটী সুখে আরম্ভ করা হইয়াছিল, তৎপরে কৃষ্ণকর্ত্তৃক সুরক্ষিত হইতে থাকায় সমস্ত বিঘ্ন নিবৃত্তি পাইয়াছিল এবং সে যজ্ঞে প্রচুর ধন, ধান্য, অন্ন ও নানাবিধ খাদ্যবস্তু ছিল ॥৩৩—৩৪॥

তৎপরে যুধিষ্ঠির সেই রাজসূয়মহাযজ্ঞ সমাপ্ত করিলেন এবং মহাবাহু ও মাহাত্ম্যশালী কৃষ্ণ ধনু, চক্র ও গদা ধারণ করিয়া সমাপ্তিপর্য্যন্ত সেই যজ্ঞ রক্ষা করিলেন ॥৩৫॥

---

(৩৩) ততঃ স কুরুরাজস্য ক্রতুঃ সর্ব্বসমৃদ্ধিমান্। যূনাং প্রীতিকরো রাজন্! স বভৌ বিপুলৌজসঃ ॥

দিষ্ট্যা বৈ বর্দ্ধসে রাজন্। সাম্রাজ্যং প্রাপ্তবান্ বিভো।।
আজমীঢ়াজমীঢানাং যশঃ সংবর্দ্ধিতং ত্বয়া ॥৩৭॥
কর্ম্মণৈতেন রাজেন্দ্র। ধর্ম্মশ্চ সুমহান্ কৃতঃ।
আপৃচ্ছামো নরব্যাঘ্র। সর্ব্বৈঃ কামৈশ্চ পূজিতাঃ।
স্বরাষ্ট্রাণি গমিষ্যামস্তদনুজ্ঞাতুমর্হসি ॥৩৮॥
শ্রুত্বা তু বচনং রাজ্ঞাং ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
যথার্হং প্রতিপূজ্যৈতান্ ভ্রাতৄনিদমুবাচ হ ॥৩৯॥
রাজানঃ সর্ব্ব এবৈতে প্রীত্যাস্মান্ সমুপাগতাঃ।
প্রস্থিতাঃ স্বানি রাষ্ট্রাণি মামাপৃচ্ছ্য পরন্তপাঃ।
তেঽনুব্রজত ভদ্রং বো বিষয়ান্তং নৃপোত্তমান্ ॥৪০॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। হে আজমীঢ। অজমীঢবংশধর। ॥৩৭॥
কর্ম্মণেতি। কামৈরভীষ্টদ্রব্যৈঃ, পূজিতাঃ সৎকৃতা বয়ম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥
শ্রুত্বেতি। যথার্হং যথাযোগ্যম্। এতান্ রাজ্ঞঃ। ভ্রাতৄন্ ভীমাদীন্ ॥৩৯॥
রাজান ইতি। বো যুষ্মাকং ভদ্রমস্তু। বিষয়স্য স্বরাজ্যস্য অন্তং যাবৎ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪০॥

তাহার পর, ধর্ম্মরাজ যুধিষ্ঠির অবভৃথস্নান করিলে, পৃথিবীর সকল ক্ষত্রিয় তাঁহার নিকট যাইয়া এই কথা বলিলেন—॥৩৬॥

"হে অজমীঢবংশধর মহারাজ। ভাগ্যক্রমে আপনার উন্নতি হইয়াছে, আপনি সাম্রাজ্যলাভ করিয়াছেন এবং অজমীঢবংশের যশ বৃদ্ধি করিয়াছেন ॥৩৭॥

হে নরশ্রেষ্ঠ মহারাজ! আপনি এই যজ্ঞ দ্বারা অতিবিশাল ধর্ম্ম উৎপাদন করিয়াছেন এবং সমস্ত কাম্যবস্তু দ্বারা আমাদিগকে পরিতৃপ্ত করিয়াছেন; এখন আমরা প্রার্থনা করি—আমরা আপন আপন রাজ্যে যাইব, আপনি তাহার অনুমতি করুন" ॥৩৮॥

ধর্ম্মরাজ যুধিষ্ঠির রাজাদের বাক্য শুনিয়া তাঁহাদের যথাযোগ্য পূজা করিয়া ভ্রাতৃগণকে এই কথা বলিলেন—॥৩৯॥

"ভ্রাতৃগণ। এই রাজরা সকলেই প্রীতিনিবন্ধন আমাদের নিকট আসিয়াছিলেন, এখন আবার আমার নিকট জিজ্ঞাসা করিয়া আপন আপন রাজ্যে যাইতেছেন। অতএব তোমরা আমাদের রাজ্যের শেষসীমাপর্য্যন্ত ইঁহাদের অনুগমন কর; তোমাদের মঙ্গল হউক" ॥৪০॥

---

(৩৭) দিষ্ট্যা বর্দ্ধসি ধর্ম্মজ্ঞ।...। (৩৯) যথার্হং পূজ্য নৃপতীন্ ভ্রাতৄন্ সর্ব্বানুবাচ হ।

ভ্রাতুর্বচনমাজ্ঞায় পাণ্ডবা ধর্ম্মচাবিণঃ ।
যথার্হং নৃপমুখ্যাংস্তানেকৈকং সমনুব্রজন্ ॥৪১॥
বিবাটমন্বযাত্তূর্ণং ধৃষ্টদ্যুম্নঃ প্রতাপবান্ ।
ধনঞ্জয়ো যজ্ঞসেনং মহাত্মানং মহাবথম্ ॥৪২॥
ভীষ্মঞ্চ ধৃতরাষ্ট্রঞ্চ ভীমসেনো মহাবলঃ ।
দ্রোণন্তু সসুতং বীবং সহদেবো যুধাং পতিঃ ॥৪৩॥
নকুলঃ সুবলং বাজন্ । সহপুত্রং সমন্বয়াৎ ।
দ্রৌপদেয়াঃ সসৌভদ্রাঃ পার্ব্বতীযান্ মহীপতীন্ ॥৪৪॥
অন্বগচ্ছংস্তথৈবান্যান্ ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভাঃ ।
এবং সুপূজিতাঃ সর্ব্বে জগ্মুর্বিপ্রাঃ সহস্রশঃ ॥৪৫॥ (বিশেষকম্)
গতেষু পার্থিবেন্দ্রেষু সর্ব্বেষু ব্রাহ্মণেষু চ ।
যুধিষ্ঠিবমুবাচেদং বাসুদেবঃ প্রতাপবান্ ॥৪৬॥

ভাবতকৌমুদী

ভ্রাতুবিতি । পাণ্ডবা ভীমাদযঃ । যথার্হং যথাযোগ্যম্ ॥৪১॥

বিবাটমিতি । অন্বযাৎ অনুসৃতবান্ । যজ্ঞসেনং দ্রুপদম্, অন্বযাদিত্যনুবৃত্তিঃ ॥৪২॥

ভীষ্মমিতি । যুধাং পতির্যোদ্ধৃশ্রেষ্ঠঃ । পুত্রৈঃ শকুনিভিন্নৈঃ সহেতি সহপুত্রস্তম্, শকুনেঃ স্থিতেবেব বক্ষ্যমাণত্বাৎ । সৌভদ্রেণ অভিমন্যুনা সহেতি সসৌভদ্রাঃ, দ্রৌপদেযা দ্রৌপদীপুত্রাঃ । ক্ষত্রিযর্ষভা আত্মীযাঃ ক্ষত্রিযশ্রেষ্ঠা দুর্য্যোধনাদযঃ ॥৪৩—৪৫॥

তখন ধর্ম্মচাবী ভীমপ্রভৃতি পাণ্ডবগণ যুধিষ্ঠিবেব আদেশ পাইয়া প্রধান বাজাদেব মধ্যে এক এক জনের পিছনে এক এক জন গমন করিলেন ॥৪১॥

প্রতাপশালী ধৃষ্টদ্যুম্ন সত্বব বিরাটবাজাব অনুগমন কবিলেন এবং অর্জ্জুন মহাত্মা ও মহাবথ দ্রুপদবাজার অনুসরণ কবিলেন ॥৪২॥

মহাবল ভীম ভীষ্ম ও ধৃতবাষ্ট্রেব, যোদ্ধৃশ্রেষ্ঠ সহদেব পুত্রসমন্বিত মহাবীব দ্রোণাচার্য্যেব এবং নকুল পুত্রযুক্ত সুবলবাজাব অনুগমন কবিলেন ; আব অভিমন্যুব সহিত দ্রৌপদীর পুত্রগণ পার্ব্বত্য বাজগণেব এবং অন্যান্য ক্ষত্রিযশ্রেষ্ঠেবা অন্যান্য ক্ষত্রিয়দিগেব অনুসবণ করিলেন । এইভাবে সহস্র সহস্র ব্রাহ্মণ বিশেষভাবে পূজিত হইযা প্রস্থান কবিলেন ॥৪৩—৪৫॥

বাজাবা এবং ব্রাহ্মণেবা সকলে চলিয়া গেলে, প্রতাপশালী কৃষ্ণ যুধিষ্ঠিবেব নিকট এই কথা বলিলেন—॥৪৬॥

---

(৪৩) শল্যঞ্চ সম্মতং বীরং সহদেবো মহারথঃ । (৪৪) · পার্ব্বতীয়ান্ মহারথান্ ।
(৪৫)···ক্ষত্রিযান্ পুরুষর্ষভাঃ । (৪৬)···সর্ব্বেষু ভবতর্ষভ ! ।

আপৃচ্ছে ত্বাং গমিষ্যামি দ্বারকাং কুরুনন্দন ।।
রাজসূয়ং ক্রতুশ্রেষ্ঠং দিষ্ট্যা ত্বং প্রাপ্তবানসি ॥৪৭॥
তমুবাচৈবমুক্তস্তু ধর্ম্মরাজো জনার্দ্দনম্ ।
তব প্রসাদাদ্‌গোবিন্দ ! প্রাপ্তঃ ক্রতুবরো ময়া ॥৪৮॥
ক্ষত্রং সমগ্রমপি চ ত্বৎপ্রসাদাদ্বশে স্থিতম্ ।
উপাদায় বলিং মুখ্যং মামেব সমুপস্থিতম্ ॥৪৯॥
কথং ত্বদ্‌গমনার্থং মে বাণী বিতরতেঽনঘ ।।
নহ্যহং ত্বামৃতে বীর ! রতিং প্রাপ্নোমি কর্হিচিৎ ॥৫০॥
অবশ্যঞ্চৈব গন্তব্যা ভবতা দ্বারকাপুরী ।
এবমুক্তঃ স ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরসহায়বান্ ॥৫১॥
অভিগম্যাব্রবীৎ প্রীতঃ পৃথাং পৃথুযশা হরিঃ ।
সাম্রাজ্যং সমনুপ্রাপ্তাঃ পুত্রাস্তেঽদ্য পিতৃস্বসঃ । ॥৫২॥

ভারতকৌমুদী

গতেষিতি । পার্থিবেন্দ্রেষু রাজশ্রেষ্ঠেষু দ্রুপদাদিষু ॥৪৬॥

আপৃচ্ছ ইতি । "আঙি নুপ্রচ্ছো" ইত্যাত্মনেপদম্ । দিষ্ট্যা ভাগ্যেন ॥৪৭॥

তমিতি । প্রসাদাজ্জরাসন্ধবধাদিনিবন্ধনাদনুগ্রহাৎ । প্রাপ্তঃ অনুষ্ঠিতঃ ॥৪৮॥

ক্ষত্রমিতি । মুখ্যমুৎকৃষ্টম্, বলিমুপহারম্, উপাদায়ৈব মামুপস্থিতমিত্যন্বয়ঃ ॥৪৯॥

কথমিতি । বিতরতে অনুমতিং দদাতি । ঋতে বিনা । রতিং নির্বৃতিম্ ॥৫০॥

দ্বারকায়ামেব কার্য্যবাহুল্যং চিন্তয়ন্ননুমতিং দদাতি—অবশ্যমিতি । এবমুক্তো যুধিষ্ঠিরেণেতি শেষঃ । পৃথাং কুন্তীম্, পৃথুযশা বিশালকীর্ত্তিঃ । হে পিতৃস্বসঃ ! অদ্য তে পুত্রাঃ

"কুরুনন্দন ! আমি আপনার নিকট প্রার্থনা করিতেছি, আমি দ্বারকায় যাইব । আপনি ভাগ্যবশতঃ যজ্ঞশ্রেষ্ঠ রাজসূয় সমাপ্ত করিতে পারিয়াছেন" ॥৪৭॥

কৃষ্ণ এই কথা বলিলে, যুধিষ্ঠির তাঁহাকে বলিলেন—"কৃষ্ণ ! তোমার অনুগ্রহেই আমি রাজসূয় সমাপ্ত করিতে পারিয়াছি ॥৪৮॥

আর, তোমার অনুগ্রহেই সমগ্র ক্ষত্রিয় আমার বশীভূত হইয়াছেন এবং তাঁহারা উৎকৃষ্ট উৎকৃষ্ট উপহার লইয়াই আমার নিকট উপস্থিত হইয়াছিলেন ॥৪৯॥

হে পাপবিহীন ! বীর ! আমার বাক্য কি করিয়া তোমাকে যাইবার অনুমতি দিবে ? কারণ, আমি তোমাকে ছাড়িয়া কখনও নির্বৃতি লাভ করিতে পারি না ॥৫০॥

তবে, তুমি অবশ্যই দ্বারকায় যাইবে ।" যুধিষ্ঠির এইরূপ বলিলে, ধর্ম্মাত্মা ও বিশালকীর্ত্তি কৃষ্ণ সন্তুষ্ট হইয়া যুধিষ্ঠিরের সহিত অন্তঃপুরে যাইয়া কুন্তীকে

---

(৪৭) • দ্বারকাং কুরুসত্তম ।। (৫০) নৈবাহং বৈ বিনা বীরং ত্বাং রমস্তেঽত্র কদাচন ।

সিদ্ধার্থা বসুমন্তশ্চ সা ত্বং প্রীতিমবাপ্নুহি।
অনুজ্ঞাতস্ত্বয়া চাহং দ্বারকাং গন্তুমুৎসহে ॥৫৩॥ (বিশেষকম্)
সুভদ্রাং দ্রৌপদীঞ্চৈব সভাজয়ত কেশবঃ।
নিষ্ক্রম্যান্তঃপুরাত্তস্মাদ্‌যুধিষ্ঠিরসহায়বান্।
স্নাতশ্চ কৃতজপ্যশ্চ ব্রাহ্মণান্ স্বস্তি বাচ্য চ ॥৫৪॥
ততো মেঘবপুঃপ্রখ্যং স্যন্দনঞ্চ সুকল্পিতম্।
যোজয়িত্বা মহারাজ! দারুকঃ সমুপস্থিতঃ ॥৫৫॥
উপস্থিতং রথং দৃষ্ট্বা তার্ক্ষ্যপ্রবরকেতনম্।
প্রদক্ষিণমুপাবৃত্য সমারুহ্য মহামনাঃ।
প্রযযৌ পুণ্ডরীকাক্ষস্ততো দ্বারবতীং পুরীম্ ॥৫৬॥
তং পদ্ভ্যামনুবব্রাজ ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
ভ্রাতৃভিঃ সহিতঃ শ্রীমান্ বাসুদেবং মহাবলম্ ॥৫৭॥

ভারতকৌমুদী

সাম্রাজ্যং সমনুপ্রাপ্তাঃ, সিদ্ধার্থা নিষ্পন্নপ্রয়োজনাঃ, বসুমন্তো ধনিনশ্চ জাতা ইতি শেষঃ ॥৫১—৫৩॥

সুভদ্রামিতি। সভাজয়ত মধুরালাপেন সমতোষয়ৎ। চৌরাদিকসভাজধাতোর্হ্যস্তন্যাং রূপম্, অডাগমাভাব আর্ষঃ। বাচ্য বাচয়িত্বা রথং প্রতীক্ষাঞ্চক্র ইতি শেষঃ। ইদং ষট্‌পদং পদ্যম্ ॥৫৪॥

তত ইতি। মেঘবপুঃপ্রখ্যং মেঘবন্নীলবর্ণম্, স্যন্দনং রথম্। দারুকঃ সারথিঃ ॥৫৫॥

উপেতি। তার্ক্ষ্যো গরুড়ঃ প্রবরকেতনে উত্তমধ্বজে যস্য তম্। ইদমপি ষট্‌পদং পদ্যম্ ॥৫৬॥

বলিলেন—"পিসীমা! আজ আপনার পুত্রেরা সাম্রাজ্য লাভ করিয়াছেন এবং কৃতকার্য্য ও ধনী হইয়াছেন; এখন আপনি আনন্দিত হউন, আর আপনার অনুমতিক্রমে এখন আমি দ্বারকায় যাইতে ইচ্ছা করি" ॥৫১—৫৩॥

তাহার পর কৃষ্ণ মধুর আলাপে দ্রৌপদী ও সুভদ্রাকে সন্তুষ্ট করিলেন, তৎপরে যুধিষ্ঠিরের সহিতই সেই অন্তঃপুর হইতে নির্গত হইয়া, স্নান ও জপ করিয়া এবং ব্রাহ্মণগণ দ্বারা স্বস্তিপাঠ করাইয়া রথের প্রতীক্ষা করিতে লাগিলেন ॥৫৪॥

মহারাজ! তাহার পর দারুক মেঘের ন্যায় নীলবর্ণ এবং সুসজ্জিত একখানি রথকে অশ্বযুক্ত করিয়া লইয়া উপস্থিত হইল ॥৫৫॥

তখন মহামনা কৃষ্ণ সেই গরুড়ধ্বজ রথখানিকে উপস্থিত দেখিয়া, তাহার দক্ষিণ-পার্শ্বে যাইয়া আরোহণপূর্ব্বক দ্বারকানগরে প্রস্থান করিলেন ॥৫৬॥

---

(৫৪) ·অপৃচ্ছত স কেশবঃ। (৫৫)···যোজয়িত্বা মহাবাহুঃ···।

ততো মুহূর্ত্তং সংগৃহ্য স্যন্দনপ্রববং হবিঃ।
অব্রবীৎ পুণ্ডবীকাক্ষঃ কুন্তীপুত্রং যুধিষ্ঠিবম্ ॥৫৮॥
অপ্রমত্তঃ স্থিতো নিত্যং প্রজাঃ পাহি বিশাংপতে।।
পর্জ্জন্যমিব ভূতানি মহাদ্রুমমিব দ্বিজাঃ।
বান্ধবাস্ত্বোপজীবন্তু সহস্রাক্ষমিবামবাঃ ॥৫৯॥
কৃত্বা পবস্পবেণৈবং সংবিদং কৃষ্ণপাণ্ডবৌ।
অন্যোন্যং সমনুজ্ঞাপ্য জগ্মতুঃ স্বগৃহান্ প্রতি ॥৬০॥

ভাবতকৌমুদী

তমিতি। পদ্ভ্যামিত্যনেন যুধিষ্ঠিবস্য বিশেষাহনযসৌজন্যং সূচিতম্ ॥৫৭॥

তত ইতি। সংগৃহ্য সংস্থাপ্য, স্যন্দনপ্রববং বথশ্রেষ্ঠম্ ॥৫৮॥

অপ্রমত্ত ইতি। হে বিশাংপতে। প্রজানাথ। ত্বং নিত্যমেব অপ্রমত্তঃ সাবধানঃ স্থিতঃ সন্, প্রজাঃ, পাহি পবিপালয। ভূতানি প্রাণিনঃ, পর্জ্জন্যং মেঘমিব, দ্বিজাঃ পক্ষিণো মহাদ্রুমমিব, অমবা দেবাঃ, সহস্রাক্ষমিন্দ্রমিব চ, বান্ধবাঃ, ত্বা ত্বাম্, উপজীবন্তু আশ্রিত্য জীবনং যাপযন্তু। ষট্পাদোঽযং শ্লোকঃ ॥৫৯॥

কৃত্বেতি। সংবিদং সম্ভাষণম্, "স্ত্রীসংবিজ্‌জ্ঞানসম্ভাষাক্রিযাকাবাজিনামসু" ইত্যমরঃ ॥৬০॥

ভাবতভাবদীপঃ

প্রভো! ॥" ইতি। কৃষ্ণং প্রাপ্তা ইতি শেষঃ ॥২৪—৫৩॥ সভাজযত প্রীণিতবান্ ॥৫৪—৫৭॥ সংগৃহ্য নিরুধ্য ॥৫৭॥ ত্বা ত্বাম্ ॥৫৯॥ সংবিদং সমযম্। অনুগমনাদিশিষ্টাচাবপ্রদর্শকোঽধ্যাযশেষঃ স্পষ্টার্থঃ ॥৬০—৬১॥

ইতি শ্রীমহাভাবতে সভাপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভাবতভাবদীপে চতুশ্চত্বাবিংশোঽধ্যাযঃ ॥৪৪॥

তখন বাজলক্ষ্মীসম্পন্ন ধর্ম্মবাজ যুধিষ্ঠিব ভ্রাতাদেব সহিত মিলিত হইয়া চবণযুগল দ্বাবাই মহাবল কৃষ্ণেব অনুগমন কবিতে লাগিলেন ॥৫৭॥

সেই সময়ে কমলনযন কৃষ্ণ কিছু কাল বথখানিকে থামাইযা কুন্তীনন্দন যুধিষ্ঠিবকে বলিলেন - ॥৫৮॥

"মহাবাজ! আপনি সর্ব্বদা সাবধানে থাকিযা প্রজা পালন করুন। প্রাণিগণ যেমন মেঘকে আশ্রয় কবিয়া এবং পক্ষিগণ যেমন মহাবৃক্ষকে অবলম্বন কবিযা জীবন যাপন করে, কিংবা দেবগণ যেমন ইন্দ্রকে আশ্রয কবিয়া জীবন যাপন কবেন, তেমন বন্ধুজনেবা আপনাকে আশ্রয কবিযাই জীবন যাপন করুন" ॥৫৯॥

কৃষ্ণ ও যুধিষ্ঠির পবস্পব এইরূপ আলাপ কবিযা, পবস্পব পরস্পবেব প্রতি যাইবাব অনুমতি দিযা আপন আপন গৃহের দিকে গমন কবিলেন ॥৬০॥

---

(৫৮)...ধর্ম্মবাজং পবিষজ্য প্রোবাচ বদতাং বরঃ।

গতে দ্বারবতীং কৃষ্ণে সাত্বতপ্রবরে নৃপ।।
একো দুর্য্যোধনো রাজা শকুনিশ্চাপি সৌবলঃ।
তস্যাং সভায়াং দিব্যায়ামূষতুস্তৌ নরর্ষভৌ ॥৬১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি শিশুপালবধে শিশুপালবধসমাপ্তির্নাম চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

গত ইতি। একঃ কেবলঃ। ঊষতুঃ স্থিতৌ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৬১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সভাপর্ব্বণি শিশুপালবধে চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ। যাদবশ্রেষ্ঠ কৃষ্ণ দ্বারকার দিকে প্রস্থান করিলে, রাজা দুর্য্যোধন এবং সুবলনন্দন শকুনি, ইঁহারা দুই জনই কেবল সেই দিব্য সভায় রহিলেন ॥৬১॥

---

* '...পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ,' ' দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ'। এতদধ্যায়াৎ পরং যুধিষ্ঠিরং প্রতি ব্যাসস্য ভবিষ্যদুক্তিপ্রধানঃ কশ্চিদধ্যায়ো মুদ্রিতপুস্তকে দৃশ্যতে, অস্মৎপিতামহলিখিতপুস্তকে প্রাচীনহস্তলিখিতপুস্তকান্তরে চ স পুনরধ্যায়ো ন দৃশ্যতে, কিঞ্চ সজ্জনং যুধিষ্ঠিরং প্রতি তাদৃশীং ভবিষ্যদনর্থোক্তিমকৃত্বা তদনর্থমূলীভূতদুর্ব্যবহারনিবারণায় দুর্জ্জনং দুর্য্যোধনং প্রত্যেব ব্যাসস্য তাদৃশ্যুক্তিরুচিতাসীৎ তস্যোভয়ত্রৈব সমানসম্বন্ধাৎ। ইতি প্রক্ষিপ্তং মন্যমানৈরস্মাভিঃ স খল্বধ্যায় এব পরিহৃতঃ। স চ যথা—

বৈশম্পায়ন উবাচ।

সমাপ্তে রাজসূয়ে তু ক্রতুশ্রেষ্ঠে সুদুর্লভে। শিষ্যৈঃ পরিবৃতো ব্যাসঃ পুরস্তাৎ সমপদ্যত ॥১॥
সোঽভ্যযাদাসনাৎ তূর্ণং ভ্রাতৃভিঃ পরিবারিতঃ। পাদ্যেনাসনদানেন পিতামহমপূজয়ৎ ॥২॥
অথোপবিশ্য ভগবান্ কাঞ্চনে পরমাসনে। আস্যতামিতি চোবাচ ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥৩॥
অথোপবিষ্টং রাজানং ভ্রাতৃভিঃ পরিবারিতম্। উবাচ ভগবান্ ব্যাসস্তত্তদ্বাক্যবিশারদঃ ॥৪॥
দিষ্ট্যা বর্দ্ধসি কৌন্তেয়। সাম্রাজ্যং প্রাপ্য দুর্লভম্। বর্দ্ধিতাঃ কুরবঃ সর্ব্বে ত্বয়া কুরুকুলোদ্বহ। ॥৫॥
আপৃচ্ছে ত্বাং গমিষ্যামি পূজিতোঽস্মি বিশাংপতে।। এবমুক্তঃ স কৃষ্ণেন ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৬॥
অভিবাদ্যোপসংগৃহ্য পিতামহমথাব্রবীৎ। যুধিষ্ঠির উবাচ। সংশয়ো দ্বিপদাং শ্রেষ্ঠ। মমোৎপন্নঃ সুদুর্লভঃ ॥৭॥
তস্য নান্যোঽস্তি বক্তা বৈ ত্বামৃতে দ্বিজপুঙ্গব।। উৎপাতাংস্ত্রিবিধান্ প্রাহ নারদো ভগবানৃষিঃ ॥৮॥
দিব্যাংশ্চৈবান্তরীক্ষাংশ্চ পার্থিবাংশ্চ পিতামহ।। অপি চৈদ্যস্য পতনাচ্ছন্নমৌৎপাতিকং মহৎ ॥৯॥

বৈশম্পায়ন উবাচ।

রাজ্ঞস্তু বচনং শ্রুত্বা পরাশরসুতঃ প্রভুঃ। কৃষ্ণদ্বৈপায়নো ব্যাস ইদং বচনমব্রবীৎ ॥১০॥

ভারতভাবদীপঃ

(পাঠান্তরে) সমাপ্ত ইতি। "সমাপ্তে রাজসূয়ে তু ক্রতুশ্রেষ্ঠে সুদুর্লভে" ইত্যাদেঃ "সভায়াং রমণীয়ায়াং তস্যামাস্তে নরাধিপ।॥" ইত্যন্তস্যাধ্যায়স্য তাৎপর্য্যম্—দুর্লক্ষ্যনিমিত্তভূতস্য

ত্রযোদশ সমা রাজন্নুৎপাতানাং ফলং মহৎ। সর্ব্বক্ষত্রবিনাশায ভবিষ্যতি বিশাংপতে। ॥১১॥
ত্বামেকং কারণং কৃত্বা কালেন ভরতর্ষভ।। সমেতং পার্থিবং ক্ষত্রং ক্ষযং যাস্যতি ভারত।।
দুর্য্যোধনাপবাধেন ভীমার্জ্জুনবলেন চ ॥১২॥
স্বপ্নে দ্রক্ষ্যসি রাজেন্দ্র। ক্ষপান্তে ত্বং বৃষধ্বজম্। নীলকণ্ঠং ভবং স্থাণুং কপালিং ত্রিপুরান্তকম্ ॥১৩॥
উগ্রং রুদ্রং পশুপতিং মহাদেবমুমাপতিম্। হরং সর্ব্বং বৃষং শূলং পিনাকিং কৃত্তিবাসসম্ ॥১৪॥
কৈলাসকূটপ্রতিমং বৃষভেঽবস্থিতং শিবম্। নিরীক্ষমাণং সততং পিতৃরাজাশ্রিতাং দিশম্ ॥১৫॥
এবমীদৃশকং স্বপ্নং দ্রক্ষ্যসি ত্বং বিশাংপতে।। মা তৎকৃতে হ্যনুধ্যাহি কালো হি দুরতিক্রমঃ ॥১৬॥
স্বস্তি তেঽস্তু গমিষ্যামি কৈলাসং পর্ব্বতং প্রতি। অপ্রমত্তঃ স্থিতো দান্তঃ পৃথিবীং পরিপালয ॥১৭॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা স ভগবান্ কৈলাসং পর্ব্বতং যযৌ। কৃষ্ণদ্বৈপাযনো ব্যাসঃ সহ শিষ্যৈঃ শ্রুতানুগৈঃ ॥১৮॥
গতে পিতামহে রাজা চিন্তাশোকসমন্বিতঃ। নিঃশ্বসন্নুষ্ণমসকৃৎ তমেবার্থং বিচিন্তযন্ ॥১৯॥
কথং তু দৈবং শক্যেত পৌরুষেণ প্রবাধিতুম্। অবশ্যমেব ভবিতা যদুক্তং পরমর্ষিণা ॥২০॥
ততোঽব্রবীন্মহাতেজাঃ সর্ব্বান্ ভ্রাতৄন্ যুধিষ্ঠিরঃ। শ্রুতং বৈ পুরুষব্যাঘ্রা যন্মাং দ্বৈপাযনোঽব্রবীৎ ॥২১॥
তদা তদ্বচনং শ্রুত্বা মরণে নিশ্চিতা মতিঃ। সর্ব্বক্ষত্রস্য নিধনে যদ্যহং হেতুরীপ্সিতঃ ॥২২॥
কালেন নির্ম্মিতস্তাত। কো মমার্থোঽস্তি জীবতঃ। এবং ব্রুবন্তং রাজানং ফাল্গুনঃ প্রত্যভাষত ॥২৩॥
মা রাজন্। কশ্মলং ঘোরং প্রাবিশো বুদ্ধিনাশনম্। সম্প্রধার্য্য মহারাজ। যৎক্ষমং তৎ সমাচর ॥২৪॥
ততোঽব্রবীৎ সত্যধৃতির্ভ্রাতৄন্ সর্ব্বান্ যুধিষ্ঠিরঃ। দ্বৈপাযনস্য বচনং তত্রৈব সমচিন্তযন্ ॥২৫॥
অদ্যপ্রভৃতি ভদ্রং বঃ প্রতিজ্ঞাং মে নিবোধত। ত্রযোদশ সমাস্তাত কো মমার্থোঽস্তি জীবতঃ ॥২৬॥
ন প্রবক্ষ্যামি পুরুষং ভ্রাতৄনন্যাংশ্চ পার্থিবান্। স্থিতো নিদেশে জ্ঞাতীনাং যোক্ষ্যে তৎসমুদাহরন্ ॥২৭॥
এবং মে বর্ত্তমানস্য স্বসুতেষ্বিতরেষু চ। ভেদো ন ভবিতা লোকে ভেদমূলো হি বিগ্রহঃ ॥২৮॥
বিগ্রহং দূরতো রক্ষন্ প্রিযাণ্যেব সমাচরন্। বাচ্যতাং ন গমিষ্যামি লোকেষু মনুজর্ষভাঃ। ॥২৯॥
ভ্রাতুর্জ্জ্যেষ্ঠস্য বচনং পাণ্ডবাঃ সন্নিশম্য তৎ। তমেব সমবর্ত্তন্ত ধর্ম্মরাজহিতে রতাঃ ॥৩০॥
সংসৎসু সমযং কৃত্বা ধর্ম্মরাড্ ভ্রাতৃভিঃ সহ। পিতৄংস্তর্প্য যথান্যাযং দেবতাশ্চ বিশাংপতে। ॥৩১॥
কৃতমঙ্গলকল্যাণো ভ্রাতৃভিঃ পরিবারিতঃ। গতেষু ক্ষত্রিযেন্দ্রেষু সর্ব্বেষু ভরতর্ষভ। ॥৩২॥
যুধিষ্ঠিরঃ সহামাত্যঃ প্রবিবেশ পুরোত্তমম্। দুর্য্যোধনো মহারাজঃ শকুনিশ্চাপি সৌবলঃ। সভাযাং রমণীযাযাং তত্রৈবাস্তে নরাধিপ। ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যাং সভাপর্ব্বণি
দ্যূতে যুধিষ্ঠিরসমযে ষট্চত্বারিংশোঽধ্যাযঃ ॥০॥

ভারতভাবদীপঃ

কাপুরুষস্য মরণমেব শ্রেয ইতি সর্বৈঃ সহ প্রীত্যা জীবিতব্যমিতি ॥১—৮॥ দিব্যা অশনিপাতাদযঃ। আন্তরীক্ষা ধূমকেত্বাদযঃ। পার্থিবা ভূকম্পাদযঃ ॥৯—১২॥ কপালিং কপালিনম্, সুপাংসুলুগিতি আর্ষে দ্বিতীযালোপে সতি “পরমে ব্যোমন্নি”ত্যাদিবং প্রাতিপদিকমাত্রং শিষ্যতে। বিভক্তেঃ স্থানিবত্ত্বান্নলোপাভাবঃ, তস্য চাপদান্তত্বাদনুস্বারোঽপি ভবতীতি। মত্বর্থীযং প্রত্যযান্তরং বা কল্প্যম্। এবমন্যত্রাপি জ্ঞেযম্ ॥১৩—৩৩॥
ইতি শ্রীমহাভারতে সভাপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে ষট্চত্বারিংশোঽধ্যাযঃ ॥৪৬॥

পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ।

—❀—

বৈশম্পায়ন উবাচ ।

বসন্ দুর্য্যোধনস্তস্যাং সভায়াং পুরুষর্ষভ । ।
শনৈর্দদর্শ তাং সর্ব্বাং সভাং শকুনিনা সহ ॥১॥
তস্যাং দিব্যানভিপ্রায়ান্ দদর্শ কুরুনন্দনঃ ।
ন দৃষ্টপূর্ব্বা যে তেন নগরে নাগসাহ্বয়ে ॥২॥
স কদাচিৎ সভামধ্যে ধার্ত্তরাষ্ট্রো মহীপতিঃ ।
স্ফাটিকং স্থলমাসাদ্য জলমিত্যাভিশঙ্কয়া ।
স্ববস্ত্রোৎকর্ষণং রাজা কৃতবান্ বুদ্ধিমোহিতঃ ॥৩॥
দুর্ম্মনা বিমুখশ্চৈব পরিচক্রাম তাং সভাম্ ।
ততঃ স্থলে নিপতিতো দুর্ম্মনা ব্রীড়িতো নৃপঃ ॥৪॥

ভারতকৌমুদী

বসন্নিতি । হে পুরুষর্ষভ । জনমেজয় । দুর্য্যোধনঃ শকুনিনা সহ তস্যাং সভায়াম্, বসন্ অবতিষ্ঠমানঃ সন্, শনৈর্মন্দং মন্দং তাং সর্ব্বাং সভাং দদর্শ ॥১॥

তস্যামিতি । দিব্যান্ স্বর্গীয়ান্, অভিপ্রায়ান্ অভিপ্রায়সিদ্ধান্ আকৃতিবিশেষান্ ॥২॥

স ইতি । স্ফাটিকং স্ফটিকময়ম্ । বুদ্ধিমোহিতো ভ্রান্তবুদ্ধিঃ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

বসন্নিতি । বসন্ দুর্য্যোধনস্তস্যামিত্যাদ্যধ্যায়দ্বয়স্য তাৎপর্য্যম্, পাপিষ্ঠঃ পরকল্যাণং দৃষ্ট্বা মরণমিচ্ছতি, ছলেন পরলক্ষ্মীং বা হর্ত্তুমিচ্ছতি নির্ঘৃণ ইতি ॥১॥ অভিপ্রায়ান্ দেবাদীনাং ক্রীড়াতৎস্থানাদ্যভিনয়প্রদর্শকচিত্রাদিগতানাশয়বিশেষান্ । নাগসাহ্বয়ে নাগেন হস্তিনা

বৈশম্পায়ন বলিলেন—হে নরশ্রেষ্ঠ জনমেজয় ! দুর্য্যোধন শকুনির সহিত সেই সভায় বাস করিবার সময়ে ক্রমে ক্রমে সে সভাটীর সমস্ত স্থানই দর্শন করিতে লাগিলেন ॥১॥

তিনি পূর্ব্বে হস্তিনানগরে যেগুলি দেখেন নাই, এমন বহুতর স্বর্গীয় আকার প্রকার সেই সভায় দেখিতে লাগিলেন ॥২॥

কোন সময়ে রাজা দুর্য্যোধন সেই সভার মধ্যে একটী স্ফটিকময় স্থলে উপস্থিত হইয়া, ভ্রমবশতঃ সে স্থলটীকে জল মনে করিয়া (হাঁটু হইতে) আপনার বস্ত্র আকর্ষণ করিয়া উপরে তুলিলেন ॥৩॥

ততঃ স্ফাটিকতোযাং বৈ স্ফাটিকাম্বুজশোভিতাম্ ।
বাপীং মত্বা স্থলমিতি সবাসাঃ প্রাপতজ্জলে ॥৫॥
জলে নিপতিতং দৃষ্ট্বা কিঙ্করা জহসুর্ভৃশম্ ।
বাসাংসি চ শুভান্যস্মৈ প্রদদূ রাজশাসনাৎ ॥৬॥
তথাগতন্তু তং দৃষ্ট্বা ভীমসেনো মহাবলঃ ।
অর্জ্জুনশ্চ যমৌ চোভৌ সর্ব্বে তে প্রাহসংস্তদা ॥৭॥
নামর্ষযন্ততস্তেষামবহাসমমর্ষণঃ ।
আকারং রক্ষমাণস্তু ন স তান্ সমুদৈক্ষত ॥৮॥

ভারতকৌমুদী

দুর্ম্মনা ইতি। নৃপো দুর্য্যোধনঃ, দুর্ম্মনা আত্মনো ভ্রমাবগমাল্লজ্জযা বিষণ্ণচিত্তঃ, অতএব বিমুখঃ সন্, তাং সভাম্, পরিচক্রাম বিচচার। ততঃ, স্থলে স্থলত্বেন স্বযমবগতে স্থানে, নিপতিতো গতঃ সন্, ব্রীডিতো লজ্জিতঃ, দুর্ম্মনা বিষণ্ণচিত্তশ্চাভবৎ যথাস্থানে বস্তু সংস্থাপ্যেতি ভাবঃ ॥৪॥

তত ইতি। স্ফাটিকং স্ফটিকমযং স্থলমিব তোযং জলং যস্যাং তাম্, স্ফাটিকৈঃ স্ফটিক-নির্ম্মিতৈরিব অম্বুজৈঃ পদ্মৈঃ শোভিতাম, বাপীং দীর্ঘিকাম্, স্থলমিতি মত্বা, সবাসাঃ সবস্ত্র এব জলে প্রাপতৎ, নৃপ ইত্যনুবৃত্তিঃ ॥৫॥

জল ইতি। কিঙ্করা যুধিষ্ঠিরভৃত্যাঃ। রাজশাসনাদ্ যুধিষ্ঠিরাদেশাৎ ॥৬॥

তথেতি। তথা তেন প্রকারেণ আর্দ্রবসনপরিত্যাগপূর্ব্বকশুষ্কবসনধারণেনেত্যর্থঃ ॥৭॥

নেতি। ততঃ, অমর্ষণঃ কোপনস্বভাবঃ, স দুর্য্যোধনঃ, তেষাং ভীমাদীনাম্, অবহাসম্ উপহাসম্, নামর্ষযৎ নাসহত, মনসা ক্রুদ্ধো বভূবেত্যর্থঃ, তথাপি তু আকারং ক্রুদ্ধভাবম্, রক্ষমাণো গোপযন্, তান্ ভীমাদীন্, ন সমুদৈক্ষত নাবলোকযৎ ॥৮॥

তৎপরে নিজের ভ্রম বুঝিতে পারিযা লজ্জায বিষণ্ণ ও বিমুখ হইযা সরিযা গেলেন, তাহার পর আপন নির্দ্ধারিত স্থলে উপস্থিত হইযা আরও লজ্জিত ও বিষণ্ণ হইলেন ॥৪॥

সেই সভার মধ্যে একটী জলাশয ছিল, তাহার জল স্ফটিকময স্থলের ন্যায স্বচ্ছ ছিল এবং পদ্মগুলিও স্ফটিকনির্ম্মিত পদ্মের মতই শোভা পাইতেছিল, সুতরাং দুর্য্যোধন বস্ত্রের সহিতই সেই জলে পড়িযা গেলেন ॥৫॥

তখন ভৃত্যেরা দুর্য্যোধনকে জলে নিপতিত দেখিযা অত্যন্ত হাস্য করিল এবং যুধিষ্ঠিরের আদেশে উৎকৃষ্ট বস্ত্র সকল আনযন করিযা দুর্য্যোধনের নিকট সমর্পণ করিল ॥৬॥

দুর্য্যোধন আর্দ্র বস্ত্র পরিত্যাগপূর্ব্বক শুষ্ক বস্ত্র পরিধান করিযা আসিযাছেন ইহা দেখিযা ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব—ইহারা সকলেই হাস্য করিলেন ॥৭॥

পুনর্বসনমুৎক্ষিপ্য প্রতবিয়ন্নিব স্থলম্।
আরুরোহ ততঃ সর্ব্বে জহসুস্তং পুনর্জনাঃ ॥৯॥
দ্বারন্তু পিহিতাকারং স্ফাটিকং প্রেক্ষ্য ভূমিপঃ।
প্রবিশন্নাহতো মূর্দ্ধ্নি ব্যাঘূর্ণিত ইব স্থিতঃ ॥১০॥
তাদৃশঞ্চাপরং দ্বারং স্ফাটিকোরুকপাটকম্।
বিঘট্টয়ন্ করাভ্যান্তু নিষ্ক্রম্যাগ্রে পপাত হ ॥১১॥
দ্বারন্তু বিততাকারং সমাপেদে পুনশ্চ সঃ।
তদ্‌বৃত্তঞ্চেতি মন্বানো দ্বারস্থানাদুপারমৎ ॥১২॥

ভারতকৌমুদী

পুনরিতি। ভ্রমদৃষ্টং জলং প্রতবিয়ন্নিব, পুনর্বসনম্, উৎক্ষিপ্য জানুদেশাদূর্দ্ধ্বোল্য, স্থলমারুরোহ; ততস্তস্মাৎ কারণাচ্চ সর্ব্বে জনাস্তং জহসুঃ ॥৯॥

দ্বারমিতি। ভূমিপো রাজা দুর্য্যোধনঃ, পিহিতো ভিত্ত্যেব আবৃত আকারঃ শূন্যস্বরূপং যস্য তৎ, স্ফাটিকং দ্বারং প্রেক্ষ্য, দ্বাররূপতয়া নির্ম্মিতাং স্ফটিকময়ভিত্তিমেব দ্বারত্বেন বিভাব্যেত্যর্থঃ, প্রবিশন্, মূর্দ্ধ্নি তয়া ভিত্ত্যা আহতঃ সন্ ব্যাঘূর্ণিত ইব স্থিতঃ ॥১০॥

তাদৃশমিতি। কিঞ্চ, করাভ্যাং হস্তাভ্যাম্, স্ফাটিকে স্ফটিকনির্ম্মিতবৎ প্রতীয়মানে উরুণী বিশালে কপাটে যস্য তৎ, তত্র বস্তুতো ন কপাটদ্বয়ং কিন্তু নির্ম্মাণকৌশলেন কপাটদ্বয়রূপতয়া মণিকিরণানাং প্রসরণাৎ প্রতীয়মানকপাটদ্বয়াবরণকমিত্যর্থঃ, তাদৃশমপরং দ্বারম্, বিঘট্টয়ন্ বেগেন পুরস্তাৎ সঞ্চালয়ন্, নিষ্ক্রম্য স্ববেগাদেবাভ্যন্তরে গত্বা, অগ্রে সম্মুখে, ন্যুব্জঃ সন্ পপাত ॥১১॥

দ্বারমিতি। স দুর্য্যোধনঃ, পুনশ্চ, বিততাকারম্ অপসারিতকপাটস্বরূপম্, কিমপি দ্বারম্, সমাপেদে গচ্ছন্ প্রাপ্তঃ; কিন্তু তৎ দ্বারম্, বৃত্তম্ অতীতং মস্তকাঘাতজনকপ্রথমদ্বারবদিত্যর্থঃ, মন্বানো মন্যমানঃ সন্, তস্মাদ্দ্বারস্থানাৎ, উপারমৎ পুনরপ্যাঘাতপ্রাপ্তিভয়েন নিবৃত্তবান্ ॥১২॥

কিন্তু কোপনস্বভাব দুর্য্যোধন তাঁহাদের উপহাস মনে মনে সহ্য করিলেন না বটে, তবে সে ক্রুদ্ধভাব গোপন করতঃ তাঁহাদের প্রতি দৃষ্টিপাত করিলেন না ॥৮॥

দুর্য্যোধন আবার কাপড় তুলিয়া (ভ্রমদৃষ্ট) জল পার হইবেন বলিয়াই যেন স্থলে যাইয়া উঠিলেন; তাহাতেও সকলে তাঁহাকে উপহাস করিল ॥৯॥

তৎপরে দুর্য্যোধন দ্বাররূপে নির্ম্মিত কোন স্ফটিকময় ভিত্তিকেই দ্বার মনে করিয়া, প্রবেশ করিতে থাকিয়া, মস্তকে আঘাত পাইয়া, আঘূর্ণিত হইয়াই যেন অবস্থান করিতে লাগিলেন ॥১০॥

সেইরূপ অন্য একখানা উন্মুক্ত দ্বারে মণিকিরণ আসিয়া পড়ায় দুইখানা স্ফটিকময় বিশাল কপাট আবদ্ধ রহিয়াছে—ইহা ভাবিয়া হস্তযুগল দ্বারা তাহাতে বেগে ধাক্কা দিয়া সম্মুখে উপুড় হইয়া পড়িয়া গেলেন ॥১১॥

এবং প্রলম্ভান্ বিবিধান্ প্রাপ্য তত্র বিশাংপতে।।
পাণ্ডবেয়াভ্যনুজ্ঞাতস্ততো দুর্য্যোধনো নৃপঃ ॥১৩॥
অপ্রহৃষ্টেন মনসা রাজসূয়ে মহাক্রতৌ।
প্রেক্ষ্য তামদ্ভুতামৃদ্ধিং জগাম গজসাহ্বয়ম্ ॥১৪॥ (যুগ্মকম্)
পাণ্ডবশ্রীপ্রতপ্তস্য ধ্যায়মানস্য গচ্ছতঃ।
দুর্য্যোধনস্য নৃপতেঃ পাপা মতিরজায়ত ॥১৫॥
পার্থান্ সুমনসো দৃষ্ট্বা পার্থিবাংশ্চ বশানুগান্।
কৃৎস্নঞ্চাপি হিতং লোকমাকুমারং কুরূদ্বহ। ॥১৬॥
মহিমানং পরঞ্চাপি পাণ্ডবানাং মহাত্মনাম্।
দুর্য্যোধনো ধার্ত্তরাষ্ট্রো বিবর্ণঃ সমপদ্যত ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। প্রলম্ভান্ প্রতারণাঃ। আসাং প্রতারণানাং কারণং ভীমাদয় এব। অন্যথা অবিদিতসভাস্বরূপং মহারাজাধিরাজং দুর্য্যোধনং সভাং দর্শয়িতুং কথং ন বিদিতসভাস্বরূপঃ কোঽপি জনস্তৈরনুপ্রেরিতঃ, কথং বা জাতে প্রলম্ভে ইতরজনবদেব দুর্য্যোধনমুপহসিতবন্ত ইতি সমালোচনীয়ম্। অপহৃষ্টেন বিষণ্ণেন। গজসাহ্বয়ং হস্তিনানগরম্ ॥১৩—১৪॥

পাণ্ডবেতি। ধ্যায়মানস্য পাণ্ডবদমনং চিন্তয়তঃ। পাপা পাণ্ডবক্ষতিবিষয়া ॥১৫॥

পার্থানিতি। সুমনসঃ সর্ব্বসম্পন্নত্বেন প্রসন্নচিত্তান্। পার্থিবান্ অন্যান্যান্ নৃপতীন্, বশানুগান্ পাণ্ডবানামেব বশতাপন্নান্। আকুমারং বালকাবধিম্, কৃৎস্নং সর্ব্বং লোকম্, হিতং পাণ্ডবানাং হিতৈষিণঞ্চ দৃষ্ট্বা। পরং সর্ব্বোৎকৃষ্টং মহিমানঞ্চ দৃষ্ট্বা। বিবর্ণো বিষাদেন মলিনবর্ণঃ ॥১৬—১৭॥

আবার তিনি একখানা খোলা দরজা পাইলেন; কিন্তু সেখানাকেও আগের দরজার ন্যায় মনে করিয়া সেখান হইতে ফিরিয়া গেলেন ॥১২॥

নরনাথ জনমেজয়! রাজা দুর্য্যোধন সেই সভাভবনে এই প্রকার নানাবিধ বিড়ম্বনা পাইয়া এবং রাজসূয়যজ্ঞে সেই অদ্ভুত সমৃদ্ধি দেখিয়া, অপ্রসন্ন মনে যুধিষ্ঠিরের অনুমতিক্রমে হস্তিনানগরে প্রস্থান করিলেন ॥১৩—১৪॥

দুর্য্যোধন পাণ্ডবগণের সমৃদ্ধি দেখিয়া সন্তপ্ত হইয়া চিন্তা করিতে করিতে যাইতে-ছিলেন; তখন তাঁহার দুষ্ট বুদ্ধি জন্মিল ॥১৫॥

হে কুরুনন্দন জনমেজয়! পাণ্ডবগণের মন প্রসন্ন, রাজারা সকলেই তাঁহাদের বশবর্ত্তী, বালকপ্রভৃতি সকল লোকই তাঁহাদের হিতৈষী এবং তাঁহাদের মহিমাও অসাধারণ, এই সমস্ত দেখিয়া বিষাদে দুর্য্যোধনের বর্ণ মলিন হইয়া উঠিল ॥১৬—১৭॥

---

(১৫) ··ধ্যানমগ্নস্য গচ্ছতঃ··· ।

স তু গচ্ছন্ননেকাগ্রঃ সভামেবানুচিন্তয়ন্।
শ্রিয়ঞ্চ তামনুপমাং ধর্ম্মরাজস্য ধীমতঃ ॥১৮॥
প্রমত্তো ধৃতরাষ্ট্রস্য পুত্রো দুর্য্যোধনস্তদা।
নাভ্যভাষৎ সুবলজং ভাষমাণং পুনঃ পুনঃ ॥১৯॥ (যুগ্মকম্)
অনেকাগ্রস্তু তং দৃষ্ট্বা শকুনিঃ প্রত্যভাষত।
দুর্য্যোধন। কুতোমূলং নিশ্বসন্নিব গচ্ছসি ॥২০॥

দুর্য্যোধন উবাচ।

দৃষ্ট্বেমাং পৃথিবীং কৃৎস্নাং যুধিষ্ঠিরবশে স্থিতাম্।
জিতামস্ত্রপ্রভাবেণ শ্বেতাশ্বস্য মহাত্মনঃ ॥২১॥
তঞ্চ যজ্ঞং তথাভূতং দৃষ্ট্বা পার্থস্য মাতুল।।
যথা শক্রস্য দেবেষু তথা ভূতং মহাদ্যুতেঃ ॥২২॥

ভারতকৌমুদী

স ইতি। অনেকাগ্রঃ অনেকাগ্রচিত্তঃ অস্থিরমনা ইতি যাবৎ, অতএব প্রমত্তঃ অপরসর্ব্ববিষয় এব অনবহিতঃ, ধৃতরাষ্ট্রস্য পুত্রঃ স দুর্য্যোধনঃ, তদা ধীমতো ধর্ম্মরাজস্য সভামেব, তামনুপমাং শ্রিয়ং সম্পদমেব চ, অনুচিন্তয়ন্ সন্ গচ্ছন্, পুনঃ পুনর্ভাষমাণমপি সুবলজং শকুনিম্, নাভ্যভাষৎ ন প্রত্যলপৎ ॥১৮—১৯॥

অনেকেতি। অনেকাগ্রং স্ববাক্যাশ্রবণে অনেকাগ্রচিত্তম্। কুতোমূলং কিংকারণম্ ॥২০॥

দৃষ্ট্বেতি। শ্বেতাশ্বস্য অর্জ্জুনস্য। হে মাতুল! দেবেষু মধ্যে শক্রস্য ইন্দ্রস্য যথা, তথা, মহাদ্যুতেঃ পার্থস্য যুধিষ্ঠিরস্য, ভূতমতীতম্, তথাভূতং তাদৃশম্, তং যজ্ঞঞ্চ দৃষ্ট্বা অমর্ষেণ

ভারতভাবদীপঃ

দুর্য্যোধন ইতি। ইব যথা, গৌর্মদাৎ স্বয়মেব আত্মনো বিষাণং শৃঙ্গম্, আরুজতে ভনক্তি, আকারলোপ আর্ষঃ, তথা এষ দুর্য্যোধনঃ, মদেন, রাষ্ট্রাৎ রাজ্যাৎ, ক্ষেমং মঙ্গলম্, অপোহতি নিরস্যতি ॥৩॥

য ইতি। হে রাজন্। বীরঃ, কবিঃ প্রাজ্ঞশ্চ যঃ, স্বাং দৃষ্টিং জ্ঞানম্, অবমত্য অবজ্ঞায় বিহায়, পরস্য চিত্তম্, অন্বেতি অনুসরতি, সঃ বালো মূর্খো নেতা চালকো যস্যাস্তাম্, নাবং নৌকামারুহ্য সমুদ্রে ইব, ঘোরে ব্যসনে বিপদি নিমজ্জেৎ। এবঞ্চ ত্বমাত্মবুদ্ধিং বিহায় দুর্য্যোধনচিত্তমনুসরন্ ঘোরবিপদি নিমজ্জেরিতি ভাবঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

দ্যূতমিতি। দ্যূতং দারুণায় ভয়ায় অভ্যুপৈতীতি সম্বন্ধঃ ॥১॥ প্রাতীপেয়াঃ প্রতীপান্বয়জাঃ। কৃচ্ছ্রং সঙ্কটম্ ॥২॥ ক্ষেমং ব্যপোহতি রাষ্ট্রমুপপ্লুতং করোতীত্যর্থঃ। আরুজতে ভঙ্গং নয়তি। আত্মনঃ পূর্ব্বরূপমার্ষম্ ॥৩॥ অন্বেতি অনুসরতি। কবিঃ ক্রান্তদর্শী। স্বাং দৃষ্টিং ক্রান্তদর্শিত্বম্। বালনেত্রামব্যুৎপন্ননেতৃকাম্ ॥৪॥ গ্লহতে পণং করোতি; প্রীয়ায়সে

প্রতীপ, শান্তনু ও ভীমসেনের বংশধরগণ বাহ্লিকের সহিত এক দুর্য্যোধনের অপরাধে সর্ব্বপ্রকার কষ্ট ভোগ করিবেন ॥২॥

বৃষ যেমন মত্ততাবশতঃ নিজেই নিজের শৃঙ্গ ভগ্ন করে, সেইরূপ এই দুর্য্যোধনও মত্ততাবশতঃ নিজেই নিজের রাজ্য হইতে মঙ্গলকে নিষ্কাশিত করিতেছে ॥৩॥

রাজা! যে ব্যক্তি বীর ও বুদ্ধিমান্ হইয়াও আপনার বুদ্ধিকে অগ্রাহ্য করিয়া পরচিত্তের অনুসরণ করে, সে ব্যক্তি মূর্খচালিত নৌকায় আরোহণ করিয়া সমুদ্রের ন্যায় ঘোর বিপদে নিমগ্ন হয় ॥৪॥

(৩)…ভীমসেনাঃ সবাহ্লিকাঃ…। (৫) ‥প্রীয়ায়সে ত্বম্…অতিনর্ম্মা জায়তে সম্প্রহারঃ…।

আকর্ষস্তে স্বে ধনে সুপ্রণীতো হৃদি প্রৌঢ়ো মন্ত্রমযোঽযমাধিঃ।
যুধিষ্ঠিবেণ কলহস্তবাযমচিন্তিতোঽনভিমতঃ স্ববন্ধুনা ॥৬॥
প্রাতীপেয়াঃ। শান্তনবাঃ। শৃণুধ্বং কাব্যাং বাচং সংসদি কৌববাণাম্।
বৈশ্বানবং প্রজ্বলিতং সুঘোবং মা যাস্যধ্বং মন্দমনুপ্রপন্নাঃ ॥৭॥

ভাবতকৌমুদী

দুর্য্যোধন ইতি। হে বাজন্। দুর্য্যোধনঃ, পাণ্ডবেন যুধিষ্ঠিবেণ সহ, গ্লহতে পণং কবোতি, তচ্চ পণপূর্ব্বকং দ্যূতং জযতি, ইতি হেতোস্ত্বম্, পিপ্রীযসে অতিশয়েন প্রীতিং লভসে। "প্রীঙ্ প্রীতৌ" ইত্যস্য চেক্রীযিতে রূপম্। অতো দ্যূতাৎ, সম্প্রহাবো যুদ্ধম, সমুন্মজ্জতি উত্তিষ্ঠতি, যতশ্চ সম্প্রহাবাৎ, পুংসাং বিনাশঃ সমুপৈতি আগচ্ছতি ॥৫॥

আকর্ষ ইতি। হে রাজন্। তে তব, স্বে স্বকীয়ে ধনে, আকর্ষ আকর্ষণম্, সুপ্রণীতশ্চিরমেবাস্মাভিরবগতঃ, পবঞ্চ মন্ত্রময়ো দুর্য্যোধনশকুনিভ্যাং সহ প্রাগ্ গুপ্তমন্ত্রণাকৃতঃ, অযং পাণ্ডবধনহরণবিষয়কঃ, আধিঃ উৎকটেচ্ছারূপা পীডা, তে হৃদি প্রৌঢ়ঃ প্রকর্ষেণ জাতঃ, ইত্যপি মদাহ্বানান্ময়া সুবিদিতমিতি ভাবঃ। কিন্তু স্ববন্ধুনা যুধিষ্ঠিরেণ সহ তব অযং কলহঃ, অস্মাভিরচিন্তিতঃ অনভিমতশ্চ ॥৬॥

ভাবতভাবদীপঃ

অতিশয়েন প্রীয়সে। যঙন্তোঽয়ম্, অপ্রথমস্যাপি যকারস্য বিত্বমার্ষম্। প্রিয়াযসে ইতি স্বপাঠে তু প্রিয়মিব আচরসে। অতিনর্ম্মাতিবিনোদ এবাস্তে সম্প্রহারো যুদ্ধম্, জাযতে যুদ্ধরূপেণ পরিণমতে অতঃ সমুন্মজ্জতি সম্প্রহার ইতি পাঠঃ ॥৫॥ আকর্ষস্তেঽবাক্ফলঃ, সুপ্রণীতঃ আকর্ষো দ্যূতম্। অবাক্ নীচগামি ফলং যস্য সোঽবাক্ফলো হানিমৃত্যুনরকপ্রদ ইত্যর্থঃ। সুপ্রণীতঃ সম্যক্প্রণীত উপস্থাপিতঃ শকুনিনেত্যুপহাসঃ। "আকর্ষঃ শারিফলকে পাশকে দ্যূত ইন্দ্রিযে" ইতি বিশ্বঃ। আকর্ষস্তে স্বে ধনে কুপ্রণীত ইতি পাঠে স্বং ধনং রাজ্যপুত্রাদি তত্র আকর্ষো ধনাদ্যাকর্ষণসাধনং কাষ্ঠাদিময়ো হস্তঃ কুৎসিতেন শকুনিনা প্রণীতঃ। যতোঽয়ং দ্যূতরূপঃ সমাধির্নিয়মো মন্ত্রপদো মন্ত্রপূর্ব্বকো ভবতাং হৃদি প্ররূঢ়ঃ। কিং তাবতা ইত্যত আহ—যুধিষ্ঠিরেণেতি। অয়মেব আকর্ষঃ কলহঃ কলহরূপেণ পরিণংস্যতে ইত্যর্থঃ ॥৬॥

মহাবাজ! দুর্য্যোধন পণ বাখিযা যুধিষ্ঠিবেব সহিত দ্যূতক্রীডায় জয কবিতেছে বলিযা আপনি অত্যন্ত আনন্দ অনুভব কবিতেছেন, কিন্তু এই দ্যূত হইতেই যুদ্ধ উপস্থিত হয় এবং তাহা হইতেই মানুষেব বিনাশ হইযা থাকে ॥৫॥

ধনেব উপবে আপনাব যে আকর্ষণ আছে, তাহা আমবা চিবদিনই জানি, তা'ব পব, আপনি যুধিষ্ঠিবেব ধন হবণ কবিবাব জন্য পূর্ব্বে গোপনে মন্ত্রণা কবিয়া সেই ইচ্ছাই পোষণ কবিতেছেন, ইহাও জানি। এখন আত্মবন্ধু যুধিষ্ঠিবেব সহিত আপনাব এই কলহ উপস্থিত হইযাছে; এ বিষযে পূর্ব্বে আমবা চিন্তাও কবি নাই বা ইহাতে আমাদেব মতও নাই ॥৬॥

---

(৬) আকর্ষস্তে বাক্ফলঃ সুপ্রণীতঃ হৃদি প্রৌঢ়ো মন্ত্রপদঃ সমাধিঃ - ।

যদা মন্যুং পাণ্ডবোঽজাতশত্রুর্ন সংযচ্ছেদক্ষমদাভিভূতঃ।
বৃকোদরঃ সব্যসাচী যমৌ চ কোঽত্র দ্বীপঃ স্যাত্তুমুলে বস্তদানীম্ ॥৮॥
মহারাজ ! প্রভবস্ত্বং ধনানাং বিনা দ্যূতাম্মনসা যাবদিচ্ছেঃ।
বহু বিত্তং পাণ্ডবাচ্চেজ্জয়েস্ত্বং কিং তে তৎ স্যাদ্বসু বিন্দেহ পার্থান্ ॥৯॥

ভারতকৌমুদী

ইদানীং দ্যূতনিবারণায় ভীষ্মাদীন্ সম্বোধ্যাহ—প্রাতীতি। হে প্রাতীপেয়াঃ প্রতীপবংশোদ্ভবাঃ। হে শান্তনবাঃ শান্তনুবংশোদ্ভবাশ্চ। যূয়ম্, কৌরবাণাং সংসদি সভায়াম্, কাব্যাং কবিনা ময়া প্রযুক্তাং বাচং শৃণুধ্বম্। কাসৌ বাগিত্যাহ—যূয়ম্, মন্দং মূঢ়ং দুর্য্যোধনম্, অনুপ্রপন্না অনুগতাঃ সন্তঃ, অস্মাদ্দ্যূতাদেব প্রজ্বলিতং সুঘোরং বৈশ্বানরম্ অগ্নিম্ অগ্নিতুল্যং সমরম্, মা বাস্তধ্বং ন যাত ॥৭॥

নন্বস্মাকং সমরগমনে কো দোষ ইত্যাহ—যদেতি। অক্ষমদাৎ দ্যূতমত্ততাবশাৎ, অভিভূতঃ পরাজিতঃ, পাণ্ডবঃ, অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ, বৃকোদরো ভীমঃ, সব্যসাচী অর্জ্জুনশ্চ, যদা মন্যুং ক্রোধম্, ন সংযচ্ছেৎ ন সংবৃণুয়াৎ, যমৌ নকুলসহদেবৌ চ, যদা মন্যুং ন সংযচ্ছেতাম্, তদানীম্, তুমুলে অত্র সমরসাগরে, বো যুষ্মাকং মধ্যে কো জনঃ, দ্বীপো দ্বীপ ইবাবলম্বনং স্যাৎ ॥৮॥

পুনর্ধৃতরাষ্ট্রং প্রত্যাহ—মহেতি। হে মহারাজ। ত্বং দ্যূতাদ্বিনাপি মনসা যাবদ্যাবন্তি

ভারতভাবদীপঃ

তৎফলমাহ—প্রাতিপেয়া ইতি। কাব্যাং কবিনা দীর্ঘদর্শিনা ময়া ঈরিতাম্, মন্দং দুর্য্যোধনম্। মাত্যগাৎ ব ইতি পাঠে বো যুষ্মাকং মধ্যে কশ্চিদিমং কলহবৈশ্বানরং মাত্যগাদতিক্রম্য মাগাৎ। কিন্তু অর্ব্বাগেব শাম্যধ্বমিত্যাহোত্তরার্দ্ধেন ॥৭॥ অযুদ্ধেন প্রশাময়ধ্বেতি রাজানং প্রত্যুক্তম্। যুদ্ধে কো দোষ ইত্যত আহ—যদেতি। দ্বীপ ইব দ্বীপঃ আপৎসমুদ্রে মজ্জতামাশ্রয়ঃ ॥৮॥ প্রভব উৎপত্তিঃ, যাবদিচ্ছেস্তাবৎ তে ধনমস্তীত্যর্থঃ। অত্যন্ততৃষ্ণাপ্যফলেত্যাহ—বহ্বিতি। জয়ঃ অজয়ঃ জিতবান্, কিং তে তৎ ততঃ স্যান্ন কিমপি। অতো হেতোর্বসু বিন্দেহ পার্থান্ পার্থানেব ধনরূপেণ বিন্দ লভস্ব। বসুজিদ্বেহ পার্থানিতি পাঠে বসুজিত্বা বসুজয়শীলঃ। অন্যেভ্যোঽপি দৃশ্যন্ত ইতি জয়তেঃ ক্বনিপ্। তাদৃশস্তং পার্থানেব ঈহ ঈহস্ব

হে প্রতীপরাজার বংশধরগণ ! হে শান্তনুরাজার বংশধরগণ ! আপনারা কৌরবসভায় আমার বাক্য শ্রবণ করুন ; ভয়ঙ্কর আগুন জ্বলিয়া উঠিয়াছে, আপনারা মূর্খের অনুসরণ করিয়া তাহার ভিতরে পড়িবেন না ॥৭॥

যুধিষ্ঠির মত্ততাবশতঃ দ্যূতে পরাভূত হইয়া যখন ক্রোধ সংবরণ করিবেন না এবং ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব যখন ক্রোধ প্রকাশ করিবেন, তখন সেই তুমুল সমরসমুদ্রে আপনাদের মধ্যে কোন্ ব্যক্তি দ্বীপস্বরূপ অবলম্বন হইবেন ? ॥৮॥

---

(৯)…পুরা দ্যূতাৎ…বহুবিত্তান্ পাণ্ডবাংশ্চেজ্জয়স্ত্বং… ।

জানীমহে দেবিতং সৌবলস্য বেদ দ্যূতে নিকৃতিং পার্ব্বতীয়ঃ।
যতঃ প্রাপ্তঃ শকুনিস্তত্র যাতু মা যূযুধো ভারত। পাণ্ডবেয়ান্ ॥১০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি
দ্যূতে বিদুরবাক্যে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

ইচ্ছেঃ, তাবতামেব ধনানাম্, প্রভবস্ত্যাদিতি প্রভব আকর আসীঃ। অতএব যদ্যেৎ পাণ্ডবাদ্বহু প্রচুরমপি বিত্তং ধনং জয়েঃ, তৎ তদাপি, কিং কিয়দধিকং তে তব বসু ধনং স্যাৎ। বৃষ্টিজলপাতে সমুদ্রজলস্যেব অলক্ষ্যা বৃদ্ধিরেব স্যাদিতি ভাবঃ। অতএব ইহ পার্থান্ পাণ্ডবান্, বিন্দ সৌহার্দ্দেন লভস্ব ॥৯॥

অথ ন্যায়েনার্থার্জ্জনে কো দোষ ইত্যাহ—জানীমহ ইতি। বয়ং সৌবলস্য শকুনেঃ, দেবিতং ক্রীড়াং জানীমহে। কিং জানীধ্বে ইত্যাহ—পার্ব্বতীয়ঃ শকুনিঃ, দ্যূতে নিকৃতিং শাঠ্যম্, বেদ জানাতি। অতো নেদং ন্যায়েনার্থার্জ্জনমিত্যাশয়ঃ। তেন চ শকুনির্যতো যস্মাদ্দেশাৎ, প্রাপ্ত উপস্থিতঃ, তত্রৈব যাতু। হে ভারত। ত্বমপি পাণ্ডবেয়ান্ মা যুযুধঃ ন যোধয়। দ্যূতান্নিবর্ত্তস্বেতি ভাবঃ ॥১০॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সভাপর্ব্বণি দ্যূতে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

ইচ্ছাবিষয়ান্ কুরু। তেনৈব তব মহাল্লাভ ইত্যর্থঃ ॥৯॥ বেদ জানীতে, নিকৃতিং ছলম্, মা যুযুধঃ মা যোধয় ॥১০॥

ইতি শ্রীমহাভারতে সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬০॥

—:*:—

মহারাজ! দ্যূত ব্যতীতও আপনি মনে মনে যত ধন ইচ্ছা করেন, আপনি তত ধনেরই অধীশ্বর; সুতরাং আপনি পাণ্ডবদের নিকট হইতে যদি প্রচুর ধন জয় করেন, তাহাতে আপনার সমৃদ্ধি কতখানি বৃদ্ধি পাইবে? অতএব আপনি সৌহার্দ্দ করিয়া পাণ্ডবগণকে হস্তগত করুন ॥৯॥

আমরা শকুনির খেলা জানি, পার্ব্বত্যদেশীয় শকুনি খেলায় বেশ শঠতা জানে; সুতরাং শকুনি যে স্থান হইতে আসিয়াছে, সেই স্থানেই চলিয়া যা'ক; আপনি পাণ্ডবদের সহিত যুদ্ধ বাধাইবেন না" ॥১০॥

—:*:—

* '...দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ', '...ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ', '...ষডশীতিতমোঽধ্যায়ঃ'।

একষষ্টিতমোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

দুর্য্যোধন উবাচ ।

পরেষামেব যশসা শ্লাঘসে ত্বং সদা ক্ষত্তঃ ! কুৎসয়ন্ ধার্ত্তরাষ্ট্রান্ ।
জানীমহে বিদুর ! যৎপ্রিয়স্ত্বং বালানিবাস্মানবমন্যসে ত্বম্ ॥১॥
স বিজ্ঞেয়ঃ পুরুষোঽন্যত্রকামো নিন্দাপ্রশংসে হি তথা যুনক্তি ।
জিহ্বাত্মনো হৃদয়স্থং ব্যনক্তি জানীমহে ত্বন্মনসঃ প্রাতিকূল্যম্ ॥২॥

ভারতকৌমুদী

পরেষামিতি । হে ক্ষত্তঃ ! দাসীপুত্র ! বিদুর ! "ভুজিষ্যাতনযে ক্ষত্তা নিযুক্তে চ প্রজাসৃজি" ইতি বিশ্বঃ । ত্বং সদৈব ধার্ত্তরাষ্ট্রান্ কুৎসয়ন্ নিন্দন্, পরেষাং যশসৈব, শ্লাঘসে গর্ব্বমনুভবসি । ত্বম্, যে প্রিয়া যস্য স যৎপ্রিয়ঃ, তান্ জানীমহে । ত্বম্ অস্মান্ বালান্ মূর্খানিব অবমন্যসে, তদপি জানীমহ ইত্যর্থঃ ॥১॥

স ইতি । স পুরুষঃ, অন্যত্র কামঃ প্রিয়ত্বাদভিলাষো যস্য স তাদৃশো বিজ্ঞেয়ঃ ; যো হি, তথা তৎপ্রকারেণ, নিন্দাপ্রশংসে যুনক্তি করোতি । তথা চ যত্র নিন্দাং যুনক্তি তত্র দ্বেষঃ, যত্র চ প্রশংসাং যুনক্তি তত্র কাম ইত্যাশয়ঃ । যেন হি জিহ্বা, আত্মনো হৃদয়স্থং ভাবম্, ব্যনক্তি প্রকাশয়তি, "দ্বিধেব কৃত্বা হৃদয়ং নিগূহতঃ স্ফুরন্নসাধোর্বিবৃণোতি বাগসিঃ" ইতি ভারবিনিবেদিতন্যায়াদিতি ভাবঃ । অস্মান্ প্রতি ত্বন্মনসঃ প্রাতিকূল্যঞ্চ চিরমেব জানীমহে ॥২॥

ভাবভাবদীপঃ

পরেষামিতি । যৎপ্রিয়ঃ যে প্রিয়া যস্য, বালান্ মূর্খান্ । অস্মিন্ পাদেঽক্ষরাধিক্যমার্ষম্ ॥১॥ স ইতি । অন্যত্র ইষ্টজয়েঽনিষ্টপরাজয়ে চ কামোঽভিলাষো যস্য সোঽন্যত্রকামো বিজ্ঞেয়ঃ । তত্র লিঙ্গমিষ্টপ্রশংসা অনিষ্টনিন্দা চেত্যাহ—নিন্দেতি । তে তব জিহ্বা কথং হৃদয়ং হৃদিস্থমস্মাসু দ্বেষং ব্যনক্তি অবাচ্যমপি প্রকটয়তীত্যর্থঃ । জিহ্বা মনস্তে হৃদয়ং ব্যনক্তি জ্যায়োঽন্তরাত্মনসঃ প্রাতিকূল্যমিতি পাঠে জিহ্বা বাগিন্দ্রিয়ং তৎসহিতং মনস্তৎপ্রবর্ত্তক-মন্তঃকরণং তৎ তে তব হৃদয়ং বুদ্ধিমাশয়ং ব্যনক্তি, যতঃ অন্তরাত্মনসঃ অপেক্ষয়া বাহ্যং বাচঃ প্রাতিকূল্যং জ্যায়ঃ । বিদ্যমানোঽপ্যস্মাসু দ্বেষো লোকলজ্জাভযাৎ ত্বয়া বাচা ন বক্তব্য

দুর্য্যোধন বলিলেন—"দাসীপুত্র বিদুর ! তুমি সর্ব্বদাই ধৃতরাষ্ট্রপুত্রগণের নিন্দা করিয়া পরের যশে শ্লাঘা কর, যাহারা তোমার প্রিয়, তাহাদিগকে আমরা জানি, তুমি আমাদিগকে মূর্খের মতই অবজ্ঞা করিয়া থাক ॥১॥

যে লোক নিজের নিন্দা ও পরের প্রশংসা করে, তাহাকে বিপক্ষের পক্ষপাতী বলিয়া জানা উচিত । কারণ, জিহ্বা নিজের মনের ভাব ব্যক্ত করে ; অতএব তোমার মনের ভাব যে আমাদের প্রতিকূল, তাহা আমরা জানি ॥২॥

---

(২) জিহ্বামনস্তে হৃদয়ং ব্যনক্তি জ্যায়োঽন্তরাত্মনসঃ প্রাতিকূল্যম্।

উৎসঙ্গে চ ব্যাল ইবাহিতোঽসি মার্জ্জারবৎ পোষকঞ্চাপহংসি।
ভর্ত্তৃঘ্নং ত্বাং নহি পাপীযমাহুস্তস্মাৎ ক্ষত্তঃ। কিং ন বিভেষি পাপাৎ ॥৩॥
জিত্বা শত্রূন্ ফলমাপ্তং মহদ্বৈ মাঽস্মান্ ক্ষত্তঃ! পরুষাণীহ বোচঃ।
দ্বিষদ্ভিস্ত্বং সম্প্রযোগাভিনন্দী মুহুর্দ্বেষং যাসি নঃ সম্প্রয়োগাৎ ॥৪॥
অমিত্রতাং যাতি নবোঽক্ষমং ব্রুবন্ নিগূহতে গুহ্যমমিত্রসংস্তবে।
তদাশ্রিতোঽপত্রপ। কিং নু বাধসে যদিচ্ছসি ত্বং তদিহাভিভাষসে ॥৫॥

ভাবতকৌমুদী

উৎসঙ্গ ইতি। হে ক্ষত্তঃ। বিদুর। ত্বমস্মাভিঃ, ব্যালঃ সর্প ইব, উৎসঙ্গে ক্রোড়ে, আহিতঃ স্থাপিতোঽসি, মার্জ্জারবচ্চ পোষকম্ অপহংসি ক্ষতিগ্রস্তং করোষি, অন্নভক্ষণাদনিষ্টাচরণাচ্চেতি ভাবঃ। ভর্ত্তৃঘ্নং স্বামিদ্রোহিণং ত্বাম্, পাপায় হিতং পাপীযং পাপিষ্ঠম্, নহি আহুরিতি কাকুঃ পাপিষ্ঠমেবাহুঃ সজ্জনা ইত্যর্থঃ। তস্মাৎ পাপাৎ কিং ন বিভেষি ॥৩॥

জিত্বেতি। হে ক্ষত্তঃ। অস্মাভিঃ শত্রূন্ জিত্বা মহদেব ফলম্, আপ্তং লব্ধম্। তেন চ ইহ ত্বমস্মান্, পরুষাণি নিষ্ঠুরাণি বচনানি, মা বোচঃ ন ব্রূহি। ত্বং দ্বিষদ্ভিঃ শত্রুভিঃ পাণ্ডবৈঃ সহ, মুহুঃ সম্প্রযোগাভিনন্দী বারং বারম্ অস্মাকং সখ্যপ্রশংসী। তস্মাচ্চ সম্প্রয়োগাৎ সখ্যাৎ সখ্যস্থাপনায় প্রণোদনাদিত্যর্থঃ, নঃ অস্মাকম্, দ্বেষং যাসি প্রাপ্নোষি, অসম্ভবং সম্ভাবয়িতুমিচ্ছুত্বাদিতি ভাবঃ ॥৪॥

অমিত্রতামিতি। অপগতা ত্রপা লজ্জা যস্য তৎসম্বোধনম্, অবজ্ঞাতবচনত্বেঽপি পুনঃ পুনস্তৎপ্রযোগাদিত্যাশয়ঃ। নরঃ, অক্ষমম্ অনুচিতং ব্রুবন্, অমিত্রতাং লোকস্য শত্রুতাম্

ভাবতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥২॥ এতদেবাহ—উৎসঙ্গে চেতি। পাপীয়ঃ পাপতরং ভর্ত্তৃঘ্নত্বাৎ স্বামিদ্রোহাৎ। পাপীয়মাহুরিতি পাঠে পাপায় হিতম্। তস্মৈ হিতমিতি চ্ছঃ ॥৩॥ সম্প্রয়োগ ঐক্যং সখ্যমিত্যর্থঃ। সম্প্রযোগাদস্মাভিঃ সহ সখ্যং কৃত্বা তান্ প্রশংসন্ মুহুর্বারং বারং দ্বেষং যাসি। অস্মদ্দ্বেষ্যো ভবসীত্যর্থঃ। সম্প্রমোহাদিত্যপি পাঠঃ। তেষাং সখা ভূত্বা মৌর্খ্যাদস্মাভিঃ সহ

বিদুর! তোমাকে আমরা সর্পের ন্যায় ক্রোড়ে রাখিয়াছি; অথচ তুমি বিড়ালের ন্যায় প্রতিপালকের ক্ষতি করিতেছ, তাহাতে তুমি স্বামিদ্রোহী হইয়াছ; সুতরাং সজ্জনেরা তোমাকে কি পাপিষ্ঠ বলেন না? তুমিও কি সে পাপ হইতে ভয় কর না? ॥৩॥

বিদুর! আমরা শত্রুগণকে জয় করিয়া গুরুতর ফল পাইয়াছি, তাহাতে তুমি আমাদিগকে নিষ্ঠুর বাক্য বলিও না। তুমি সর্ব্বদাই শত্রুদের সহিত আমাদের সখ্যের প্রশংসা করিয়া থাক, তাহাতেই তুমি আমাদের বিদ্বেষের পাত্র হইয়াছ ॥৪॥

---

(৩) উৎসঙ্গেন ব্যাল ইবাহৃতোঽসি...উপহংসি...ভর্ত্তৃঘ্নত্বান্নহি পাপীয় আহুঃ...।

মা নোঽবমংস্থা বিদ্ম মনস্তবেদং শিক্ষস্ব বুদ্ধিং স্থবিরাণাং সকাশাৎ।
যশো রক্ষস্ব বিদুর! সম্প্রণীতং মা ব্যাপৃতঃ পরকার্য্যেষু ভূস্ত্বম্ ॥৬॥
অহং কর্ত্তেতি বিদুর! মাবমংস্থা মা নো নিত্যং পরুষাণীহ বোচঃ।
ন ত্বাং পৃচ্ছামি বিদুর। যদ্ধিতং মে স্বস্তি ক্ষত্তর্মা তিতিক্ষূন্ ক্ষিণু ত্বম্ ॥৭॥

ভারতকৌমুদী

যাতি প্রাপ্নোতি। অমিত্রসংস্তবে শত্রুপ্রশংসাকালে, গুহ্যং গোপনীয়ং বিষয়ং নিজমনোভাবমিত্যর্থঃ, নিগূহতে সংবৃণোতি। তৎ তাদৃশং নয়ত্বমাশ্রিতস্তম্, কিং নু বাধসে উদ্দেশ্যাদস্মান্ নিবারয়সি। ত্বং যদিচ্ছসি, উন্মত্তবদেব তদিহ অভিভাষসে ব্রবীষি ॥৫॥

মেতি। হে বিদুর! ত্বং নঃ অস্মান্, মা অবমংস্থা নাবজানীহি, বয়ং তবেদং মনো মনোভাবম্, বিদ্ম জ্ঞাতবন্তঃ। স্থবিরাণাং বৃদ্ধানাং সকাশাৎ বুদ্ধিং শিক্ষস্ব। সম্প্রণীতং প্রাগুৎপাদিতং যশো রক্ষস্ব, ত্বং পরকার্য্যেষু ব্যাপৃত আসক্তো মা ভূঃ ॥৬॥

অহমিতি। হে বিদুর! অহং কর্ত্তেতি বিভাব্য ত্বং মা অবমংস্থা অস্মান্ নাবজানীহি, ইহ নিত্যং সর্ব্বদা, নঃ অস্মান্, পরুষাণি নিষ্ঠুরবাক্যানি মা বোচঃ ন ব্রূহি। হে বিদুর! মে মম যদ্ হিতং তত্ত্বাং ন পৃচ্ছামি। হে ক্ষত্তঃ! ত্বম্, তিতিক্ষূন্ সহিষ্ণূন্ অস্মান্, মা ক্ষিণু পরুষবচনশরৈর্ন বিদারয়, স্বস্তি তব মঙ্গলমস্তু ॥৭॥

ভারতভাবদীপঃ

ঘেবং করোষি। সম্বন্ধস্য সাম্যে সতি এতদযুক্তমিত্যর্থঃ ॥৪॥ অক্ষমং ক্ষন্তুমযোগ্যম্, নিগূহতে গুহ্যং সর্ব্বোঽপি। ত্বং তু তৎ প্রকাশয়সীতি ভাবঃ। তদাশ্রিতঃ পার্থিবাশ্রিতঃ, পার্থিবং ধৃতরাষ্ট্রম্, যতো যথেষ্টং ভাষসে ॥৫—৬॥ অহং দুর্য্যোধনঃ কর্ত্তেতি চ মা মংস্থা মা মন্যস্ব। মাবমংস্থা ইতি পাঠে মামিতি শেষঃ। তিতিক্ষূন্ ক্ষমাবতঃ, ক্ষিণু ক্ষপয়। নাত্রাস্মাকমপরাধ

হে নির্লজ্জ! মানুষ অসঙ্গত কথা বলিয়া লোকের শত্রু হইয়া থাকে এবং শত্রুর প্রশংসার সময়ে নিজের মনোভাব গোপন রাখে; তুমিও তাহাই অবলম্বন করিয়া আমাদিগকে বাধা দিতেছ কেন? তুমি উন্মত্তের মত যাহা ভাবিতেছ, তাহাই বলিতেছ। ॥৫॥

বিদুর! তুমি আমাদিগকে অবজ্ঞা করিও না; তোমার মনের ভাব আমরা বুঝিয়াছি; তুমি বৃদ্ধদের নিকট হইতে বুদ্ধি শিক্ষা কর, পূর্ব্বার্জ্জিত যশ রক্ষা কর, পরের কার্য্যে ব্যাপৃত হইও না ॥৬॥

বিদুর! 'আমি কর্ত্তা' ইহা ভাবিয়া তুমি আমাদিগকে অবজ্ঞা করিও না, কিংবা সর্ব্বদা নিষ্ঠুর বাক্য বলিও না। আমার যাহা হিত, তাহা আমি তোমাকে জিজ্ঞাসা করিতেছি না; আমরা সহিষ্ণু; তুমি আমাদিগকে বাক্যবাণ দ্বারা বিদীর্ণ করিও না; তোমার মঙ্গল হউক ॥৭॥

(৬)...তদাশ্রিতঃ পার্থিবমেব বাধসে...। (৭)...মাতিতীক্ষ্ণং ক্ষিণু ত্বম্।

একঃ শাস্তা ন দ্বিতীয়োঽস্তি শাস্তা গর্ভে শয়ানং পুরুষং শাস্তি যো বৈ।
তেনানুশিষ্টঃ প্লবনাদিবাম্ভো যথা নিযুক্তোঽস্মি তথা ভবামি ॥৮॥
ভিনত্তি শিরসা শৈলং মহীং ভেদয়তে চ যঃ।
ধীরেব কুরুতে তস্য কার্য্যাণামনুশাসনম্ ॥৯॥
যো বলাদনুশাস্তীহ সোঽমিত্রং তেন বিন্দতি।
মিত্রতামনুবৃত্তস্তু সমুপেক্ষেত পণ্ডিতঃ ॥১০॥
প্রদীপ্য যঃ প্রদীপ্তাগ্নিং প্রাক্ চিরং নাভিধাবতি।
ভস্মাপি ন স বিন্দেত শিষ্টং ক্বচন ভারত। ॥১১॥

ভারতকৌমুদী

অথাহং তে শাস্তা, তেন চ যদিচ্ছামি তদেব করোমীত্যাহ—এক ইতি। এক ঈশ্বরঃ, শাস্তা শাসনকর্ত্তা, দ্বিতীয়ঃ শাস্তা নাস্তি। যো গর্ভে শয়ানং তিষ্ঠন্তমপি পুরুষং শাস্তি। তেন অনুশিষ্টোঽহম্, তেন যথা নিযুক্তোঽস্মি, তথা প্লবতে যস্মাদিতি প্লবনমুচ্চস্থানং তস্মাৎ, অম্ভো জলমিব, ভবামি ॥৮॥

ভিনত্তীতি। যঃ শিরসা বজ্রাগ্রেণ শৈলং ভিনত্তি, মহীং ভূমিঞ্চ, ভেদয়তে রবিকিরণেন বিদারয়তি, তস্য জগদীশ্বরস্য, ধীর্বুদ্ধিরেব লোকস্য কার্য্যাণামনুশাসনং কুরুতে। অতঃ থলীশ্বরপ্রেরণয়ৈবাহং দ্যূতং বিদধামীতি ভাবঃ ॥৯॥

য ইতি। ইহ যো জনঃ, বলাদন্যং জনম্ অনুশাস্তি কার্য্যে প্রণোদয়তি, স জনঃ, তেন বলপূর্ব্বকানুশাসনেন, অমিত্রং শত্রুভূতমেব তং জনম্, বিন্দতি লভতে, শত্রুং করোতীত্যর্থঃ।

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥৭॥ কস্তর্হি কর্ত্তেত্যত আহ—এক ইতি। প্রবণাৎ নিম্নাৎ ॥৮॥ ভিনত্তি যেন নিযুক্তঃ স্বীয়মপি শিরস্তাড়য়তীত্যর্থঃ। ভোজয়তে শিচক্ষেতি তত্তৎ। সাক্ষান্মৃত্যুমপ্যাহিং সর্পং যো রক্ষয়তে ইত্যর্থঃ। এবমনিষ্টেঽপি কর্ম্মণি স এব মাং প্রেরয়তীত্যর্থঃ ॥৯॥ তেন শাসনেন শাস্যমেবামিত্রং বিন্দতি প্রাপ্নোতি। সমুপেক্ষেত শাসনমিতি শেষঃ ॥১০॥ স্বৎপালকত্বেন

একজনমাত্র শাসনকর্ত্তা আছেন, দ্বিতীয় শাসনকর্ত্তা নাই, যিনি গর্ভস্থ জীবকেও শাসন করিয়া থাকেন, তিনিই আমাকে শাসন করিতেছেন; সুতরাং তিনি আমাকে যে ভাবে নিযুক্ত করিতেছেন, আমি সেই ভাবেই উচ্চস্থান হইতে জলের ন্যায় চলিতেছি ॥৮॥

যিনি বজ্র দ্বারা পর্ব্বত ভেদ করিতেছেন এবং সূর্য্যকিরণ দ্বারা ভূমি বিদারণ করিতেছেন, তাঁহার বুদ্ধিই লোকের কার্য্যের পরিচালনা করিয়া থাকে ॥৯॥

যে ব্যক্তি বলপূর্ব্বক অন্যকে শাসন করে, সে ব্যক্তি তাহাকে শত্রুই করিয়া তোলে, অতএব বুদ্ধিমান্ লোক সেইরূপ মিত্রকে পরিত্যাগ করিবেন ॥১০॥

---

(৮)...পুরুষং শাস্তি শাস্তা · প্রবণাদিবাম্ভঃ ...। (৯) শৈলমহিং ভোজয়তে চ যঃ...।

ন বাসয়েৎ পাববর্গ্যং দ্বিষন্তং বিশেষতঃ ক্ষত্তবহিতং মনুষ্যম্।
স যত্রেচ্ছসি বিদুব! তত্র গচ্ছ সুসান্ত্বিতা হ্যসতী স্ত্রী জহাতি ॥১২॥

বিদুব উবাচ।

এতাবতা যে পুরুষাংস্ত্যজন্তি তেষাং বৃত্তং সাক্ষিবদ্‌ব্রূহি রাজন্।।
বাজ্ঞাং হি চিত্তানি পবিপ্লুতানি সান্ত্বং দত্ত্বা মুসলৈর্ঘাতয়ন্তি ॥১৩॥

ভারতকৌমুদী

অতঃ পণ্ডিতো জনঃ, মিত্রতামনুবৃত্তং বাহ্যাক্রেণানুসরন্তং তং জনম্, সমুপেক্ষেত। তেন চ বলপূর্ব্বকানুশাসনপ্রবৃত্তত্বাৎ বাহ্যাক্রেণ মিত্রতানুসরণাচ্চ ত্বাং বয়ং সমুপেক্ষামহ ইতি ভাবঃ ॥১০॥

প্রদীপ্যেতি। হে ভারত। ভরতবংশীয়ত্বেন প্রখ্যাত বিদুব। যো জনঃ, প্রাক্ প্রদীপ্তাগ্নিং কাষ্ঠেষু প্রজ্বলিতং বহ্নিম্, প্রদীপ্য অঙ্গাবগ্রহণায় ব্যজনাদিনা সন্ধুক্ষ্য, চিরং নাভিধাবতি নির্বাপণায় পুনস্তদন্তিকং ন যাতি, স জনঃ, ক্বচন কদাপি, শিষ্টমবশিষ্টম্। অঙ্গারে কা কথা, ভস্মাপি ন বিন্দেত বায়ুনাপসারণান্ন লভেত। তথা চাস্মাকং প্রাচীনব্যবহারেণ পাণ্ডবেষু বৈরং প্রবৃত্তম্, ইয়তা দ্যূতেন চ তদুদ্দীপ্তম্, ইদানীঞ্চ ন চেদ্দ্যূতেনোপসর্পামঃ, তদা অবশিষ্টং ধনং লভেমহীতি ভাবঃ ॥১১॥

নেতি। হে ক্ষত্তঃ! পরবর্গে বিপক্ষে বিদ্যমানঃ পাববর্গ্যস্তম্, দ্বিষন্তং শত্রুম্, গৃহে ন বাসয়েৎ, বিশেষতঃ অহিতং মনুষ্যং ন বাসয়েদেব। অতএব হে বিদুর! ত্বং যত্রেচ্ছসি, তত্র গচ্ছ। হি যস্মাৎ, অসতী স্ত্রী সুসান্ত্বিতাপি স্বামিনং জহাতি। তদ্বত্ত্বমপি চিরলালিতোঽপি মৎপক্ষং ত্যক্তবানিতি ভাবঃ ॥১২॥

ধৃতরাষ্ট্রং প্রত্যাহ—এতাবতেতি। হে রাজন্! যে জনাঃ, এতাবতা হিতোপদেশাত্মক-

ভাবতভাবদীপঃ

ত্বমিত্রং মাং ত্বমেবং মা শাধীত্যর্থঃ। যদুক্তং বৈরাগ্নিং প্রশময়েতি তত্রাহ—প্রদীপ্যেতি। প্রকর্ষেণ দীপ্তো দীপনীয়োঽগ্নির্যস্য স প্রদীপ্তাগ্নিঃ কর্পূরস্তং প্রাক্ পূর্ব্বং প্রদীপ্য যঃ শময়িতুং চিরং নাভিধাবতি স তস্য কর্পূরস্য ভস্মাপি ন বিন্দতি। তথা চৈবং পাণ্ডবান্ প্রকোপ্য যদি সমূলান্নাশযামি তর্হি এতে মাং নির্ম্মূলমুন্মূলযিষ্যন্তীতি ভাবঃ। অত্র প্রদীপ্য। প্রাক্ প্রদীপ্তাগ্নি প্রাপ্তুং রত্নানি ধাবতীতি পাঠান্তরং নির্ম্মলম্ ॥১১॥ পারবর্গ্যং পরবর্গে শত্রুগণে জাতম্ ॥১২॥

বিদুব! যে ব্যক্তি কাষ্ঠে প্রজ্বলিত অগ্নিকে আবও প্রজ্বলিত কবিবা তাহাব নিকট না যায়, সে ব্যক্তি কখনও তাহাব অবশিষ্ট ভস্মও পায় না ॥১১॥

বিদুব! শত্রুব পক্ষপাতী শত্রুকে গৃহে বাস কবাইবে না, বিশেষতঃ অনিষ্ট-কাবী মানুষকে; অতএব বিদুব! তুমি যেখানে ইচ্ছা কব, সেইখানেই যাও। কাবণ, অসতী স্ত্রীকে মধুববাক্য দ্বাবা সান্ত্বনা কবিলেও সে স্বামীকে ত্যাগ কবে” ॥১২॥

(১১) প্রদীপ্য যঃ প্রদীপাৰ্দ্ধিম্, প্রদীপাগ্নিম্, প্রসাদমধিগচ্ছতি । (১৩)⋯তেষাং সথ্যমন্ত-বদ্‌ব্রূহি রাজন্!⋯ ।

অবালত্বং মন্যসে রাজপুত্র। বালোঽহমিত্যেব সুমন্দবুদ্ধে।।
যঃ সৌহৃদে প্রথমং স্থাপয়িত্বা পশ্চাদেনং দূষয়তে স বালঃ ॥১৪॥
ন শ্রেয়সে নীয়তে মন্দবুদ্ধিঃ স্ত্রী শ্রোত্রিয়স্যেব গৃহে প্রদুষ্টা।
ধ্রুবং ন রোচে ভরতর্ষভস্য পতিঃ কুমার্য্যা ইব ষষ্টিবর্ষঃ ॥১৫॥

ভারতকৌমুদী

পরুষবাক্যেনৈব, পুরুষান্ ত্যজন্তি, তেষাং বৃত্তং চরিত্রম্, সাক্ষিবৎ নিরপেক্ষবত্ত্বং ব্রূহি। হি তথাহি, রাজ্ঞাং চিত্তানি, পরিপ্লুতানি নিতরাং চঞ্চলানি। যেন হি রাজানঃ সান্ত্বং মধুর-বচনেনাশ্বাসং দত্ত্বা মুসলৈর্ঘাতয়ন্তি অসম্মতং জনমিতি শেষঃ ॥১৩॥

পুনর্দুর্য্যোধনং প্রত্যাহ—অবালত্বমিতি। হে সুমন্দবুদ্ধে। রাজপুত্র। অহং বিদুর এব বালো মূর্খ ইত্যুক্ত্বা ত্বমাত্মনঃ অবালত্বম্ অমূর্খত্বং মন্যসে। কিন্তু যো জনঃ, প্রথমং সৌহৃদে প্রণয়ে স্থাপয়িত্বা পশ্চাদেনং জনং দূষয়তে, স এব বালো মূর্খঃ। অতস্ত্বমপি প্রথমং মাং সৌহৃদে স্থাপয়িত্বা পশ্চাদ্দূষয়সীতি ত্বমেব বাল ইত্যাশয়ঃ ॥১৪॥

স্বগতবদাহ—নেতি। শ্রোত্রিয়স্য প্রাগুক্তলক্ষণস্য ব্রাহ্মণস্য গৃহে প্রদুষ্টা স্ত্রী ইব, মন্দ-বুদ্ধির্জনঃ, শ্রেয়সে মঙ্গলায়, ন নীয়তে নেতুং ন শক্যতে। কিন্তু কুমার্য্যাঃ কন্যায়াঃ, ষষ্টিবর্ষঃ পতিরিব, অহং ধ্রুবং নিশ্চিতমেব ভরতর্ষভস্য ধৃতরাষ্ট্রস্য ন রোচে রুচিবিষয়ো ন ভবামি। তথাপ্যে মদ্বচনং শৃণুয়াদেবেতি ভাবঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

এতাবতা নীতিশিক্ষণেন সাক্ষিবৎ পুত্রে ময়ি বা পক্ষপাতমকুর্ব্বন্ ব্রূহি ; রাজন্। হে ধৃতরাষ্ট্র। রাজ্ঞাং হীতি পরিপ্লুতানি বেবেণেতি শেষঃ। তর্হি তে সান্ত্বং দত্ত্বা ঘাতয়ন্তি কোপং প্রচ্ছাদয়ন্ত্যেব। অযন্তু কোপপ্রকাশনাৎ ন রাজনীতিবিদিতি ভাবঃ ॥১৩॥ অবালত্বং পণ্ডিতত্বমাত্মন ইতি শেষঃ। বালোঽহং বিদুর ইতি চ মন্যসে তদ্বিপরীতমিত্যাহ—য ইতি। সুহৃৎস্ববিশ্বাসকৃদেব বাল ইত্যর্থঃ। অবালত্বমিতি পাঠে ত্বং বাল ইতি দুর্য্যোধনে

বিদুর বলিলেন—“মহারাজ! যাহারা এইটুকুমাত্র ঘটনাতেই মানুষকে ত্যাগ করে, তাহাদের চরিত্র কিপ্রকার, তাহা আপনি নিরপেক্ষের ন্যায় বলুন। অথবা রাজাদের মন অত্যন্ত অস্থির, যাঁহারা মধুর বাক্যে আশ্বাস দিয়া, পরে মুসল দ্বারা আঘাত করেন ॥১৩॥

হে অত্যন্ত মন্দবুদ্ধি রাজপুত্র! ‘আমিই মূর্খ’ এইরূপ মনে করিয়া তুমি আপনাকে পণ্ডিত মনে করিতেছ। দেখ—যে লোক প্রথমে সৌহার্দ্দ করিয়া পরে লোকের দোষ দেয়, সে-ই মূর্খ ॥১৪॥

শ্রোত্রিয় ব্রাহ্মণের ঘরে দুষ্ট স্ত্রীলোকের ন্যায় মন্দবুদ্ধি লোককে মঙ্গলের দিকে নিতে পারা যায় না। আর, ষষ্টিবর্ষবয়স্ক পতি যেমন কন্যার অভিপ্রেত হয় না, সেইরূপ আমিও নিশ্চয়ই মহারাজের অভিপ্রেত নহি ॥১৫॥

(১৪)…যঃ সৌহৃদে পুরুষং স্থাপয়িত্বা…। (১৫) ন শ্রেয়সে নীয়সে মন্দবুদ্ধে!…।

অতঃ প্রিয়ঞ্চেদনুকাঙ্ক্ষসে ত্বং সর্ব্বেষু কার্য্যেষু হিতাহিতেষু।
স্ত্রিয়শ্চ রাজন্। জড়পঙ্গুকাংশ্চ পৃচ্ছ ত্বং বৈ তাদৃশাংশ্চৈব মূঢ়ান্ ॥১৬॥
লভ্যতে খলু পাপীয়ান্ নরঃ সুপ্রিয়বাগিহ।
অপ্রিয়স্য তু পথ্যস্য বক্তা শ্রোতা চ দুর্ল্লভঃ ॥১৭॥
যস্তু ধর্ম্মমুপাশ্রিত্য হিত্বা ভর্ত্তুঃ প্রিয়াপ্রিয়ে।
অপ্রিয়াণ্যাহ পথ্যানি তেন রাজা সহায়বান্ ॥১৮॥
অব্যাধিজং কটুকং তীক্ষ্ণমুষ্ণং যশোমুষং পরুষং পূতিগন্ধিম্।
সতাং পেয়ং যং ন পিবন্ত্যসন্তো মন্যুং মহারাজ। পিব প্রশাম্য ॥১৯॥

ভাবতকৌমুদী

অত ইতি। হে রাজন্! অতো ময়ি কচ্যভাবাদেব, হিতাহিতেষু সর্ব্বেষু কার্য্যেষু, ত্বং প্রিয়ং প্রীতিকরং মন্ত্রণঞ্চেৎ অনুকাঙ্ক্ষসে অভিলষসি, তদা ত্বং স্ত্রিয়শ্চ জড়পঙ্গুকাংশ্চ তাদৃশানপরান্ মূঢ়ান্ জনাংশ্চ পৃচ্ছ ॥১৬॥

লভ্যত ইতি। ইহ জগতি, সুপ্রিয়া বাগ্ যস্য তাদৃশঃ, পাপীয়ান্ পাপী, সর্ব্বদা পরসুপ্রিয়ভাষণেন মিথ্যাবচনস্যাপি সর্ব্বদৈবাবশ্যকত্বাদিতি ভাবঃ, নরঃ, প্রায়েণ লভ্যতে খলু। কিন্তু অপ্রিয়স্য অথ চ পথ্যস্য হিতকারিণো বচনস্য, বক্তা চ দুর্লভঃ, শ্রোতা চ দুর্লভঃ, বক্তুঃ সাহসস্য শ্রোতুশ্চ সহিষ্ণুতায়া আবশ্যকত্বেন বিরলত্বাদিতি ভাবঃ ॥১৭॥

য ইতি। যস্তু জনঃ, ধর্ম্মমুপাশ্রিত্য, ভর্ত্তুঃ প্রিয়াপ্রিয়ে হিত্বা অবিচিন্ত্য চ, অপ্রিয়াণি অথ চ পথ্যানি হিতকরাণি বচনানি, আহ ব্রবীতি, তেন জনেনৈব, রাজা সহায়বান্ ভবতি। তেন চ ময়ৈব ত্বং সহায়বান্, সততমপ্রিয়হিতভাষণাদিত্যাশয়ঃ ॥১৮॥

ভাবতভাবদীপঃ

কাকুক্ত্যা যোজ্যম্ ॥১৪॥ ধ্রুবং স্থিরং রাজ্যাদিকং ন রোচেন্ন রোচতে। যদ্বা ধ্রুবং নিশ্চিতং হিতোপদেষ্টেতি শেষঃ। ভবর্তর্বভস্যেত্যুপহাসঃ ॥১৫—১৬॥ যত্তু পরুষাণি মা বোচ ইত্যুক্তং তত্রাহ—লভ্যত ইতি। পথ্যং পরিণামে হিতম্ ॥১৭—১৮॥ হে মহারাজ! যমসন্তো ন

অতএব মহারাজ! ইহার পর আপনি যদি হিতাহিত সমস্ত কার্য্যে প্রীতিজনক মন্ত্রণা চান, তবে স্ত্রী, জড়, পঙ্গু এবং সেই প্রকার অন্যান্য মূর্খ লোকের নিকট জিজ্ঞাসা করিবেন ॥১৬॥

মহারাজ। এই জগতে অত্যন্ত প্রিয়ভাষী পাপিষ্ঠ লোক প্রায় সর্ব্বত্রই সুলভ, কিন্তু অপ্রিয় অথচ হিতকর এমন বাক্যের বক্তাও দুর্লভ, শ্রোতাও দুর্লভ ॥১৭॥

যে লোক ধর্ম্মের দিকে লক্ষ্য রাখিয়া এবং প্রভুর প্রীতি বা অপ্রীতির চিন্তা না করিয়া অপ্রিয় অথচ হিতকর বাক্য বলে, সেই লোকই রাজার প্রকৃত সহায় ॥১৮॥

(১৬, ··তাদৃশাংশ্চৈব সর্ব্বান্। (১৯,···পরুষং পূতিগন্ধি···।

বৈচিত্রবীর্য্যস্য যশো ধনঞ্চ বাঞ্ছাম্যহং সহপুত্রস্য শশ্বৎ।
যথা তথা তেঽস্তু নমশ্চ তেঽস্তু মমাপি চ স্বস্তি দিশন্তু বিপ্রাঃ ॥২০॥
আশীবিষান্ নেত্রবিষান্ কোপয়েন্ন তু পণ্ডিতঃ।
এতত্তেঽহং বদামীহ প্রণতঃ কুরুনন্দন। ॥২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি
দ্যূতে বিদুরহিতবাক্যে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সনির্ব্বন্ধমাহ—অব্যাধিজমিতি। হে মহারাজ। আধর্ম্মানসব্যথায়া বিপরীত ইতি ব্যাধিঃ আনন্দঃ ন ব্যাধিরব্যাধির্বিষাদস্তস্মৈ অব্যাধয়ে আরোগ্যায় চ জায়ত ইতি অব্যাধিজম্, কটুকম্ অপ্রিয়ং তিক্তরসযুক্তঞ্চ, তীক্ষ্ণং তীব্রং মুখদাহিনঞ্চ, উষ্ণং ক্রোধোত্তাপজনকম্ অশীতঞ্চ, যশোমুষং কাতরতাসূচকত্বেন অসহিষ্ণুতাসূচকত্বেন চ যশোনাশকম্, পরুষং রুক্ষম্ অস্বাদুঞ্চ, পূতিগন্ধিং দুর্গন্ধদ্রব্যবদ্বিরক্তিকরং দুর্গন্ধঞ্চ, সতাং পেয়ং সময়বিশেষে আশ্রয়ণীয়ং পাতব্যঞ্চ, অসন্তশ্চ যং ন পিবন্তি নাশ্রয়ন্তি ন খাদন্তি চ, তং মন্যুং দৈন্যং পাণ্ডবানাং ক্রোধোপশমনায় অনুনয়মিত্যর্থঃ ঔষধবিশেষঞ্চ, পিব অবলম্বস্ব খাদ চ, প্রশাম্য দ্যূতান্নিবর্ত্তস্ব চ। ঔষধপানেন যথা রোগনিবৃত্তিঃ, তথানুনয়েন পাণ্ডবানাং ক্রোধনিবৃত্তিরিতি ভাবঃ। অত্র দ্বিতীয়ার্থঃ শব্দশক্তিমূলো বস্তুধ্বনিঃ ॥১৯॥

আত্মনঃ পরমহিতৈষিত্বং সূচয়ন্নাহ—বৈচিত্রেতি। অহং শশ্বৎ সর্ব্বদৈব, সহপুত্রস্য সপুত্রস্য বৈচিত্রবীর্য্যস্য বিচিত্রবীর্য্যপুত্রস্য ভবতঃ, যশো ধনঞ্চ বাঞ্ছামি, ন পুনরনিষ্টং কিঞ্চিদিতি ভাবঃ। দুর্য্যোধনকৃতপরিত্যাগং স্মৃত্বা ঔদাসীন্যাদাহ—তে তব, যথা তথা হিতমহিতং বা অস্তু, তে মম নমশ্চ অস্তু, বিপ্রাশ্চ মমাপি স্বস্তি মঙ্গলম্, দিশন্তু আশিষা কুর্ব্বন্তু ॥২০॥

ভারতভাবদীপঃ

পিবন্তি তং সতাং পেয়ং মন্যুং দৈন্যং পিব। "মন্যুর্দৈন্যে ক্রতৌ ক্রুধি"ইত্যুক্তম্। তচ্চাব্যাধিজম্, কিন্তু কটুকং দূষণজম্। "দূষণে কটুঃ" ইতি বিশ্বঃ। তীক্ষ্ণং মর্ম্মচ্ছিৎ। উষ্ণং তাপজনকম্। যশোমুষং কীর্ত্তিঘ্নম্। পরুষং রুক্ষম্। নিঃস্নেহং পূতিগন্ধিং পূতিদুষ্টং তদগন্ধিং দুষ্টবদাভাসমানম্। ঔষধমপ্যেতাদৃশম্ অব্যাধয়ে জায়তে তদব্যাধিজম্। কটুজং কটুক্যাদি কটুদ্রব্যজম্। তীক্ষ্ণং বেদনাকরম্। উষ্ণং জাড্যনাশকম্। যশোমুষং কামোদ্দীপনেন। পরুষং ঘৃতাদিসাধনহীনম্, পূতিগন্ধি লশুনাদিবৎ দুর্গন্ধি পিব মন্যুমৌষধং বা গিল। প্রশাম্য প্রশমমারোগ্যঞ্চ

মহারাজ! পরের অনুনয় করায় যদিও বিষাদ, অপ্রীতি, গ্লানি, ক্রোধ, যশোহানি, নিজের উপরে নিষ্ঠুরতা ও বিরক্তি হয় এবং অসজ্জনেরা তাহা করে না, তথাপি সজ্জনেরা তাহা করিয়া থাকেন বলিয়া আপনিও পাণ্ডবগণের নিকট অনুনয় করুন এবং দ্যূতক্রীড়া হইতে নিবৃত্ত হউন ॥১৯॥

---

(২১) - 'এবং তেঽহং বদামীদং প্রযতঃ কুরুনন্দন'।
* ' -ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ', ' -চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ', ' --সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ'।

দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ।

—:*:—

শকুনিরুবাচ।

বহু বিত্তং পরাজৈষীঃ পাণ্ডবানাং যুধিষ্ঠির।।
আচক্ষ্ব বিত্তং কৌন্তেয়। যদি তেঽস্ত্যপরাজিতম্ ॥১॥

যুধিষ্ঠির উবাচ।

মম বিত্তমসংখ্যেয়ং যদহং বেদ সৌবল।।
এতন্মম ধনং রাজন্। তেন দীব্যাম্যহং ত্বয়া ॥২॥

ভাবতকৌমুদী

আকুলতাতিশয়াৎ পুনশ্চোপদিশতি—আশীতি। হে কুরুনন্দন। ইহ অহং প্রণতঃ সন্ এতত্তে বদামি। যে দংশমাত্রেণ নাশযন্তি তে আশীবিষাঃ সর্পাস্তান্, যে চ দর্শনমাত্রেণ বিষং সঞ্চার্য্য নাশয়ন্তি তে নেত্রবিষাঃ সর্পাস্তাংশ্চ, পণ্ডিতো বুদ্ধিমান্ জনঃ, ন তু কোপয়েৎ। তথা চ পাণ্ডবা মহাবীরতয়া যুদ্ধাদৌ স্পর্শমাত্রেণ মহাধার্ম্মিকতয়া রুক্ষদৃষ্টিমাত্রেণ চ সর্ব্বান্ নাশয়িতুমর্হন্তীতি নৈতান্ কোপযেতি ভাবঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সভাপর্ব্বণি দ্যূতে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ধৃতরাষ্ট্রদুর্য্যোধনযোঃ সম্মত্যবগমাদ্বিদুরমবজ্ঞায় শকুনিরুবাচ—বহ্বিতি। বিত্তং ধনম্ ॥১॥

ভারতভাবদীপঃ

প্রাপ্নুহি ॥১৯॥ শশ্বৎ নিরন্তরম্ ॥২০॥ আশীবিষান্ দংষ্ট্রাবিষান্, নেত্রবিষান্ দৃষ্টিবিষান্। শস্ত্রেণ ক্রোধদৃষ্ট্যা চ পাণ্ডবাস্থাং ধক্ষ্যন্তীতি ভাবঃ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে সভাপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬১॥

আমি সর্ব্বদাই আপনার ও আপনার পুত্রগণের যশ ও ধনের কামনাই করিযা থাকি। যা'ক, যা' তা'ই হউক, আপনাকে নমস্কার করি, ব্রাহ্মণরাও আমার মঙ্গল করুন ॥২০॥

হে কুরুনন্দন! আমি অবনত হইয়া আপনাকে এখন ইহা বলিতেছি যে, বুদ্ধিমান্ লোক আশীবিষ সর্পকে এবং নেত্রবিষ সর্পকে কুপিত করেন না" ॥২১॥

—:*:—

শকুনি বলিলেন—"কুন্তীনন্দন। যুধিষ্ঠির! তুমি পাণ্ডবগণের বহু ধন হারিযাছ, এখন অবিজিত আর কোন ধন যদি থাকে, তবে তাহার কথা বল" ॥১॥

---

(২) প্রথমার্দ্ধাৎ পরং কাতিপযপুস্তকে ইদমধিকং দৃশ্যতে। যথা—'অথ ত্বং শকুনে। কস্মাদ্বিত্তং সমনুপৃচ্ছসি। অযুতং প্রযুতঞ্চৈব পদ্মং খর্ব্বং তথার্ব্বুদম্ ॥ শঙ্খঞ্চৈব মহাপদ্মং নিখর্ব্বং কোটিরেব চ। মধ্যঞ্চৈব পরার্দ্ধঞ্চ সপরঞ্চাত্র পণ্যতাম্ ॥'

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা ব্যবসিতো নিকৃতিং সমুপাশ্রিতঃ।
জিতমিত্যেব শকুনির্যুধিষ্ঠিরমভাষত ॥৩॥

যুধিষ্ঠির উবাচ।

গবাশ্বং বহুধেনূকমসংখ্যেয়মজাবিকম্।
যৎকিঞ্চিদনু পর্ণাশাং প্রাক্ সিন্ধোরপি সৌবল।।
এতন্মম ধনং সর্ব্বং তেন দীব্যাম্যহং ত্বয়া ॥৪॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা ব্যবসিতো নিকৃতিং সমুপাশ্রিতঃ।
জিতমিত্যেব শকুনির্যুধিষ্ঠিরমভাষত ॥৫॥

যুধিষ্ঠির উবাচ।

পুরং জনপদো ভূমিরব্রাহ্মণধনৈঃ সহ।
অব্রাহ্মণাশ্চ পুরুষা রাজন্। শিষ্টং ধনং মম।
এতদ্রাজন্। মম ধনং তেন দীব্যাম্যহং ত্বয়া ॥৬॥

ভাবতকৌমুদী

মমেতি। অসংখ্যেয়ং সংখ্যাতুমশক্যম্। বেদ জানামি ॥২॥

এতদিতি। ব্যবসিতো দেবিতুং প্রবৃত্তঃ, নিকৃতিং শঠতাম্ ॥৩॥

গবেতি। বহ্বো ধেনবো যত্র তৎ, অজাশ্ছাগাশ্চ অবয়ো মেষাশ্চ তৎ। পর্ণাশাং তদাখ্যাং নদীম্, অনু লক্ষ্যীকৃত্য, সিন্ধোর্নদ্যা অপি প্রাক্ পূর্ব্বদিশি, যৎকিঞ্চিদ্ধনমস্তি। এতৎ সর্ব্বং ধনং মম পণ ইত্যর্থঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

এতদিতি। ব্যাখ্যাতমিদং প্রাক্ ॥৫॥

যুধিষ্ঠির কহিলেন—"মাতুল শকুনি! আমার অসংখ্য ধন আছে, যাহার বিষয় আমি জানি, তাহাই আমার পণ এবং তাহা দ্বারাই আমি আপনার সহিত খেলা করিব" ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—ইহা শুনিয়া শকুনি খেলায় প্রবৃত্ত হইলেন এবং শঠতাপূর্ব্বক জয় করিয়া যুধিষ্ঠিরকে কহিলেন—'এই জিতিলাম' ॥৩॥

যুধিষ্ঠির বলিলেন—"অসংখ্য বৃষ, অশ্ব, ধেনু, ছাগ ও মেষ এবং পর্ণাশানদীর তীরে ও সিন্ধুনদের পূর্ব্বপারে যে কিছু ধন আছে, সে সমস্ত ধনই আমার পণ এবং তাহা দ্বারাই আমি আপনার সহিত খেলা করিব" ॥৪॥

বৈশম্পায়ন কহিলেন—ইহা শুনিয়া শকুনি খেলায় প্রবৃত্ত হইলেন এবং শঠতাপূর্ব্বক জয় করিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—'এই জিতিলাম' ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা ব্যবসিতো নিকৃতিং সমুপাশ্রিতঃ।
জিতমিত্যেব শকুনির্যুধিষ্ঠিরমভাষত ॥৭॥

যুধিষ্ঠির উবাচ।

রাজপুত্রা ইমে রাজন্! শোভন্তে যৈর্বিভূষিতাঃ।
কুণ্ডলানি চ নিষ্কাশ্চ সর্ব্বং রাজবিভূষণম্।
এতন্মে রাজন্! মম ধনং তেন দীব্যাম্যহং ত্বয়া ॥৮॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা ব্যবসিতো নিকৃতিং সমুপাশ্রিতঃ।
জিতমিত্যেব শকুনির্যুধিষ্ঠিরমভাষত ॥৯॥

যুধিষ্ঠির উবাচ।

শ্যামো যুবা লোহিতাক্ষঃ সিংহস্কন্ধো মহাভুজঃ।
নকুলো গ্লহ এবৈকো বিদ্ধ্যেতন্মম তদ্ধনম্ ॥১০॥

ভারতকৌমুদী

পুরমিতি। ভূমী রাজ্যম্। এতৎ ধনং মম শিষ্টমবশিষ্টম্। ষট্পদমিদং পদ্যম্ ॥৬॥
এতদিতি। পূর্ব্বসমানার্থমিদম্ ॥৭॥
রাজেতি। ইমে ভীমাদয়ঃ। নিষ্কা বক্ষোভূষণানি। ইদমপি ষট্পদং পদ্যম্ ॥৮॥
এতদিতি। বিবৃতপূর্ব্বমিদম্ ॥৯॥

যুধিষ্ঠির বলিলেন—"রাজধানী, দেশ, তদ্ভিন্ন রাজ্য, ব্রাহ্মণের ধনভিন্ন অন্য সমস্ত ধন এবং ব্রাহ্মণভিন্ন অন্য সকল পুরুষ—এই ধনই আমার অবশিষ্ট রহিয়াছে এবং ইহাই আমার পণ, ইহা দ্বারাই আমি আপনার সহিত খেলা করিব" ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—ইহা শুনিয়া শকুনি খেলায় প্রবৃত্ত হইলেন এবং শঠতাপূর্ব্বক জয় করিয়া যুধিষ্ঠিরকে কহিলেন—'এই জিতিলাম' ॥৭॥

যুধিষ্ঠির কহিলেন—"রাজা! এই ভীমপ্রভৃতি রাজপুত্রেরা যে সকল অলঙ্কার দ্বারা অলঙ্কৃত হইয়া শোভা পাইতেছেন এবং এই সকল কুণ্ডল ও কণ্ঠভূষণ—এই সমস্ত রাজভূষণই আমার পণ এবং ইহা দ্বারাই আমি আপনার সহিত খেলা করিব" ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—ইহা শুনিয়া শকুনি খেলায় প্রবৃত্ত হইলেন এবং শঠতাপূর্ব্বক জয় করিয়া যুধিষ্ঠিরকে কহিলেন—'এই জিতিলাম' ॥৯॥

---

(৮)···সর্ব্বমঙ্গবিভূষণম্·। (১০)···নকুলো গ্লহ একো মে যচ্চাস্যান্তর্গতং ধনম্।

শকুনিরুবাচ।

প্রিয়স্তে নকুলো রাজন্। রাজপুত্রো যুধিষ্ঠির।
অস্মাকং বশতাং প্রাপ্তো ভূয়ঃ কেনেহ দীব্যসি ॥১১॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা তু তানক্ষান্ শকুনিঃ প্রত্যপদ্যত।
জিতমিত্যেব শকুনির্যুধিষ্ঠিরমভাষত ॥১২॥

যুধিষ্ঠির উবাচ।

অয়ং ধর্ম্মান্ সহদেবোঽনুশাস্তি লোকে হ্যস্মিন্ পণ্ডিতাখ্যাং গতশ্চ।
অনর্হতা রাজপুত্রেণ তেন দীব্যাম্যহঞ্চাপ্রিয়বৎ প্রিয়েণ ॥১৩॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা ব্যবসিতো নিকৃতিং সমুপাশ্রিতঃ।
জিতমিত্যেব শকুনির্যুধিষ্ঠিরমভাষত ॥১৪॥

ভারতকৌমুদী

শ্যাম ইতি। নকুল এব একো গ্রহঃ পণঃ, এতদেব চ মম তস্য দ্যূতস্য ধনম্ ॥১০॥

প্রিয় ইতি। যদি জয়েনাস্মাকং বশতাং প্রাপ্তো ভবেত্তদা কেনেহ দীব্যসি ক্রীড়সি ॥১১॥

এবমিতি। অক্ষান্ গুটিকাঃ, প্রত্যপদ্যত প্রত্যগৃহ্লাৎ ॥১২॥

অয়মিতি। অনুশাস্তি উপদিশতি। অনর্হতা পণত্বং প্রাপ্তুময়োগ্যেন। এতেন নকুলাপেক্ষয়া সহদেবস্যাধিকপ্রিয়ত্বং সূচিতম্। অতএব নকুলঃ প্রাক্ পণতাং নীতঃ ॥১৩॥

এতদিতি। ব্যবসিতঃ ক্রীড়িতুং প্রবৃত্তঃ, নিকৃতিং শঠতাম্ ॥১৪॥

যুধিষ্ঠির কহিলেন—"শ্যামবর্ণ, যুবক, রক্তনয়ন, সিংহস্কন্ধ ও মহাবাহু নকুলই আমার একটী পণ, বর্ত্তমান সময়ে ইহাই আমার দ্যূতক্রীড়ার ধন জানিবেন" ॥১০॥

শকুনি বলিলেন—"রাজা যুধিষ্ঠির। তোমার প্রিয় এবং রাজপুত্র নকুল যদি জয় করার জন্য আমাদের অধীন হয়, তবে তুমি অন্য কোন্ বস্তু দ্বারা খেলা করিবে?" ॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়া শকুনি গুটি ধরিলেন এবং যুধিষ্ঠিরকে কহিলেন— 'এই জিতিলাম' ॥১২॥

যুধিষ্ঠির বলিলেন—"এই সহদেব ধর্ম্মের উপদেশ দিয়া থাকেন; এই জন্যই ইনি জগতে পণ্ডিতনাম লাভ করিয়াছেন, অতএব ইনি পণের যোগ্য নহেন, অথচ আমার প্রিয়; তথাপি আমি অপ্রিয় বস্তুর ন্যায় ইঁহা দ্বারা খেলা করিব" ॥১৩॥

---

(১১)…ভূয়ঃ কেনেহ দীব্যসে।

শকুনিরুবাচ।

মাদ্রীপুত্রৌ প্রিয়ৌ রাজন্! তবেমৌ বিজিতৌ ময়া।
গরীয়াংসৌ তু তে মন্যে ভীমসেনধনঞ্জয়ৌ ॥১৫॥

যুধিষ্ঠির উবাচ।

অধর্ম্মং চরসে নূনং যো নাবেক্ষসি সৌহৃদম্।
যো নঃ সুমনসাং মূঢ়! বিভেদং কর্ত্তুমিচ্ছসি ॥১৬॥

শকুনিরুবাচ।

গর্ত্তে মত্তঃ প্রপততি প্রমত্তো বহু ভাষতে।
জ্যেষ্ঠো রাজা বরিষ্ঠোঽসি নমস্তে ভরতর্ষভ! ॥১৭॥

ভারতকৌমুদী।

মাদ্রীতি। গরীয়াংসৌ প্রিয়ত্বে গুরুতরৌ। অতএবেতৌ ন পণীক্রিয়েতে ইত্যাশয়ঃ ॥১৫॥

অধর্ম্মমিতি। সৌহৃদমস্মাকং সৌভ্রাত্রম্। সুমনসাং পরস্পরসমানপ্রণয়াৎ প্রশস্তচিত্তানাম্, নঃ অস্মাকং মধ্যে, বিভেদং বাক্‌কৌশলেন পরস্পরবৈমনস্যম্ ॥১৬॥

গর্ত্ত ইতি। হে ভরতর্ষভ। মদ্যপানাদিনা মত্তো জনঃ, গর্ত্তে প্রপততি, প্রমত্তঃ তথৈব প্রকৃষ্টমত্তো জনঃ বহু ভাষতে। ইতশ্চ ত্বং বয়সা জ্যেষ্ঠঃ, গুণৈর্বরিষ্ঠঃ, রাজা চাসি। অতএব তে নমঃ ক্ষমালাভায় মমেয়ং নতিরস্তু ॥১৭॥

ভারতভাবদীপঃ

বহিরিতি। পরার্জৈর্বীর্হারিতবান্ ॥১—৩॥ (পাঠান্তরে) সপরং সাধিকং পরার্দ্ধাদপ্যধিকম্ ॥১॥ পর্ণাশা নদী ॥৪—১২॥ অপ্রিয়বৎ প্রিয়মপি দ্যূতে ত্যজামীত্যর্থঃ ॥১৩—১৫॥ সুমনসাং

বৈশম্পায়ন কহিলেন—ইহা শুনিয়া শকুনি খেলায় প্রবৃত্ত হইলেন এবং শঠতাপূর্ব্বক জয় করিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—'এই জিতিলাম' ॥১৪॥

শকুনি বলিলেন—"রাজা। তোমার প্রিয় নকুল ও সহদেবকে ত আমি এই জিতিলাম, কিন্তু আমি মনে করি, ভীম ও অর্জ্জুন তোমার অধিক প্রিয়" ॥১৫॥

যুধিষ্ঠির বলিলেন—"মূর্খ। তুমি আমাদের পরস্পর সৌহার্দ্দ দেখিতেছ না এবং পরস্পর সমান প্রণয় থাকায় আমাদের হৃদয় প্রশস্ত থাকা সত্ত্বেও তুমি আমাদের মধ্যে ভেদ জন্মাইবার ইচ্ছা করিতেছ; সুতরাং তুমি নিশ্চয়ই পাপ করিতেছ" ॥১৬॥

শকুনি কহিলেন—"হে ভরতশ্রেষ্ঠ! মত্ত লোক গর্ত্তে পতিত হয় এবং অধিকমত্ত লোক বহু কথা বলে। সে যাহা হউক, তুমি রাজা এবং আমা-

(১৫)...তবেমৌ বিদিতৌ ময়া· তৌ মন্যে··। (১৬) যো নাবেক্ষসি বৈ নয়ম্···।
(১৭)...প্রমত্তঃ স্থাণুমৃচ্ছতি জ্যেষ্ঠো রাজন্···।

স্বপ্নে তানি ন পশ্যন্তি জাগ্রতো বা যুধিষ্ঠির।।
কিতবা যান দীব্যন্তঃ প্রলপন্ত্যুৎকটানি চ ॥১৮॥

যুধিষ্ঠির উবাচ।

যো নঃ সংখ্যে নৌরিব পারনেতা জেতা রিপূণাং রাজপুত্রস্তরস্বী।
অনর্হতা রাজপুত্রেণ তেন দীব্যাম্যহং শকুনে। ফাল্গুনেন ॥১৯॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা ব্যবসিতো নিকৃতিং সমুপাশ্রিতঃ।
জিতমিত্যেব শকুনির্যুধিষ্ঠিরমভাষত ॥২০॥

ভারতকৌমুদী

স্বপ্ন ইতি। হে যুধিষ্ঠির। কিতবা দ্যূতকারাঃ, দীব্যন্তঃ ক্রীড়ন্তঃ ক্রীড়য়া মাদ্যন্তঃ সন্তঃ, যানি উৎকটানি চ তীব্রাণ্যপি বচনানি, প্রলপন্তি অনর্থকং ব্রুবন্তি, জনাঃ স্বপ্নে জাগ্রতো দশায়াং বা, তানি তদ্বিষয়ান্ ন পশ্যন্তি। অতো দ্যূতমত্তস্য মে বচনং ন গ্রাহ্যমিতি ভাবঃ ॥১৮॥

য ইতি। সংখ্যে সমুদ্রসদৃশে যুদ্ধে। তরস্বী বীরঃ "তরস্বী শূরবেগিনোঃ" ইতি মেদিনী। অনর্হতা পণনায়োগ্যেন, ফাল্গুনেন অর্জ্জুনেন, দীব্যামি ক্রীড়ামি ॥১৯॥

এতদিতি। ব্যাখ্যাতপূর্ব্বমিদম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

পরস্পরমৈকমত্যবতাম্, ভেদং বৈমত্যম্ ॥১৬॥ মত্তো বিত্তবিবশচিত্তত্বেনাধর্ম্মকর্ত্তা। স গর্ত্তে নরকে, স্থাণুং স্থাণুত্বমৃচ্ছতি প্রাপ্নোতি। আচ্ছর্ত্তীতি পাঠে আঙ্পূর্ব্বস্য রূপম্। জ্যেষ্ঠো বয়সাধিকঃ। বরিষ্ঠো গুণৈরধিকঃ ॥১৭॥ মত্তত্বমেবাহ—স্বপ্ন ইতি। মত্তস্য মম বচঃ ক্ষন্তব্যমিতি

অপেক্ষা বয়সে জ্যেষ্ঠ ও গুণে শ্রেষ্ঠ, অতএব তোমার নিকট আমি অবনত হইতেছি ॥১৭॥

দেখ—যুধিষ্ঠির। দ্যূতকারেরা খেলায় মত্ত হইয়া যে সকল উৎকট বিষয় বলে, তাহা কোন লোকই স্বপ্নে বা জাগ্রদবস্থায় দেখে না" ॥১৮॥

যুধিষ্ঠির বলিলেন—"শকুনি। যিনি যুদ্ধে নৌকার ন্যায় আমাদিগকে পরপারে লইয়া যান, যিনি শত্রুদিগকে জয় করেন এবং যিনি মহাবীর, পণের অযোগ্য রাজপুত্র সেই অর্জ্জুন দ্বারা আমি খেলা করিব" ॥১৯॥

বৈশম্পায়ন বলিলেন—ইহা শুনিয়া শকুনি শঠতাপূর্ব্বক জয় করিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—"এই জিতিলাম" ॥২০॥

---

(১৮)·· প্রলপন্ত্যুৎকটা ইব। (২০) শ্লোকাৎ পরম্ ইদমধিকং কুত্রচিদ্দৃশ্যতে। যথা— "শকুনিরুবাচ। অয়ং ময়া পাণ্ডবানাং ধনুর্দ্ধরঃ পরাজিতঃ পাণ্ডবঃ সব্যসাচী। ভীমেন রাজন্! দয়িতেন দীব্য যৎ কৈতবং পাণ্ডব। তেঽবশিষ্টম্।"

যুধিষ্ঠির উবাচ।

যো নো নেতা যো যুধি নঃ প্রণেতা যথা বজ্রী দানবশত্রুরেকঃ।
তির্য্যক্‌প্রেক্ষী সন্নতভ্রূর্মহাত্মা সিংহস্কন্ধো যশ্চ সদাত্যমর্ষী ॥২১॥
বলেন তুল্যো যস্য পুমান্ ন বিদ্যতে গদাভৃতামগ্র্য ইহারিমর্দ্দনঃ।
অনর্হতা রাজপুত্রেণ তেন দীব্যাম্যহং ভীমসেনেন রাজন্। ॥২২॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা ব্যবসিতো নিকৃতিং সমুপাশ্রিতঃ।
জিতমিত্যেব শকুনির্যুধিষ্ঠিরমভাষত ॥২৩॥

শকুনিরুবাচ।

বহু বিত্তং পরাজৈষীর্ভ্রাতৄংশ্চ স-হয়-দ্বিপান্।
আচক্ষ্ব বিত্তং কৌন্তেয়। যদি তেঽস্ত্যপরাজিতম্ ॥২৪॥

ভারতকৌমুদী

য ইতি। নেতা প্রভুঃ, প্রণেতা পরিচালকঃ। বজ্রী ইন্দ্রঃ। তির্য্যক্‌প্রেক্ষী বক্রদৃষ্টিকারী। অত্যমর্ষী অতীবকোপনঃ। অগ্র্যঃ প্রধানঃ। অনর্হতা পণনাযোগ্যেন। দীব্যামি ক্রীডামি ॥২১—২২॥

এতদিতি। প্রাগ্‌ব্যাখ্যাতমিদম্ ॥২৩॥

বহ্বিতি। হে কৌন্তেয়। ত্বম্, বহু বিত্তং রাজ্যাদিধনম্, হয়ৈরশ্বৈঃ দ্বিপৈর্হস্তিভিশ্চ সহেতি সহয়দ্বিপাস্তান্ ভ্রাতৄংশ্চ, পরাজৈষীর্হারিতবান্। ইদানীমপরাজিতং তে বিত্তং ধনং যদি বিদ্যতে, তদাচক্ষ্ব ব্রূহি ॥২৪॥

যুধিষ্ঠির বলিলেন—"অসুরশত্রু ইন্দ্রের ন্যায় যিনি আমাদের একমাত্র নায়ক, যিনি যুদ্ধে আমাদের পরিচালক, যিনি বক্রভাবে দৃষ্টিপাত করিয়া থাকেন, যাঁহার ভ্রূযুগল অবনত এবং সিংহের ন্যায় স্কন্ধযুগল, আর যিনি উদারচেতা এবং সর্ব্বদাই অত্যন্ত কোপনস্বভাব, যাঁহার তুল্য বলবান্ পুরুষ জগতে বিদ্যমান নাই এবং যিনি গদাধারীদিগের মধ্যে প্রধান ও শত্রুমর্দ্দনকারী, পণের অযোগ্য রাজপুত্র সেই ভীমসেন দ্বারা আমি খেলা করিব" ॥২১—২২॥

বৈশম্পায়ন বলিলেন – ইহা শুনিয়া শকুনি খেলায় প্রবৃত্ত হইলেন এবং শঠতা-পূর্ব্বক জয় করিয়া যুধিষ্ঠিরকে কহিলেন—"এই জিতিলাম" ॥২৩॥

শকুনি পুনরায় কহিলেন—"যুধিষ্ঠির। তুমি বহুতর ধন এবং হস্তী ও অশ্বের সহিত ভ্রাতৃগণকে হারিয়াছ, এখন তোমার অপরাজিত যদি কোন ধন থাকে, তবে তাহার কথা বল" ॥২৪॥

(২২)···অগ্র্য ইবারিমর্দ্দনঃ···। (২৪)· ·ভ্রাতৄংশ্চ সহজপ্রিয়ান্···।

যুধিষ্ঠির উবাচ।

অহং বিশিষ্টঃ সর্ব্বেষাং ভ্রাতৄণাং দয়িতস্তথা।
কুর্য্যামহং জিতঃ কর্ম্ম স্বয়মাত্মা মম গ্লহঃ ॥২৫॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা ব্যবসিতো নিকৃতিং সমুপাশ্রিতঃ।
জিতমিত্যেব শকুনির্যুধিষ্ঠিরমভাষত ॥২৬॥

শকুনিরুবাচ।

এতৎ পাপিষ্ঠমকরোর্যদাত্মানমহারয়ঃ।
শিষ্টে সতি ধনে রাজন্। পাপ আত্মপরাজয়ঃ ॥২৭॥
অস্তি তে বৈ প্রিয়া রাজন্। গ্লহ একোঽপরাজিতঃ।
পণস্ব কৃষ্ণাং পাঞ্চালীং তয়াত্মানং পুনর্জয় ॥২৮॥

ভারতকৌমুদী

অহমিতি। বিশিষ্টো জ্যেষ্ঠঃ, দয়িতঃ প্রিয়ঃ। অহং জিতঃ সন্ স্বয়মেব জেতুঃ কর্ম্ম দাস্যং [কু]র্য্যাম্, ইতি বিভাব্য ময়া মম আত্মৈব গ্লহঃ পণঃ ক্রিয়তে ॥২৫॥

এতদিতি। বিবৃতপূর্ব্বমিদম্ ॥২৬॥

এতদিতি। পাপিষ্ঠং পাপজনকং কর্ম্ম। শিষ্টে অবশিষ্টে ॥২৭॥

অথ কিং নামাবশিষ্টং ধনমিত্যাহ—অস্তীতি। গ্লহঃ পণঃ। পুনর্জয় উদ্ধর ॥২৮॥

ভারতভাবদীপঃ

[র]াবঃ ॥১৮॥ সংখ্যে সংগ্রামে, তরস্বী বেগবান্ ॥১৯॥ (পাঠান্তরে) কৈতবং কিতবেভ্য আহর্ত্তব্যং [ধ]নম্ ॥২০—২৪॥ উপপ্লুতে জিতে ॥২৫—২৬॥ পাপিষ্ঠমত্যধমম্, পাপঃ পাপহেতুঃ ॥২৭॥ [(প]াঠান্তরে) গ্লহে পণবিষয়ে, রাজানং প্রতি এবমুক্ত্বা রাজ্ঞাং পাণ্ডবানাং পরাজয়ঞ্চ লোকবীরান্ [প্র]তি উক্ত্বা শকুনিরুবাচেত্যুত্তরেণ সম্বন্ধঃ ॥১॥ আত্মানং প্রতিপণং পুনর্জয় দাস্যান্মোচয়।

যুধিষ্ঠির বলিলেন—"আমি সমস্ত ভ্রাতাদের মধ্যে জ্যেষ্ঠ এবং তাঁহাদের প্রিয়, আমি বিজিত হইলে নিজেই বিজেতার দাসত্ব করিব—ইহা ভাবিয়া আমার আত্মাকেই পণ করিলাম" ॥২৫॥

বৈশম্পায়ন বলিলেন—ইহা শুনিয়া শকুনি খেলায় প্রবৃত্ত হইলেন এবং শঠতা-[প]ূর্ব্বক জয় করিয়া যুধিষ্ঠিরকে কহিলেন—"এই জিতিলাম" ॥২৬॥

পুনরায় শকুনি বলিলেন—"রাজা! অবশিষ্ট ধন থাকিতে তুমি যে আপনাকে হারিলে, ইহা পাপের কার্য্য করিয়াছ, কারণ, আত্মপরাজয় পাপ ॥২৭॥

(২৫)…স্বয়মাত্মন্যুপপ্লুতে। (২৭) যদাত্মানং পরাজয়ঃ। ইতঃ পরং ক্বচিদিদং দৃশ্যতে। [য]থা—"বৈশম্পায়ন উবাচ। এবমুক্ত্বা মতাক্ষস্তান্ গ্লহে সর্ব্বানবস্থিতান্। পরাজয়ল্লোক-[ব]ীরানক্ষানুপ্ত্বা পৃথক্ পৃথক্ ॥"

যুধিষ্ঠিব উবাচ।

নৈব হ্রস্বা ন মহতী নাতিকৃষ্ণা ন বোহিণী।
নীলকুঞ্চিতকেশী চ তযা দীব্যাম্যহং ত্বযা ॥২৯॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যেবমুক্তে বচনে ধর্ম্মবাজেন ভাবত।।
ধিগ্ ধিগিত্যেব বৃদ্ধানাং সভ্যানাং নিঃসৃতা গিবঃ ॥৩০॥

ভাবতকৌমুদী

নেতি। নৈব হ্রস্বা ন খর্ব্বা, ন মহতী ন দীর্ঘা, নাতিকৃষ্ণা, ন বোহিণী ন বক্তবর্ণা শ্যামবর্ণেত্যর্থঃ। নীলাঃ কৃষ্ণাঃ কুঞ্চিতা বক্রবক্রাশ্চ কেশা যস্যাঃ সা তাদৃশী চ, তযা প্রাগুক্তযা পাঞ্চাল্যা, অহং ত্বযা সার্দ্ধম্, দীব্যামি ক্রীডামি ॥২৯॥

ইতীতি। পাঞ্চাল্যাঃ পণতাযাং প্রণোদযিতুঃ শকুনের্নিন্দাযামেকো ধিক্‌শব্দঃ, অপবশ্চ দ্যূতে নিতান্তমত্তস্য যুধিষ্ঠিবস্য নিন্দাযাং প্রবর্ত্তযিতুর্দুর্য্যোধনস্য নিন্দাযাং বা ॥৩০॥

ভাবতভাবদীপঃ

নো চেদ্দ্রৌপদী বাস্মদ্দাসী ভবিষ্যতীত্যর্থঃ ॥২৮॥ নাতিবোহিণী নাতিবক্তা ॥২৯—৩২॥ (পাঠান্তবে) শাবদোৎপলসেবিন্যা লক্ষ্ম্যা রূপেণ সমানযা। শ্রিযা লাবণ্যসৌভাগ্যাদিরূপযা চ সমানযা। শ্রীতি ভিন্নং পদম্, ছান্দসতৃতীযাযা লুক্‌পূর্ব্বসবর্ণো বা ॥১॥ তথৈবেতি লক্ষ্মীসাম্যমুচ্যতে ॥২॥ ধর্ম্মকামার্থসিদ্ধিং ধর্ম্মকামযোবর্থযোঃ সিদ্ধির্যযা সা তথা তাম্। অর্থামিতি পাঠে সিদ্ধিমিব সিদ্ধিম্ ॥৩ ৪॥ মল্লিকেব স্তবভিবিতি শেষঃ। সম্মোদো মল্লিকেব চেতি গৌডপাঠে সম্মোদঃ পবিমলঃ। বেদীব কৃশমধ্যা ॥৫॥ স্তমধ্যযা স্তুন্দবমধ্যযা ॥৬॥ আকাবং

বাজা। তোমাব প্রিয়তমারূপ একটী পণ এখনও অপবাজিত বহিয়াছে; অতএব সেই পাঞ্চালনন্দিনী দ্রৌপদীকে পণ ধব এবং তাঁহা দ্বাবাই আপনাকে মুক্ত কব" ॥২৮॥

যুধিষ্ঠিব বলিলেন—"যিনি খর্ব্বা নহেন, দীর্ঘাও নহেন এবং অত্যন্ত কৃষ্ণবর্ণা নহেন, বক্তবর্ণাও নহেন, আর যাঁহাব কেশকলাপ কৃষ্ণবর্ণ এবং বক্রবক্র, সেই দ্রৌপদী দ্বাবাই আমি আপনাব সহিত খেলা কবিব" ॥২৯॥

---

(২৯) ন কৃশা নাপি বোহিণী। ইতঃ পবং ষট্‌শ্লোকাঃ কতিপযপুস্তকে অধিকা দৃশ্যন্তে। যথা—"শাবদোৎপলপত্রাক্ষ্যা শাবদোৎপলগন্ধযা। শাবদোৎপলসেবিন্যা রূপেণ শ্রীসমানযা ॥১॥ তথৈবাস্যা আনৃশংস্যাত্তথাস্যা রূপসম্পদা। তথাস্যাঃ শীলসম্পত্ত্যা নাস্তি যোষিৎ সমা ক্বচিৎ ॥২॥ সর্ব্বৈর্গুণৈর্হি সম্পন্নামনুকূলাং প্রিযংবদাম্। যাদৃশীং ধর্ম্মকামার্থসিদ্ধিমিচ্ছেন্নবঃ স্ত্রিযম্ ॥৩॥ চবমং সংবিশতি যা প্রথমং প্রতিবুধ্যতে। আগোপালাবিপালেভ্যঃ সর্ব্বং বেদ কৃতাকৃতম্ ॥৪॥ আভাতি পদ্মবদ্বক্ত্রং সস্বেদং মল্লিকেব চ। বেদিমধ্যা দীর্ঘকেশী তাম্রাক্ষী নাতিলোমশা ॥৫॥ তযৈবংবিধযা বাজন্। পাঞ্চাল্যাহং স্তমধ্যযা। গ্লহং দীব্যামি চার্ব্বঙ্গ্যা দ্রৌপদ্যা হন্ত সৌবল। ॥৬॥"

চুক্ষুভে সা সভা রাজন্। রাজ্ঞাং সংজজ্ঞিরে শুচঃ।
ভীষ্মদ্রোণকৃপাদীনাং স্বেদশ্চ সমজায়ত ॥৩১॥
শিবো গৃহীত্বা বিদুরো গতসত্ত্ব ইবাভবৎ।
আস্তে ধ্যায়ন্নধোবক্ত্রো নিশ্বসন্নিব পন্নগঃ ॥৩২॥
ধৃতরাষ্ট্রস্তু সংহৃষ্টঃ পর্য্যপৃচ্ছৎ পুনঃ পুনঃ।
কিং জিতং কিং জিতমিতি হ্যাকারং নাভ্যরক্ষত ॥৩৩॥
জহর্ষ কর্ণোঽতিভৃশং সহ দুঃশাসনাদিভিঃ।
ইতরেষান্তু সভ্যানাং নেত্রেভ্যঃ প্রাপতজ্জলম্ ॥৩৪॥
সৌবলস্ত্বভিধায়ৈবং জিতকাশী মদোৎকটঃ।
জিতমিত্যেব তানক্ষান্ পুনরেবান্বপদ্যত ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং সভাপর্ব্বণি দ্যূতে দ্রৌপদীপরাজয়ে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

চুক্ষুভ ইতি। চুক্ষুভে বিচচাল। শুচঃ শোকাঃ। স্বেদঃ ক্রোধজো ঘর্ম্মঃ ॥৩১॥

শিব ইতি। গতসত্ত্বো নির্গতপ্রাণ ইব, শোকরোষাত্যতিশয়েন নিস্পন্দত্বাদিতি ভাবঃ ॥৩২॥

ধৃতেতি। আকারং হর্ষোৎফুল্লাকৃতিম্, নাভ্যরক্ষত ন গোপয়িতুমশক্নোৎ। এতেন তদানীং দুর্য্যোধনাদিহর্ষাবগমাজ্জয়াতিরেকাচ্চ ধৃতরাষ্ট্রস্যাপি বিকার আসীদিতি প্রতীয়তে ॥৩৩॥

জহর্ষেতি। নেত্রেভ্যো জলং প্রাপতৎ, পাণ্ডবাবস্থাদর্শনেন শোকোদয়াদিত্যাশয়ঃ ॥৩৪॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয়! যুধিষ্ঠির এইরূপ বলিলে, বৃদ্ধ সভ্যগণের মুখ হইতে 'ধিক্ ধিক্' এইরূপ বাক্য নির্গত হইল ॥৩০॥

মহারাজ জনমেজয়! তখন সেই সভাটাই বিচলিত হইয়া উঠিল, রাজাদের শোক উপস্থিত হইল এবং ভীষ্ম, দ্রোণ ও কৃপপ্রভৃতির ঘর্ম্ম নির্গত হইতে লাগিল ॥৩১॥

আর, বিদুর মস্তক ধারণ করিয়া প্রাণহীনের ন্যায় হইয়া পড়িলেন এবং সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করতঃ অধোবদন হইয়া রহিলেন ॥৩২॥

কিন্তু ধৃতরাষ্ট্র আনন্দিত হইয়া বার বার জিজ্ঞাসা করিতে লাগিলেন যে, "কি জয় করিলে? কি জয় করিলে?" এবং তিনি আকার গোপন করিতে পারিলেন না ॥৩৩॥

কর্ণ দুঃশাসনপ্রভৃতির সহিত মিলিত হইয়া অত্যন্ত আনন্দ প্রকাশ করিতে লাগিলেন; আর অন্যান্য সভ্যগণের নয়ন হইতে জল পড়িতে লাগিল ॥৩৪॥

---

* '.. চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ', '.. পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ', '.. অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ'।

ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ।

—:*:—

দুর্য্যোধন উবাচ।

এহি ক্ষত্তর্দ্রৌপদীমানয়স্ব প্রিয়াং ভার্য্যাং সম্মতাং পাণ্ডবানাম্।
সম্মার্জতাং বেশ্ম পরৈতু শীঘ্রং তত্রাস্তু দাসীভিরপুণ্যশীলা ॥১॥

বিদুর উবাচ।

দুর্বিভাব্যং ভাষিতং ত্বাদৃশেন ন মন্দ। সংবুধ্যসি পাশবদ্ধঃ।
প্রপাতে ত্বং লম্বমানো ন বেৎসি ব্যাঘ্রান্ মৃগঃ কোপয়সেঽতিবেলম্ ॥২॥

ভারতকৌমুদী

সৌবল ইতি। জিতেন জয়েন কাশতে দীপ্যত ইতি জিতকাশী জয়নিবন্ধনহর্ষোৎফুল্লাকৃতিরিত্যর্থঃ, মদোৎকটো দ্যূতমত্ততয়া উদ্ধতশ্চ, সৌবলঃ শকুনিঃ, এবম্ "অস্তি তে বৈ প্রিয়া রাজন্।" ইত্যাদিরূপম্, অভিধায় উক্ত্বা, জিতমিত্যেব ব্যক্তীকৃত্যেতি শেষঃ, পুনরেব তান্ অক্ষান্ গুটিকাঃ, অন্বপদ্যত অগৃহ্ণাৎ, পূর্ব্ববদজয়চ্চেতি ভাবঃ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং সভাপর্ব্বণি দ্যূতে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

পাণ্ডবপক্ষপাতিনং মত্বা বিদুরং নির্ঘাতয়িতুমাহ—এহীতি। হে ক্ষত্তঃ! বিদুর! এহি, সম্মতাং সর্ব্বগুণসম্পন্নতয়া মনোনীতাং পাণ্ডবানাং প্রিয়াং ভার্য্যাং দ্রৌপদীম্, এতাং সভামানয়স্ব। বেশ্ম অস্মদীয়ং গৃহং সম্মার্জ্জতাম্, শীঘ্রং পরৈতু আত্মনো দাসীত্বমবগন্তুমাত্রাগচ্ছতু পরঞ্চ অপুণ্যশীলা সা, তত্রাস্মাকমন্তঃপুরে গত্বা দাসীভিঃ সহ সম্মিলিতা অস্তু ॥১॥

ভারতভাবদীপঃ

হর্ষকৃতং স্বাভিপ্রায়ম্ ॥৩৩—৩৪॥ এবমভিধায় "অস্তি বৈ তে প্রিয়া রাজন্।" ইত্যাদিকমুক্ত্বা, জিতকাশী জয়শোভী ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে সভাপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬২॥

—:*:—

তখন জয়োৎফুল্ল ও মদমত্ত শকুনি পূর্ব্বোক্তরূপ বলিয়া "ইহাও জিতিলাম" এই কথা কহিয়া পুনরায় সেই গুটীগুলি ধরিলেন ॥৩৫॥

—:*:—

দুর্য্যোধন বলিলেন—"বিদুর! এই দিকে আইস, তুমি যাইয়া পাণ্ডবগণের মনোনীতা প্রিয়তমা ভার্য্যা দ্রৌপদীকে এখানে আনয়ন কর, সেই পাপশীলা গৃহ সম্মার্জ্জন করিবে; সুতরাং সে সত্বর এখানে আসুক, পরে অন্তঃপুরে যাইয়া অন্যান্য দাসীদের সহিত মিলিত হউক" ॥১॥

---

(১)·সামান্যমস্যাঃ সহ দাসীভিরস্তু···। (২)···দুর্বিভাব্যং কোপয়সীব বাল্যাৎ।

আশীবিষাস্তে শিবসি পূর্ণকোপা মহাবিষাঃ।
মা কোপিষ্ঠাঃ সুমন্দাত্মন্। মা গমস্ত্বং যমক্ষয়ম্ ॥৩॥
নহি দাসীত্বমাপন্না কৃষ্ণা ভবিতুমর্হতি।
অনীশেন হি রাজ্ঞৈষা পণে ন্যস্তেতি মে মতিঃ ॥৪॥
অয়ং ধত্তে বেণুরিবাত্মঘাতী ফলং রাজা ধৃতরাষ্ট্রস্য পুত্রঃ।
দ্যূতং হি বৈরায় মহাভয়ায় মত্তো ন বুধ্যত্যয়মন্তকালে ॥৫॥

ভারতকৌমুদী

দুর্বিভাব্যমিতি। হে মন্দ! মূঢ়! ত্বাদৃশেন জনেনৈব, দুর্বিভাব্যম্ অচিন্ত্যমেব বস্তু, ভাবিতং স্যাৎ। দৈবেন পাশবদ্ধস্ত্বং ন সংবুধ্যসি, ত্বং প্রপাতে ভৃগৌ উচ্চদেশে লম্বমানোঽসি, মৃগো মৃগরূপস্ত্বম্, ব্যাঘ্রান্ ব্যাঘ্ররূপান্ পাণ্ডবান্, অতিবেলং ভৃশং কোপয়সে ইতি ন বেৎসি ॥২॥

আশীতি। হে সুমন্দাত্মন্! অতীবমূঢ়মতে। তে তব শিবসি, পূর্ণকোপা মহাবিষাশ্চ, আশীবিষাঃ সর্পাস্তিষ্ঠন্তি, পাণ্ডবরূপেণেত্যাশয়ঃ। অতএব তান্ মা কোপিষ্ঠাঃ পুনরপি ন কোপয়, যমক্ষয়ং যমালয়ং মা গমঃ ॥৩॥

অথ দ্যূতজিতা দাসী ভবত্বিত্যুক্তৌ কো দোষঃ, যেন পাণ্ডবাঃ কুপ্যেয়ুঃ, ত্বমপি চ মাং নিন্দসীত্যাহ—নহীতি। কৃষ্ণা দ্রৌপদী, যুষ্মাকং দাসীত্বমাপন্না নহি ভবিতুমর্হতি। হি যস্মাৎ, অনীশেন দ্রৌপদ্যা অস্বামিনা, মরণেনেব পরাজয়েনাপি স্বামিত্বনাশাদিতি ভাবঃ, রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, এষা কৃষ্ণা, পণে ন্যস্তা স্থাপিতেতি মে মতিঃ সম্ভাবনা। তথা চ মরণেনেব পরাজয়েনাপি স্বামিত্বনাশাদুদাসীনস্যেব যুধিষ্ঠিরস্য দ্রৌপদীপণনমকিঞ্চিৎকরমেবেতি ভাবঃ ॥৪॥

অয়মিতি। অয়ং রাজা ধৃতরাষ্ট্রস্য পুত্রো দুর্য্যোধনঃ, বেণুর্বংশ ইব, আত্মঘাতী ফল-ধারণেনৈবাত্মানং হনিষ্যন্, ফলং পাণ্ডবধনলাভং শস্যঞ্চ ধত্তে। বংশো হি কদাচিৎ ফলং

ভারতভাবদীপঃ

এহীতি। বেশ্ম সম্মার্জ্জতাম্, পরৈতু পরাকৃতা ধিক্কৃতা সতী, এতু আযাতু ॥১॥ দুর্বিভাব্যং দুর্বিকল্পম্ ॥২—৪॥ বেণুঃ বেণাপরনাম রাজা, স হি ঐশ্বর্য্যং প্রাপ্য মান্যান্ অমানয়ন্

বিদুর কহিলেন—"মূর্খ! তোমার মত লোকই অভাবনীয় বিষয় বলিতে পারে, তুমি দৈবকর্তৃক পাশবদ্ধ হইয়া কিছুই বুঝিতেছ না, তুমি উচ্চস্থানে ঝুলিতেছ এবং তুমি হরিণ হইয়া ব্যাঘ্রদিগকে অত্যন্ত ক্রুদ্ধ করিতেছ, অথচ তাহা বুঝিতেছ না ॥২॥

হে অতিমূর্খ! তোমার মস্তকে পূর্ণকোপ মহাবিষ সর্পগণ অবস্থান করিতেছে; তুমি তাহাদিগকে আরও কুপিত করিও না, যমালয়ে যাইও না ॥৩॥

দ্রৌপদী দাসী হইতে পারেন না। কারণ, যুধিষ্ঠির (দ্যূতে হারিয়া) নিজে অস্বামী হইয়াই তাঁহাকে পণ রাখিয়াছিলেন, ইহাই আমার ধারণা ॥৪॥

---

(৪)…কৃষ্ণা ভবতি ভারত!…।

নারুন্তুদঃ স্যান্ন নৃশংসবাদী ন হীনতঃ পরমভ্যাদদীত।
যয়াস্য বাচা পর উদ্বিজেত ন তাং বদেদুষতীং পাপলোক্যাম্ ॥৬॥
সমুচ্চরন্ত্যতিবাদা হি বক্ত্রাদ্ যৈরাহতঃ শোচতি রাত্র্যহানি।
পরস্য নামর্ম্মসু তে পতন্তি তান্ পণ্ডিতো নাবসৃজেৎ পরেষু ॥৭॥
অজো হি শস্ত্রমগিলৎ কিলৈকঃ শস্ত্রে বিপন্নে শিরসাহস্য ভূমৌ।
নিকৃন্তনং স্বস্য কণ্ঠস্য ঘোরং তদ্বদ্বৈরং মা কৃথাঃ পাণ্ডুপুত্রৈঃ ॥৮॥

ভারতকৌমুদী

দধান এব ম্রিয়তে। "ফলং জাতিফলে শস্ত্রে হেতুত্থে ব্যুষ্টিলাভয়োঃ" ইতি মেদিনী। হি যস্মাৎ, দ্যূতং মহাভয়ায় মহাভয়জনকায় বৈরায় ভবতি, তচ্চায়ং মত্তো দুর্য্যোধনঃ, অন্তকালে ন বুধ্যতি ॥৫॥

নেতি। অরুন্তুদো মর্ম্মবেদনাদাতা ন স্যাৎ, নৃশংসবাদী নিষ্ঠুরভাষী ন স্যাৎ, হীনতো হীনেনোপায়েন, পরমন্যং জনম্, ন অভ্যাদদীত ন বশীকুর্ব্বীত। অস্য জনস্য যয়া বাচা, পর উদ্বিজেত, উষতীম্ অকল্যাণীম্, "উষতী বাগকল্যাণী" ইত্যমরঃ, পাপলোক্যাং পাপলোকজনিকাং তাং বাচং ন বদেৎ, সর্ব্বত্র শ্রেয়োহর্থী পুরুষ ইতি শেষঃ ॥৬॥

সমিতি। দুর্জ্জনস্য বক্ত্রাৎ, অতিবাদা মর্য্যাদালঙ্ঘনকারীণি বচনানি, সমুচ্চরন্তি নির্গচ্ছন্তি, যৈর্বাণৈরিবাতিবাদৈঃ, আহতো জনঃ, রাত্র্যহানি শোচতি। তে চ দুর্জ্জনাঃ, পরস্য অমর্ম্মসু মর্ম্মভিন্নস্থানেষু ন পতন্তি। অতএব পণ্ডিতো জনঃ, পরেষু মধ্যে তান্ দুর্জ্জনান্, নাবসৃজেৎ ন সংসৃজেৎ। ঈদৃশ এব দুর্জ্জনো দুর্য্যোধন ইত্যাশয়ঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

সত্তো নষ্ট এবময়মপীত্যর্থঃ ॥৫॥ অরুন্তুদঃ মর্ম্মভেদী। নৃশংসবাদী পরুষবাদী। হীনতঃ নীচেন কর্ম্মণা দ্যূতাদিনা, পরং শত্রুম্, অভ্যাদদীত বশে কুর্ব্বীত, উষতীং দাহিকাম্। রুশতীমিতি পাঠে অকল্যাণীম্। পাপলোক্যাং নরকাবহাম্ ॥৫—৭॥ অজো হি শস্ত্র-

---

হায়, বাঁশ যেমন নিজের মৃত্যুর জন্য ফল ধারণ করে, এই ধৃতরাষ্ট্রের পুত্রও সেইরূপ নিজের মৃত্যুর জন্য দ্যূতক্রীড়ায় জয়লাভ করিয়া ধনলাভ করিয়াছে। কারণ, দ্যূতক্রীড়াটা মহাভয়জনক শত্রুতার জন্যই হইয়া থাকে, ইহা কিন্তু মৃত্যুকালে এই মত্তেরটা বুঝিতেছে না ॥৫॥

কাহারও মর্ম্মে বেদনা দিবে না, কাহাকেও নিষ্ঠুর বাক্য বলিবে না, নিকৃষ্ট উপায়ে অন্যকে বশীভূত করিবে না এবং যে বাক্যে অন্যের উদ্বেগ হয়, সেরূপ অমঙ্গল ও পাপজনক বাক্য বলিবে না ॥৬॥

দুর্জ্জনের মুখ হইতে মর্য্যাদাহানিকর বাক্য নির্গত হইয়া থাকে, যে বাক্যবাণে আহত হইয়া অন্য লোক রাত্রিদিন দুঃখ অনুভব করে। দুর্জ্জনেরা পরের মর্ম্মস্থান ভিন্ন অন্য স্থানে পতিত হয় না, সুতরাং জ্ঞানী লোক অন্যের সংসর্গ করিতে হইলে সেরূপ দুর্জ্জনের সংসর্গ করিবেন না ॥৭॥

ন কিঞ্চিদিত্থং প্রবদন্তি পার্থা বনেচরং বা গৃহমেধিনং বা।
তপস্বিনং বা পরিপূর্ণবিদ্যং ভষন্তি হৈবং শ্বনরাঃ সদৈব ॥৯॥

ভারতকৌমুদী

কাঞ্চিদাখ্যায়িকামুদাহৃত্যোপদিশতি—অজ ইতি। হি তথাহি, একঃ কিল অজশ্ছাগঃ, ভূমৌ স্থাপিতমিতি শেষঃ, শস্ত্রং ঘাসচ্ছেদনাস্ত্রং ছুরিকামিতি যাবৎ, অগিলৎ তং ঘাসং ভুঞ্জানো নিগীর্ণবান্, পরঞ্চ তস্মিন্ শস্ত্রে, বিপন্নে তৎকণ্ঠপর্য্যন্তং গতে সতি, অস্য শস্ত্রস্য, শিরসা অগ্রদেশেন, স্বস্য তস্য চ্ছাগস্য কণ্ঠস্য, ঘোরং নিকৃন্তনং ছেদনং জাতম্। তদ্বৎ পাণ্ডুপুত্রৈঃ সহ বৈরং মা কৃথাঃ। ছুরিকামিব দ্রৌপদীং কণ্ঠ ইব সভায়াং প্রবেশ্য স ছাগ ইব কণ্ঠচ্ছেদনং ন প্রাপ্নুয়া ইতি ভাবঃ ॥৮॥

পাণ্ডবান্ প্রশংসন্ দুর্য্যোধনং নিন্দতি—নেতি। পার্থাঃ পাণ্ডবাঃ, ইত্থমেবং ত্বদুক্তমিবেত্যর্থঃ, কিঞ্চিদপি বচনম্, বনেচরং কিরাতং বা, গৃহমেধিনং গৃহস্থং বা, তপস্বিনং দীনং জনং বা "দীনশোচ্যৌ তপস্বিনৌ" ইত্যমরঃ, পরিপূর্ণবিদ্যং জনং বা, ন প্রবদন্তি। হা খেদে। শ্বানঃ কুক্কুরা ইব নরাঃ শ্বনরাঃ, সদৈব, এবং ভষন্তি ইত্থং শব্দায়ন্তে ॥৯॥

ভারতভাবদীপঃ

